শ্রোতুমিতি শেষঃ ॥৩৬—৪৮॥ যজ্ঞোপবীতৈঃ যজ্ঞসূত্রৈঃ, তীর্থং ত্রেতাগ্নীনামুত্তরভাগং তীর্থত্বেন শ্রৌতে প্রসিদ্ধং নির্ম্মিমায় নির্ম্মায়েত্যর্থঃ ॥৪৯॥ নিরাশং সরস্বতীজললাভে ইত্যর্থঃ ॥৫০—৫৪॥ কুঞ্জান্ আত্মনো বাসস্থানানি তীর্থবিশেষাণীত্যর্থঃ ॥৫৮—৬৩॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৫॥

——:০:——

মহারাজ! তাহার পর বলরাম সরস্বতীনদীর প্রধানতীর্থ সপ্তসারস্বতে আগমন করিলেন। সেখানে বহুতর ব্রাহ্মণ বাস করিতেন এবং বদরী, ইঙ্গুদ, গাম্ভারী, পর্কটী, অশ্বত্থ, বিভীতক, কক্কোল, পলাশ, করীর, পীলুবৃক্ষ, সরস্বতীনদীর তীরজাত অন্যান্য নানাবিধ বৃক্ষ, করূষবন, বিল্ববৃক্ষ, আম্রাতকবৃক্ষ, মাধবীলতাসমূহ, পারিজাত-বৃক্ষ ও বহুতর কদলীবন থাকায়, সে স্থানটী দেখিতে সুন্দর ও চিত্ত আকর্ষণ করে। বায়ুভোজী, জলপায়ী, ফলাশী ও পর্ণভোজী, দন্তনিষ্পেষণে শস্যভক্ষী,

(৫৮)···বদরেঙ্গুদশাখাকা · নি। (৫৯) কক্কোলৈশ্চ কপালৈশ্চ···পি। (৬২) তথাশ্মকুট্টৈর্বাতৈয়ৈঃ···নি।

অহিংস্রৈর্ধর্ম্মপরমৈর্নৃভিরত্যর্থসেবিতম্।
সপ্তসারস্বতং তীর্থমাজগাম হলায়ুধঃ।
যত্র মঙ্কণকঃ সিদ্ধস্তপস্তেপে মহামুনিঃ ॥৬৩॥ (কুলকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে বলদেবতীর্থযাত্রায়াং সারস্বততীর্থোপাখ্যানে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥*

— — ঃ❋ঃ— —

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

জনমেজয় উবাচ।

সপ্তসারস্বতং কস্মাৎ কশ্চ মঙ্কণকো মুনিঃ।
কথং স সিদ্ধো ভগবান্ কশ্চাস্য নিয়মোঽভবৎ ॥১॥

ভারতকৌমুদী

ধর্ম্ম এব পরমঃ প্রাধান্যেনার্জনীয়ো যেষাং তৈঃ। সপ্তসারস্বতং তদাখ্যম্। মঙ্কণকো নাম। [illegible]পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮—৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ❋ঃ——

সপ্তেতি। সপ্তসারস্বতং নাম। নিয়মঃ তপঃপ্রকারঃ ॥১॥

অশ্মকুট্ট ও বনবাসী বহুতর মুনি সে তীর্থটাকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিলেন এবং সে স্থানে বেদধ্বনি হইতেছিল, বহুতর হরিণ বিচরণ করিতেছিল, আর হিংসাশূন্য ও ধর্ম্মপরায়ণ মানুষেরাই কেবল বাস করিতেছিলেন এবং যেখানে সিদ্ধ ও মহামুনি মঙ্কণক তপস্যা করিতেছিলেন ॥৫৮—৬৩॥

——ঃ০❋০ঃ——

জনমেজয় বলিলেন—'সেই তীর্থের নাম—'সপ্তসারস্বত' হইল কেন? মঙ্কণক-মুনি কে? তিনি কি প্রকারে সিদ্ধিলাভ করিয়াছিলেন? তাঁহার নিয়মই বা কিরূপ ছিল? ॥১॥

* '...সপ্তত্রিংশত্তমোঽধ্যায়ঃ...' পি বক্স বর্দ্ধ বা সো, '...অষ্টত্রিংশোঽধ্যায়ঃ...' নি।

কস্য বংশে সমুৎপন্নঃ কিঞ্চাধীতং দ্বিজোত্তম ! ।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং যথাতত্ত্বং মহামুনে ! ॥২॥
বৈশম্পায়ন উবাচ ।
রাজন্ ! সপ্ত সরস্বত্যো যাভির্ব্যাপ্তমিদং জগৎ ।
আহূতা বলবদ্ভির্হি তত্র তত্র সরস্বতী ॥৩॥
সুপ্রভা কাঞ্চনাক্ষী চ বিশালা চ মনোরমা ।
সরস্বতী চৌঘবতী সুরেণুর্বিমলোদকা ॥৪॥
পিতামহস্য মহতো বর্ত্তমানে মহামখে ।
বিততে যজ্ঞবাটে বৈ সংসিদ্ধেষু দ্বিজাতিষু ॥৫॥
পুণ্যাহঘোষৈর্বিমলৈর্বেদানাং নিনদৈস্তথা ।
দেবেষু চৈব ব্যগ্রেষু তস্মিন্ যজ্ঞবিধৌ তদা ॥৬॥
তত্র চৈব মহারাজ ! দীক্ষিতে প্রপিতামহে ।
যজতস্তস্য সত্রেণ সর্বকামসমৃদ্ধিনা ॥৭॥
মনসা চিন্তিতা হ্যর্থা ধর্ম্মার্থকুশলৈস্তদা ।
উপতিষ্ঠন্তি রাজেন্দ্র ! দ্বিজাতীংস্তত্র তত্র হ ॥৮॥ (কলাপকম্

ভারতকৌমুদী

কস্যেতি । কিং কিয়ৎ । তত্ত্বং যাথার্থ্যমনতিক্রম্যেতি যথাতত্ত্বম্ ॥২॥
রাজন্নিতি । সরস্বত্যো নদ্যঃ । আহূতা আহূয়ানীতা ॥৩॥
সরস্বত্যাঃ সপ্ত নামান্যাহ সুপ্রভেতি । আসাং প্রবৃত্তির্বক্ষ্যতে ॥৪॥
পিতেতি । পিতামহস্য ব্রহ্মণঃ । মহামখে মহাযজ্ঞে । বিততে বিস্তৃতে, যজ্ঞস্য বাটে

ব্রাহ্মণশ্রেষ্ঠ মহর্ষি ! মঙ্কণক কোন্ বংশে জন্মিয়াছিলেন ? এবং তিনি কতদূর অধ্যয়ন করিয়াছিলেন ? এই সকল বৃত্তান্ত আমি যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি' ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা ! সরস্বতীনদী সাতটী—যেগুলিতে এই জগৎ ব্যাপ্ত রহিয়াছে। প্রভাবশালী লোকেরা সেই সেই স্থানে সরস্বতীকে আহ্বান করিয়া আনিয়াছিলেন ॥৩॥

সরস্বতীনদীর সাতটী নাম—সুপ্রভা, কাঞ্চনাক্ষী, বিশালা, মনোরমা, ওঘবতী, সুরেণু ও বিমলোদকা ॥৪॥

(২)···এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিধিবদ্দ্বিজসত্তম !—পি বঙ্গ বৰ্দ্ধ। (৩) সপ্তনদ্যঃ সরস্বত্যাঃ···নি। (৭)···জুহবুস্তত্র সত্রে চ সর্ব্বকামসমৃদ্ধয়া—পি।

জগুশ্চ তত্র গন্ধর্বা ননৃতুশ্চাপ্সরোগণাঃ।
বাদিত্রাণি চ দিব্যানি বাদয়ামাসুরঞ্জসা ॥৯॥
তস্য যজ্ঞস্য সম্পত্ত্যা তুতুষুর্দেবতা অপি।
বিস্ময়ং পরমং জগ্মুঃ কিমু মানুষযোনয়ঃ ॥১০॥
বর্ত্তমানে তথা যজ্ঞে পুষ্করস্থে পিতামহে।
অব্রুবন্নৃষয়ো রাজন্! নায়ং যজ্ঞো মহাগুণঃ ॥১১॥
ন দৃশ্যতে সরিৎশ্রেষ্ঠা যস্মাদিহ সরস্বতী।
তচ্ছ্রুত্বা ভগবান্ প্রীতঃ সস্মারাথ সরস্বতীম্ ॥১২॥

ভারতকৌমুদী

স্থানে। সংসিদ্ধেষু সমাগতেষু। ব্যগ্রেষু নানাকার্য্যব্যাসক্তেষু। দীক্ষিতে প্রবৃত্তে। সত্রেণ যজ্ঞেন। অর্থা বস্তূনি। ধর্ম্মার্থকুশলৈর্দ্বিজাতিভিঃ। উপতিষ্ঠন্তি আগচ্ছন্তি স্ম ॥৫—৮॥

জগুরিতি। দিব্যানি স্বর্গীয়াণি, অঞ্জসা সামঞ্জস্যেন ॥৯॥

তস্যেতি। সম্পত্ত্যা নিষ্পত্ত্যা। তত্র কিমু বক্তব্যমিতি শেষঃ ॥১০॥

বর্ত্তেতি। পুষ্করস্থে পুষ্করতীর্থস্থিতে। মহান্ গুণ উৎকর্ষো যত্র স তাদৃশঃ ॥১১॥

কথং মহাগুণো নেত্যাহ নেতি। ভগবান্ ব্রহ্মা ॥১২॥

রাজশ্রেষ্ঠ মহারাজ! পূর্বকালে পূজনীয় ব্রহ্মার মহাযজ্ঞ চলিতে লাগিলে, বিস্তৃত যজ্ঞস্থলে ব্রাহ্মণেরা আগমন করিলে, নির্ম্মল পুণ্যাহধ্বনি ও বেদধ্বনিতে সমস্ত দিক্ পূর্ণ হইলে, সেই যজ্ঞকার্য্যে দেবতারা নানাব্যাপারে ব্যাপৃত থাকিলে, ব্রহ্মা সেই যজ্ঞে প্রবৃত্ত হইলে এবং তিনি সমস্ত দ্রব্যসম্ভারদ্বারা যজ্ঞ করিতে লাগিলে, ধর্ম্মার্থনিপুণ ব্রাহ্মণেরা মনে মনে চিন্তা করিবামাত্রই প্রয়োজনীয় দ্রব্য সকল সেই সেই স্থানে তাঁহাদের নিকট উপস্থিত হইতে লাগিল ॥৫—৮॥

সেই যজ্ঞে গন্ধর্বেরা গান করিতে লাগিল, অপ্সরারা নৃত্য করিতে থাকিল এবং অন্যান্য লোকেরা সেই নৃত্য ও গীতের সামঞ্জস্য রাখিয়া, স্বর্গীয় বাদ্য সকল বাজাইতে লাগিল ॥৯॥

সেই যজ্ঞ সম্পন্ন হওয়ায় দেবতারাও সন্তুষ্ট হইলেন এবং তাহাতে মানুষেরা যে অত্যন্ত বিস্ময়াপন্ন হইল, সে বিষয়ে আর বক্তব্য আছে কি? ॥১০॥

রাজা! ব্রহ্মা পুষ্করতীর্থে থাকিয়া, যখন সেই মহাযজ্ঞ সম্পাদন করিতেছিলেন; তখন তত্রত্য ঋষিরা বলিলেন—'এ যজ্ঞ বিশেষ উৎকৃষ্ট হইতেছে না ॥১১॥

কারণ, এখানে নদীশ্রেষ্ঠা সরস্বতীকে দেখা যাইতেছে না'। তাহা শুনিয়া ব্রহ্মা সন্তুষ্ট হইয়া সরস্বতীনদীকে স্মরণ করিলেন ॥১২॥

পিতামহেন যজতা আহূতা পুষ্করেষু বৈ।
সুপ্রভা নাম রাজেন্দ্র! নাম্না তত্র সরস্বতী ॥১৩॥
তাং দৃষ্ট্বা মুনয়স্তুষ্টাস্ত্বরাযুক্তাং সরস্বতীম্।
পিতামহং মানয়ন্তীং ক্রতুং তে বহু মেনিরে ॥১৪॥
এবমেষা সরিৎশ্রেষ্ঠা পুষ্করেষু সরস্বতী।
পিতামহার্থং সম্ভূতা তুষ্ট্যর্থঞ্চ মনীষিণাম্ ॥১৫॥
নৈমিষে মুনয়ো রাজন্! সমাগম্য সমাসতে।
তত্র চিত্রাঃ কথা হ্যাসন্ বেদং প্রতি জনেশ্বর! ॥১৬॥
যত্র তে মুনয়ো হ্যাসন্ নানাস্বাধ্যায়বেদিনঃ।
তে সমাগম্য মুনয়ঃ সস্মরুর্বৈ সরস্বতীম্ ॥১৭॥
সা তু ধ্যাতা মহারাজ! ঋষিভিঃ সত্রযাজিভিঃ।
সমাগতানাং রাজেন্দ্র! সহায়ার্থং মহাত্মনাম্ ॥১৮॥

ভারতকৌমুদী

সুপ্রভায়া আবির্ভাবমাহ পিতেতি। নাম প্রসিদ্ধা আবির্ভূতেতি শেষঃ ॥১৩॥
তামিতি। ত্বরাযুক্তাং প্রবহণে। মানয়ন্তীং গৌরবাস্পদং কুর্ব্বতীম্ ॥১৪॥
এবমিতি। মনীষিণাং তত্রত্যানাং মুনীনাম্ ॥১৫॥
কাঞ্চনাক্ষ্যা আবির্ভাবমাহ চতুর্ভিঃ নৈমিষ ইতি। সমাসতে অবতিষ্ঠন্তে স্ম ॥১৬॥
যত্রেতি। নানাস্বাধ্যায়বেদিনো বহুবেদজ্ঞাঃ ॥১৭॥

রাজশ্রেষ্ঠ! ব্রহ্মা পুষ্করতীর্থে যজ্ঞ করিতে থাকিয়া সরস্বতীনদীকে আহ্বান করিলেন, তাহাতে সেখানে সরস্বতীনদী আবির্ভূত হইল, তাহার নাম হইল—'সুপ্রভা' ॥১৩॥

সরস্বতীনদী সেখানে ব্রহ্মার গৌরব বৃদ্ধি করিতে থাকিয়া বেগে আবির্ভূত হইলে, মুনিরা তাহাকে দেখিয়া সন্তুষ্ট হইয়া সেই যজ্ঞের গৌরব করিতে লাগিলেন ॥১৪॥

এইভাবে নদীশ্রেষ্ঠা সরস্বতী ব্রহ্মার আহ্বানে মুনিগণের সন্তোষের জন্য পুষ্করতীর্থে আবির্ভূত হইয়াছিল ॥১৫॥

নরনাথ রাজা! পূর্ব্বকালে মুনিরা নৈমিষারণ্যে আসিয়া অবস্থান করিতেছিলেন; তখন সেখানে বেদবিষয়ে বিচিত্র কথা চলিতেছিল ॥১৬॥

সেই বেদবিদ্ মুনিরা যেস্থানে অবস্থান করিতেছিলেন; তাঁহারা সেইস্থানে সম্মিলিত হইয়া সরস্বতীনদীকে স্মরণ করিলেন ॥১৭॥

(১৪)···মুনয়স্তত্রাত্বরাযুক্তাং···পিতামহং চানয়ন্তীম্···পি।

আজগাম মহাভাগা তত্র পুণ্যা সরস্বতী।
নৈমিষে কাঞ্চনাক্ষী তু মুনীনাং সত্রযাজিনাম্ ॥১৯॥ (যুগ্মকম্)
আগতা সরিতাং শ্রেষ্ঠা তত্র ভারত! পূজিতা।
গয়স্য যজমানস্য গয়েষেব মহাক্রতুম্ ॥২০॥
আহূতা সরিতাং শ্রেষ্ঠা গয়যজ্ঞে সরস্বতী।
বিশালাং তাং গয়েষ্বাহুর্ঋষয়ঃ সংশিতব্রতাঃ ॥২১॥
সরিৎ সা হিমবৎপার্শ্বাৎ প্রস্রুতা শীঘ্রগামিনী।
ঔদ্দালকে তথা যজ্ঞে যজতস্তস্য ভারত! ॥২২॥
সমেতে সর্বতঃ স্ফীতে মুনীনাং মণ্ডলে তদা।
উত্তরে কোশলাভাগে পুণ্যে রাজন্! মহাত্মনঃ ॥২৩॥
উদ্দালকেন যজতা পূর্ব্বং ধ্যাতা সরস্বতী।
আজগাম সরিচ্ছ্রেষ্ঠা তং দেশমৃষিকারণাৎ ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সেতি। সত্রযাজিভির্যাগবিশেষকারিভিঃ। সহায়ার্থং যজ্ঞে সাহায্যকরণার্থম্। কাঞ্চনাক্ষী নাম, মুনীনাং স্নানাদিকার্য্যসম্পাদিকেতি শেষঃ ॥১৮—১৯॥

বিশালাবির্ভাবমাহ দ্বাভ্যামাগতেতি। যজমানস্য কুর্ব্বতঃ। গয়েষু তদাখ্যদেশে ॥২০॥

আহূতেতি। আহূতা ঋত্বিগ্‌ভিরাহূয়ানীতা। সংশিতব্রতা দৃঢ়নিয়মাঃ ॥২১॥

সরিদিতি। প্রস্রুতা নির্গতা। ঔদ্দালকে ঔদ্দালকমুনিকৃতে ॥২২॥

সমেত ইতি। সমেতে সম্পন্নে। মণ্ডলে সমূহে, স্ফীতে বিশালে। কোশলাভাগে কোশলদেশৈকদেশে। ঋষিকারণাৎ উদ্দালকস্যৈব কার্য্যসম্পাদনার্থম্ ॥২৩—২৪॥

রাজশ্রেষ্ঠ মহারাজ! যজ্ঞের সাহায্য করিবার জন্য সমাগত মুনিগণের কার্য্যসাধনোদ্দেশে যজ্ঞকারী মুনিরা স্মরণ করিলে, মহাভাগা ও পবিত্রা সরস্বতীনদী সেস্থানে আগমন করিল এবং যজ্ঞকারী মুনিগণের সেই নৈমিষারণ্যে সরস্বতীনদী 'কাঞ্চনাক্ষী' নামে প্রসিদ্ধ হইল ॥১৮—১৯॥

ভরতনন্দন! গয়রাজা গয়দেশে এক মহাযজ্ঞ করিতেছিলেন, সেই যজ্ঞে তাঁহার আহ্বানে জগৎপূজিত নদীশ্রেষ্ঠা সরস্বতী সেস্থানে আগমন করিয়াছিল ॥২০॥

গয়দেশে গয়যজ্ঞে আহূতা নদীশ্রেষ্ঠা সরস্বতীকে দৃঢ়ব্রত মুনিরা 'বিশালা' বলিয়া থাকেন ॥২১॥

ভরতনন্দন! উদ্দালক ঋষি যজ্ঞ করিতে থাকিয়া আহ্বান করিলে, সেই শীঘ্রগামিনী সরস্বতীনদী হিমালয় হইতে নির্গত হইয়া সেই যজ্ঞে আসিয়াছিল ॥২২॥

(২০)…গয়েষেব মহানদী—পি।

পূজ্যমানা মুনিগণৈর্বল্কলাজিনসংবৃতৈঃ।
মনোরমেতি বিখ্যাতা সা হি তৈর্মনসা কৃতা ॥২৫॥
ওঘবত্যপি রাজেন্দ্র! বশিষ্ঠেন মহাত্মনা।
সমাহূতা কুরুক্ষেত্রে দিব্যতোয়া সরস্বতী ॥২৬॥
সুরেণুর্ঋষভে দ্বীপে পুণ্যে রাজর্ষিসেবিতে।
কুরোশ্চ যজমানস্য কুরুক্ষেত্রে মহাত্মনঃ।
আজগাম মহাভাগা সরিচ্ছ্রেষ্ঠা সরস্বতী ॥২৭॥
বিমলোদা ভগবতী ব্রহ্মণা যজতা পুনঃ।
সমাহূতা যযৌ তত্র পুণ্যে হৈমবতে গিরৌ ॥২৮॥

ভারতকৌমুদী

পূজ্যেতি। বল্কলাজিনসংবৃতৈঃ তরুবল্কলকৃষ্ণসারচর্ম্মাবৃতদেহৈঃ ॥২৫॥
ওঘেতি। ওঘঃ প্রশস্তো জলবেগঃ অস্যা অস্তীতি সা ॥২৬॥
সুরেণুরিতি। যজমানস্য যজ্ঞং কুর্ব্বতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥
বিমলেতি। বিমলমুদকং যস্যাঃ সা, ভগবতী পাপক্ষয়জনকতয়া মাহাত্ম্যবতী ॥২৮॥

ভারতভাবদীপঃ

সপ্তেতি ॥১—১৬॥ সম্বরুঃ স্মৃতবস্তঃ ॥১৭—১৯॥ গয়েষু গয়দেশেষু ॥২০—২৬॥ সুরেণু-রুদ্দেশে ষষ্ঠী যদ্যপি তথাপি পঞ্চমে স্থানে কীর্ত্ত্যতে, শ্লোকানাং পৌর্ব্বাপর্য্যং বা বিজ্ঞেয়ম্

রাজা! তখন পবিত্র উত্তরকোশল দেশে এক বিশাল মুনিমণ্ডল সমবেত হইলে, যজ্ঞকারী উদ্দালকমুনি স্মরণ করিলে, নদীশ্রেষ্ঠা সরস্বতী সেই মুনির কার্য্য সম্পাদনের জন্য সেখানে আগমন করিল ॥২৩—২৪॥

তরুবল্কল ও মৃগচর্ম্মধারী মুনিরা আদর করিতেন এবং তাঁহারা সর্ব্বদা মনে করিতেন বলিয়া তত্রত্য সরস্বতীনদীর নাম হইয়াছে—'মনোরমা' ॥২৫॥

রাজশ্রেষ্ঠ! মহাত্মা বশিষ্ঠ কুরুক্ষেত্রে থাকিয়া দিব্যজলা সরস্বতীকে আহ্বান করিয়া আনিয়াছিলেন; তাহার নাম হইয়াছে—'ওঘবতী' ॥২৬॥

রাজর্ষিগণসেবিত পবিত্র ঋষভদ্বীপে এবং কুরুক্ষেত্রে মহাত্মা কুরুরাজার যজ্ঞ করিবার সময়ে নদীশ্রেষ্ঠা মহাভাগা সরস্বতী সেখানে আগমন করিয়াছিল; তাহারই নাম—'সুরেণু' ॥২৭॥

ব্রহ্মা পবিত্র হিমালয়পর্ব্বতে যজ্ঞ করিতে থাকিয়া, মাহাত্ম্যবতী সরস্বতীনদীকে

(২৫) ইতঃ পরং
'দক্ষেণ যজতা চাপি গঙ্গাদ্বারে সরস্বতী। সুরেণুরিতি বিখ্যাতা প্রস্রুতা শীঘ্রগামিনী।'
শ্লোকোঽয়মধিকঃ বঙ্গ বৰ্দ্ধ নি।

একীভূতাস্ততস্তাস্তু তস্মিংস্তীর্থে সমাগতাঃ।
সপ্তসারস্বতং তীর্থং ততস্তৎ প্রথিতং ভুবি ॥২৯॥
ইতি সপ্ত সরস্বত্যো নামতঃ পরিকীর্ত্তিতাঃ।
সপ্তসারস্বতঞ্চৈব তীর্থং পুণ্যং তথা স্মৃতম্ ॥৩০॥
শৃণু মঙ্কণকস্যাপি কৌমারব্রহ্মচারিণঃ।
আপগামবগাঢ়স্য রাজন্! প্রক্রীড়িতং মহৎ ॥৩১॥
দৃষ্ট্বা যদৃচ্ছয়া তত্র স্ত্রিয়মম্ভসি ভারত!।
স্নায়ন্তীং রুচিরাপাঙ্গীং দিগ্বাসসমনিন্দিতাম্।
সরস্বত্যাং মহারাজ! চস্কন্দে বীর্য্যমম্ভসি ॥৩২॥
তদ্রেতঃ স তু জগ্রাহ কলসে বৈ মহাতপাঃ।
সপ্তধা প্রবিভাগস্তু কলসস্থং জগাম হ ॥৩৩॥

ভারতকৌমুদী

ইদানীং সপ্তসারস্বতপদব্যুৎপত্তিমাহ একীতি। একীভূতা মুনিমাহাত্ম্যাৎ ॥২৯॥

ইতীতি। ইতীতি জনমেজয়প্রশ্নোত্তরসমাপ্তৌ ॥৩০॥

শৃণ্বিতি। আপগাং সরস্বতীং নদীম্, অবগাঢ়স্য নিত্যং স্নানেনালোড়িতবতঃ ॥৩১॥

দৃষ্ট্বেতি। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। স্নায়ন্তীং স্নানং কুর্ব্বতীম্। চস্কন্দে পপাত। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

তদিতি। কলসস্থং তদ্রেত ইতি শেষঃ ॥৩৩॥

আহ্বান করিয়াছিলেন; তাহাতে সরস্বতী সে স্থানে গিয়াছিল। তাহারই নাম—'বিমলোদা' ॥২৮॥

তাহার পর সেই সাতটা সরস্বতীনদী এক হইয়া সেই তীর্থে গমন করিয়াছিল বলিয়া, জগতে তাহার 'সপ্তসারস্বত' নাম প্রসিদ্ধ হইয়াছে ॥২৯॥

রাজা! এই আপনার নিকট সরস্বতীনদীর সাতটী নাম বলিলাম এবং পবিত্র সপ্তসারস্বততীর্থের কথাও কহিলাম ॥৩০॥

রাজা! এখন আপনি কুমারব্রহ্মচারী ও প্রত্যহ সরস্বতীস্নায়ী মঙ্কণকমুনিরও প্রশস্ত চরিত্র শ্রবণ করুন ॥৩১॥

ভরতনন্দন মহারাজ! কোন সময়ে ঈশ্বরেচ্ছাক্রমে অনিন্দ্যসুন্দরী ও চারুনয়না একটী রমণী নগ্ন হইয়া সরস্বতীনদীর জলে স্নান করিতেছিল; তাহাকে দেখিয়া মঙ্কণকমুনির বীর্য্যস্খলন হইল ॥৩২॥

(৩২)…স্নানায় রুচিরাপাঙ্গীম্…পি।

তত্রর্ষয়ঃ সপ্ত জাতা জজ্ঞিরে মরুতাং গণাঃ।
বায়ুবেগো বায়ুবলো বায়ুহা বায়ুমণ্ডলঃ ॥৩৪॥
বায়ুজ্বালো বায়ুরেতা বায়ুচক্রশ্চ বীর্য্যবান্।
এবমেতে সমুৎপন্না মরুতা জনয়িষ্ণবঃ ॥৩৫॥ (যুগ্মকম্)
ইদমত্যদ্ভুতং রাজন্! শৃণ্বাশ্চর্য্যতরং ভুবি।
মহর্ষেশ্চরিতং যাদৃক্ ত্রিষু লোকেষু বিশ্রুতম্ ॥৩৬॥
পুরা মঙ্কণকঃ সিদ্ধঃ কুশাগ্রেণেতি বিশ্রুতম্।
ক্ষতঃ কিল করে রাজন্! তস্য শাকরসোঽস্রবৎ ॥৩৭॥
স বৈ শাকরসং দৃষ্ট্বা হর্ষাবিষ্টঃ প্রনৃত্তবান্।
ততস্তস্মিন্ প্রনৃত্তে বৈ স্থাবরং জঙ্গমঞ্চ যৎ।
প্রনৃত্তমুভয়ং বীর! তেজসা তস্য মোহিতম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

তত্রেতি। জজ্ঞিরে পুনস্তেভ্য এব সপ্তর্ষিভ্যঃ। তেষামৃষীণাং নামান্যাহ বায়ুবেগ ইতি। বায়ুং হন্তীতি বায়ুহা। মরুতামূনপঞ্চাশদ্বায়ূনাম্, জনয়িষ্ণবো জনয়িতারঃ ॥৩৪—৩৫॥

ইদমিতি। মহর্ষের্মঙ্কণকস্য ॥৩৬॥

পুরেতি। শাকস্য রসো নির্যাসঃ, অস্রবৎ নিরগচ্ছৎ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

॥২৬—৩১॥ স্নায়ন্তীং স্নাতীম্ ॥৩২—৩৪॥ মরুতাং প্রাগ্ বায়ুনামেকোনপঞ্চাশতাম্, এতেষাং তপসা মরুতোঽদিত্যামুৎপন্না ইতি কল্পান্তরবিষয়োঽয়মর্থঃ ॥৩৫॥ ইদমত্যদ্ভুতং রাজন্নিত্যস্য তাৎপর্য্যম্—যোগেন সিদ্ধস্য কায়স্য পরিণামান্তরং হ্রাসবৃদ্ধ্যাদিকং ন জায়তেঽতস্তত্র প্রবিষ্টোঽন্নরসোঽপরিণমমান এব দেহান্নিঃসরতি তং দৃষ্ট্বা আত্মনঃ সিদ্ধকায়ত্বং মত্বা মঙ্কণকো

তৎক্ষণাৎ মহাতপা মঙ্কণকমুনি সেই বীর্য্য একটী কলসে ধারণ করিলেন এবং তাহা সাত ভাগে বিভক্ত হইল ॥৩৩॥

সেই কলসমধ্যে সাত জন ঋষি জন্মিয়াছিলেন এবং সেই সাত ঋষি হইতে আবার ঊনপঞ্চাশদ্বায়ু উৎপন্ন হইয়াছিল। সেই সাতজন ঋষির নাম যথা—বায়ুবেগ, বায়ুবল, বায়ুহা, বায়ুমণ্ডল, বায়ুজ্বাল, বায়ুরেতা এবং বলবান্ বায়ুচক্র। ঊনপঞ্চাশদ্বায়ুর জনক এই ঋষিগণ উৎপন্ন হইয়াছিলেন ॥৩৪—৩৫॥

রাজা! ত্রিভুবনবিখ্যাত মহর্ষি মঙ্কণকের এই আর একটী অত্যদ্ভুত চরিত্র শ্রবণ করুন—॥৩৬॥

রাজা! আমরা শুনিয়াছি—পূর্ব্বে মঙ্কণকমুনির হস্ত কুশাগ্রে ক্ষত হইয়াছিল; তখন তাহা হইতে শাকের রস নির্গত হইতে লাগিল ॥৩৭॥

ব্রহ্মাদিভিঃ সুরৈ রাজন্! ঋষিভিশ্চ তপোধনৈঃ।
বিজ্ঞপ্তো বৈ মহাদেব ঋষেরর্থে নরাধিপ!।
নায়ং নৃত্যেদ্‌যথা দেব! তথা ত্বং কর্ত্তুমর্হসি ॥৩৯॥
ততো দেবো মুনিং দৃষ্ট্বা হর্ষাবিষ্টমতীব হ।
সুরাণাং হিতকামার্থং মহাদেবোঽভ্যভাষত ॥৪০॥
হংহো! ব্রাহ্মণ! ধর্ম্মজ্ঞ! কিমর্থং নৃত্যতে ভবান্।
হর্ষস্থানং কিমর্থঞ্চ তবেদমধিকং মুনে!।
তপস্বিনো ধর্ম্মপথে স্থিতস্য দ্বিজসত্তম! ॥৪১॥

ঋষিরুবাচ।

কিং ন পশ্যসি মে ব্রহ্মন্! করাচ্ছাকরসং স্রুতম্।
যং দৃষ্ট্বাহং প্রনৃত্তো বৈ হর্ষেণ মহতা বিভো! ॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। হর্ষাবিষ্টঃ, করাচ্ছাকরসস্রাবদর্শনেনাত্মনো নিখিলপদার্থগতকৃতজ্ঞানাদিতি ভাবঃ। প্রনৃত্তবান্ প্রকর্ষেণ নৃত্তং কৃতবান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

ব্রহ্মেতি। অর্থে নৃত্যনিবৃত্ত্যর্থে, অন্যথা জগদ্ধ্বংসসম্ভব ইতি ভাবঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৯॥

তত ইতি। মুনিং নৃত্যন্তং মঙ্কণকম্ ॥৪০॥

হংহো ইতি। হর্ষস্য স্থানং হেতুরাগচ্ছদিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

কিমিতি। হে ব্রহ্মন্! পরমাত্মন্! স্রুতং নির্গতম্ ॥৪২॥

বীর! মঙ্কণকমুনি সেই শাকরস দেখিয়া আনন্দে নৃত্য করিতে লাগিলেন; তখন স্থাবর ও জঙ্গম উভয় পদার্থই তাঁহার তেজে মোহিত হইয়া নৃত্য করিতে থাকিল ॥৩৮॥

নরনাথ রাজা! সেই সময়ে ব্রহ্মাদিদেবগণ ও তপোধন ঋষিগণ মঙ্কণকমুনির নৃত্য নিবৃত্তির জন্য যাইয়া মহাদেবের নিকট নিবেদন করিলেন যে—'দেব! মঙ্কণকমুনি যাহাতে আর নৃত্য না করেন, আপনি তাহা করুন' ॥৩৯॥

তাহার পর দেবদেব মহাদেব আসিয়া মঙ্কণকমুনিকে অত্যন্ত আনন্দিত দেখিয়া, দেবগণের হিতসাধনের জন্য বলিলেন—॥৪০॥

'মুনি! ব্রাহ্মণশ্রেষ্ঠ! ব্রাহ্মণ! ধর্ম্মজ্ঞ! তুমি নৃত্য করিতেছ কেন? তুমি তপস্বী ও ধর্ম্মপথে স্থিত; সুতরাং তোমার এরূপ আনন্দ আসিল কেন?' ॥৪১॥

মঙ্কণকমুনি বলিলেন—'প্রভু! পরমাত্মা! আমার হস্ত হইতে শাকের রস

(৪১) ভো! ভো! ব্রাহ্মণ!...পি নি।

তং প্রহস্যাব্রবীদ্দেবো মুনিং রাগেণ মোহিতম্।
অহং ন বিস্ময়ং বিপ্র! গচ্ছামীতি প্রপশ্য মাম্ ॥৪৩॥
এবমুক্ত্বা মুনিশ্রেষ্ঠং মহাদেবেন ধীমতা।
অঙ্গুল্যগ্রেণ রাজেন্দ্র! স্বাঙ্গুষ্ঠস্তাড়িতোঽভবৎ ॥৪৪॥
ততো ভস্ম ক্ষতাদ্রাজন্! নির্গতং হিমসন্নিভম্।
তদ্‌দৃষ্ট্বা ব্রীড়িতো রাজন্! স মুনিঃ পাদয়োর্গতঃ ॥৪৫॥
মেনে দেবং মহাদেবমিদঞ্চোবাচ বিস্মিতঃ।
নান্যং দেবাদহং মন্যে রুদ্রাৎ পরতরং মহৎ ॥৪৬॥
সুরাসুরস্য জগতো গতিস্ত্বমসি শূলধৃক্!।
ত্বয়া সৃষ্টমিদং বিশ্বং বদন্তীহ মনীষিণঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

তমিতি। রাগেণ আনন্দেন। মাং প্রপশ্য মদঙ্গুষ্ঠে দৃষ্টিং নিধেহি ॥৪৩॥
এবমিতি। সময়োপযোগিকার্য্যকরণাদেব ধীমত্ত্বমিতি ভাবঃ ॥৪৪॥
তত ইতি। হিমসন্নিভং শুভ্রম্। ব্রীড়িতঃ অন্যস্যাপি রক্তেতরবস্তুনির্গমদর্শনাৎ ॥৪৫॥
মেন ইতি। পরতরং শ্রেষ্ঠতরম্, মহদিতি ক্লীবত্বমার্ষম্ ॥৪৬॥
সুরেতি। সুরাসুরস্য সুরাসুরাদিযুক্তস্য। গতিরাশ্রয়ঃ ॥৪৭॥

যে নির্গত হইতেছে, তাহা আপনি দেখিতেছেন না কি? যাহা দেখিয়া আমি গুরুতর আনন্দবশতঃ নৃত্য করিতেছি' ॥৪২॥

মঙ্কণকমুনিকে আনন্দমুগ্ধ দেখিয়া, মহাদেব হাস্য করিয়া বলিলেন—'ব্রাহ্মণ! আমি তোমার ঐ ঘটনায় বিস্ময়াপন্ন হই নাই। তুমি আমাদের দিকে চাহিয়া দেখ—' ॥৪৩॥

রাজশ্রেষ্ঠ! বুদ্ধিমান্ মহাদেব মুনিশ্রেষ্ঠ মঙ্কণককে এই কথা বলিয়া, একটী অঙ্গুলির অগ্রদ্বারা নিজের অঙ্গুষ্ঠে আঘাত করিলেন ॥৪৪॥

রাজা! তাহার পর মহাদেব অঙ্গুষ্ঠের সেই ক্ষতদেশ হইতে হিমের ন্যায় শুভ্রবর্ণ ভস্ম নির্গত হইল। তাহা দেখিয়া মঙ্কণকমুনি লজ্জিত হইয়া মহাদেবের পাদযুগলে পতিত হইলেন ॥৪৫॥

ক্রমে মঙ্কণকমুনি সেই দেবকে মহাদেব বলিয়া মনে করিলেন এবং বিস্ময়াপন্ন হইয়া তাঁহাকে বলিলেন—'আমি মনে করি—অন্য কোন দেবতাই রুদ্রদেব হইতে শ্রেষ্ঠতর বা প্রধানতর নহেন ॥৪৬॥

(৪৫)···নির্দ্ধতং হিমসন্নিভম্···পি।

ত্বামেব সর্বং বিশতি পুনরেব যুগক্ষয়ে।
দেবৈরপি ন শক্যস্ত্বং পরিজ্ঞাতুং কুতো ময়া ॥৪৮॥
ত্বয়ি সর্বে স্ম দৃশ্যন্তে ভাবা যে জগতি স্থিতাঃ।
ত্বামুপাসন্ত বরদং দেবা ব্রহ্মাদয়োঽনঘ! ॥৪৯॥
সর্ব্বস্ত্বমসি দেবানাং কর্ত্তা কারয়িতা চ হ।
ত্বৎপ্রসাদাৎ সুরাঃ সর্বে মোদন্তীহাকুতোভয়াঃ।
এবং স্তুত্বা মহাদেবং স ঋষিঃ প্রণতোঽভবৎ ॥৫০॥
যদিদং চাপলং দেব! কৃতমেতৎ স্ময়াদিকম্।
অতঃ প্রসাদয়ামি ত্বাং তপো মে ন ক্ষরেদিতি ॥৫১॥
ততো দেবঃ প্রীতমনাস্তমৃষিং পুনরব্রবীৎ।
তপস্তে বর্দ্ধতাং বিপ্র! মৎপ্রসাদাৎ সহস্রধা।
আশ্রমে চেহ বৎস্যামি ত্বয়া সার্দ্ধমহং সদা ॥৫২॥

ভারতকৌমুদী

ত্বামিতি। ত্বামেব সর্ব্বং বিশতি, "যৎপ্রয়ন্ত্যভিসংবিশন্তি" ইতি শ্রুতেঃ ॥৪৮॥
ত্বয়ীতি। ভাবাঃ পদার্থাঃ। "তস্মিন্ লোকাঃ শ্রিতাঃ সর্ব্বে" ইতি শ্রুতেঃ ॥৪৯॥
সর্ব্ব ইতি। দেবানামিত্যুপলক্ষণং সর্ব্বেষামেব জীবানামিত্যর্থঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫০॥
যদিতি। স্ময়াদিকং বিস্ময়ানন্দনিমিত্তকম্। ন ক্ষরেৎ ন ক্ষীয়েত ॥৫১॥

শূলপাণি! দেবাসুরাদিসমন্বিত সমগ্র জগতের আপনিই আশ্রয় এবং আপনিই এই সমগ্র জগৎ সৃষ্টি করিয়াছেন, ইহা জ্ঞানীরা বলিয়া থাকেন ॥৪৭॥

আবার প্রলয়কালে সমগ্র জগৎ আপনাতেই যাইয়া প্রবেশ করে। সুতরাং দেবতারাও আপনাকে জানিতে পারেন না; তাহাতে আমি জানিব কি করিয়া ॥৪৮॥

নিষ্পাপ মহাদেব! জগতে যে সমস্ত পদার্থ আছে, তাহা আপনাতে দেখিতে পাওয়া যায়। সেই জন্যই ব্রহ্মাদি দেবগণ বরদাতা আপনারই উপাসনা করিয়াছেন ॥৪৯॥

দেবদেব! আপনিই দেবগণের সর্বময় কর্ত্তা ও কার্য্যকারয়িতা এবং দেবতারা সকলে আপনারই অনুগ্রহে এই জগতে অকুতোভয়ে আমোদ করিয়া থাকেন'। মঙ্কণকমুনি এইরূপ স্তব করিয়া, মহাদেবের চরণে প্রণত হইলেন ॥৫০॥

(পরে মঙ্কণকমুনি বলিলেন—) 'দেব! বিস্ময় ও আনন্দনিবন্ধন আমি এই যে চপলতা করিয়া ফেলিয়াছি; তাহার জন্যই আপনাকে প্রসন্ন করিতেছি—আমার যেন তপঃক্ষয় হয় না' ॥৫১॥

(৫০) ইতঃ পরং বহব এব শ্লোকা অধিকাঃ নি। (৫১)...কৃতং মন্নর্ত্তনাদিকম্ · পি।

সপ্তসারস্বতে চাস্মিন্ যো মামর্চ্চিষ্যতে নরঃ।
ন তস্য দুর্ল্লভং কিঞ্চিদ্ভবিতেহ পরত্র বা।
সারস্বতঞ্চ তে লোকং গমিষ্যন্তি ন সংশয়ঃ ॥৫৩॥
এতন্মঙ্কণকস্যাপি চরিতং ভূরিতেজসঃ।
স হি পুত্রঃ সুকন্যায়ামুৎপন্নো মাতরিশ্বনা ॥৫৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে বলদেবতীর্থযাত্রায়াং সারস্বততীর্থোপাখ্যানে ষট্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তত ইতি। আশ্রমে চেহ বৎস্যামি, ত্বৎতপঃফলমিদমিতি ভাবঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫২॥
সপ্তেতি। সরস্বত্যা ব্রাহ্ম্যা অয়মিতি সারস্বতস্তম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৫৩॥
এতদিতি। চরিতমুক্তমিতি শেষঃ। মাতরিশ্বনা বায়ুনা ॥৫৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ষট্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

ভারতভাবদীপঃ

গর্ব্বেণ নৃত্যতি, তদেব ক্ষয়শূন্যত্বং দেহস্য মহতী যোগসিদ্ধিঃ, দেহস্য ভস্মভূতত্বস্ত মহীয়সী সিদ্ধিরিত্যেতদ্রুদ্রো দর্শয়ংস্তস্য গর্ব্বং পরিহরতীতি ॥৩৬—৫০॥ স্বয়াদিকং গর্ব্বাদিকম্ ॥৫১—৫৪॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৬॥

—:-:—

তাহার পর মহাদেব মঙ্কণকমুনিকে বলিলেন—'ব্রাহ্মণ! তোমার তপস্যা সহস্র গুণে বৃদ্ধি লাভ করুক এবং তোমার সেই তপস্যার ফলে আমি এই আশ্রমে তোমার সহিত সর্বদা বাস করিব ॥৫২॥

যে লোক এই সপ্তসারস্বততীর্থে আমার পূজা করিবে, ইহলোকে বা পরলোকে তাহার কোন বস্তুই দুর্লভ হইবে না এবং সে লোক ব্রহ্মলোকে গমন করিবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৫৩॥

এই মহাতেজা মঙ্কণকমুনির চরিত্র বলিলাম। তিনি বায়ুর ঔরসে সুকন্যার গর্ভে উৎপন্ন হইয়াছিলেন ॥৫৪॥

* '…অষ্টত্রিংশত্তমোঽধ্যায়ঃ…' পি বঙ্গ বর্দ্ধ বা সো, '…একোনচত্বারিংশোঽধ্যায়ঃ…' নি।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

———:০*০:———

বৈশম্পায়ন উবাচ।

উষিত্বা তত্র রামস্তু সংপূজ্যাশ্রমবাসিনঃ।
তথা মঙ্কণকে প্রীতিং শুভাঞ্চক্রে হলায়ুধঃ ॥১॥
দত্ত্বা দানং দ্বিজাতিভ্যো রজনীং তামুপোষ্য চ।
পূজিতো মুনিসঙ্ঘৈশ্চ প্রাতরুত্থায় লাঙ্গলী ॥২॥
অনুজ্ঞাপ্য মুনীন্ সর্বান্ স্পৃষ্ট্বা তোয়ঞ্চ ভারত!।
প্রযযৌ ত্বরিতো রামস্তীর্থহেতোর্মহাবলঃ ॥৩॥ (যুগ্মকম্)
তত ঔশনসং তীর্থমাজগাম হলায়ুধঃ।
কপালমোচনং নাম যত্র মুক্তো মহামুনিঃ ॥৪॥
মহতা শিরসা রাজন্! গ্রস্তজঙ্ঘো মহোদরঃ।
রাক্ষসস্য মহারাজ! রামক্ষিপ্তস্য বৈ পুরা।
তত্র পূর্বং তপস্তপ্তং কাব্যেন সুমহাত্মনা ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উষিত্বেতি। সংপূজ্য দানসৎকারাভ্যাম্। প্রীতিং ভক্তিম্ ॥১॥

দত্ত্বেতি। উপোষ্য তেষাং সমীপে স্থিত্বা। স্পৃষ্ট্বা স্নানেন ॥২—৩॥

তত ইতি। উশনসঃ শুক্রস্যেদমিত্যৌশনসম্। শিরসা মুখেন, গ্রস্তা আক্রান্তা জঙ্ঘা

বৈশম্পায়ন বলিলেন—বলরাম সেই সপ্তসারস্বততীর্থে থাকিয়া, আশ্রমবাসিগণের সম্মান করিয়া, মঙ্কণকমুনির প্রতি বিশেষ ভক্তি প্রদর্শন করিলেন ॥১॥

ভরতনন্দন! মহাবল লাঙ্গলধারী বলরাম সেই সপ্তসারস্বততীর্থে একরাত্রি বাস করিয়া, প্রাতঃকালে গাত্রোত্থানপূর্ব্বক ব্রাহ্মণগণকে ধন দান ও সরস্বতীনদীর জলে স্নান করিলেন, পরে তত্রত্য মুনিরা তাঁহার সম্মান করিলে, তিনি তাঁহাদের অনুমতি লইয়া, অপর তীর্থের কার্য্য করিবার জন্য ত্বরান্বিত হইয়া সেস্থান হইতে গমন করিলেন ॥২—৩॥

মহারাজ! তাহার পর বলরাম কপালমোচননামক শুক্রাচার্য্যের তীর্থে আগমন করিলেন; যে তীর্থে পূর্ব্বকালে দশরথনন্দন রামচন্দ্র একটা রাক্ষসের মস্তক ছেদন করিলে, সেই মস্তকটা মহোদরমুনির জঙ্ঘাদেশে লাগিয়া গিয়াছিল; পরে

যত্রাস্য নীতিরখিলা প্রাদুর্ভূতা মহাত্মনঃ।
যত্রস্থশ্চিন্তয়ামাস দৈত্যদানববিগ্রহম্ ॥৬॥
তৎ প্রাপ্য চ বলো রাজন্! তীর্থপ্রবরমুত্তমম্।
বিধিবদ্বৈ দদৌ বিত্তং ব্রাহ্মণানাং মহাত্মনাম্ ॥৭॥ (যুগ্মকম্)

জনমেজয় উবাচ।

কপালমোচনং ব্রহ্মন্! কথং যত্র মহামুনিঃ।
মুক্তঃ কথঞ্চাস্য শিরো লগ্নং কেন চ হেতুনা ॥৮॥

বৈশম্পায়ন উবাচ।

পুরা বৈ দণ্ডকারণ্যে রাঘবেণ মহাত্মনা।
বসতা রাজশার্দ্দূল! রাক্ষসান্ শময়িষ্যতা ॥৯॥
জনস্থানে শিরশ্ছিন্নং রাক্ষসস্য দুরাত্মনঃ।
ক্ষুরেণ শিতধারেণ তৎ পপাত মহাবনে ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যস্য সঃ, মহোদরো নাম। রামেণ দাশরথিনা ক্ষিপ্তস্য শিরশ্ছেদেন বিজিতস্য। কাব্যেন শুক্রেণ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪—৫॥

যত্রেতি। অস্য শুক্রস্য। চিন্তয়ামাস শুক্র এব। বলো বলদেবঃ। বিত্তং ধনম্ ॥৬—৭॥

কপালেতি। কপালমোচনং নাম। মহামুনির্মহোদরঃ। লগ্নং জঙ্ঘায়াম্ ॥৮॥

পুরেতি। শময়িষ্যতা নাশয়িষ্যতা। জনস্থানে তদাখ্যে বনৈকদেশে ॥৯—১০॥

মহামুনি মহোদর এই তীর্থে সেই মস্তক হইতে মুক্ত হইয়াছিলেন। সেখানে মহাত্মা শুক্রাচার্য্য তপস্যা করিয়াছিলেন ॥৪—৫॥

রাজা! মহাত্মা শুক্রাচার্য্য যেখানে থাকিয়া, সমগ্র নীতিশাস্ত্র প্রণয়ন করিয়াছিলেন এবং তিনি যেখানে থাকিয়া দৈত্য ও দানবগণের যুদ্ধবিষয়ে চিন্তা করিতেন; বলরাম সেই উত্তম তীর্থশ্রেষ্ঠে গমন করিয়া, যথাবিধানে মহাত্মা ব্রাহ্মণগণকে ধন দান করিলেন ॥৬—৭॥

জনমেজয় বলিলেন—'মহর্ষি! মহামুনি মহোদর যেখানে মুক্ত হইয়াছিলেন, সেই তীর্থের নাম 'কপালমোচন' হইল কেন? এবং তাঁহার জঙ্ঘাদেশে মস্তক লগ্ন হইয়াছিলই বা কোন্ কারণে?' ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—রাজশ্রেষ্ঠ! পূর্ব্বকালে মহাত্মা রামচন্দ্র রাক্ষস বিনাশ করিবেন বলিয়া দণ্ডকারণ্যে বাস করতঃ, সুধার একটা ক্ষুরপ্রদ্বারা জনস্থানে একটা রাক্ষসের মস্তক ছেদন করিয়াছিলেন; সেই মস্তকটা মহাবনে পতিত হইয়াছিল ॥৯—১০॥

মহোদরস্য তল্লগ্নং জঙ্ঘায়াং বৈ যদৃচ্ছয়া।
বনে বিচরতো রাজন্! অস্থি ভিত্ত্বাস্ফুরত্তদা ॥১১॥
স তেন লগ্নেন তদা দ্বিজাতির্ন শশাক হ।
অভিগন্তুং মহাপ্রাজ্ঞস্তীর্থান্যায়তনানি চ ॥১২॥
স পূতিনা বিস্রবতা বেদনার্ত্তো মহামুনিঃ।
জগাম সর্ব্বতীর্থানি পৃথিব্যাঞ্চেতি নঃ শ্রুতম্ ॥১৩॥
স গত্বা সরিতঃ সর্বাঃ সমুদ্রাংশ্চ মহাতপাঃ।
কথয়ামাস তৎ সর্বমৃষীণাং ভাবিতাত্মনাম্ ॥১৪॥
আপ্লুতঃ সর্ব্বতীর্থেষু ন চ মোক্ষমবাপ্তবান্।
স তু শুশ্রাব বিপ্রেন্দ্রো মুনীনাং বচনং মহৎ ॥১৫॥
সরস্বত্যাস্তীর্থবরং খ্যাতমৌশনসং তদা।
সর্ব্বপাপপ্রশমনং সিদ্ধক্ষেত্রমনুত্তমম্ ॥১৬॥

ভারতকৌমুদী

মহোদরস্যেতি। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। অস্থি মহোদরজঙ্ঘায়া এব ॥১১॥
স ইতি। ন শশাক, ভারাতিরেকান্মহাবেদনানুভবাচ্চেতি ভাবঃ ॥১২॥
স ইতি। পূতিনা বিকৃতরক্তেন, বিস্রবতা নির্গচ্ছতা ॥১৩॥
স ইতি। ভাবিতাত্মনাং তপসা নির্ম্মলীকৃতচিত্তানাম্ ॥১৪॥
আপ্লুত ইতি। আপ্লুতঃ কৃতস্নানঃ। মোক্ষং তদ্রাক্ষসমস্তকাৎ ॥১৫॥
সরস্বত্যা ইতি। উশনসঃ শুক্রস্যেদমৌশনসম। ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ ॥১৬॥

রাজা! তৎকালে মহোদরমুনি বনে বিচরণ করিতেছিলেন; সেই মস্তকটা যাইয়া তাঁহার জঙ্ঘাদেশে লাগিয়াছিল এবং তাহা তাঁহার জঙ্ঘার অস্থি ভেদ করিয়া কাঁপিতেছিল ॥১১॥

জঙ্ঘাদেশে সেই মস্তকটা লাগিয়া যাওয়ায় মহোদরমুনি তীর্থে বা পুণ্য আয়তনে গমন করিতে সমর্থ হন নাই ॥১২॥

আমরা শুনিয়াছি—পরে অনবরত পুঁজ নির্গত হইতে থাকায় বেদনার্ত্ত হইয়াও মহামুনি মহোদর পৃথিবীর সমস্ত তীর্থেই গমন করিয়াছিলেন ॥১৩॥

ক্রমে মহাতপা মহোদর সমস্ত নদী ও সমুদ্রে গমন করিয়া, নির্ম্মলচিত্ত ঋষিগণের নিকটে সেই সমস্ত বৃত্তান্ত বলিয়াছিলেন ॥১৪॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ মহোদর সমস্ত তীর্থে স্নান করিয়াও সে রাক্ষসমস্তক হইতে মুক্তি পাইলেন না; তৎপরে তিনি মুনিদের নিকট সত্য কথা শুনিলেন ॥১৫॥

(১৫) আপ্লুত্য সর্ব্বতীর্থেষু·· বঙ্গ নি। (১৬) সরস্বত্যাং তীর্থবরং···পি।

স তু গত্বা ততস্তত্র তীর্থমৌশনসং দ্বিজঃ।
তত ঔশনসে তীর্থে তস্যোপস্পৃশতস্তদা।
তচ্ছিরশ্চরণং মুক্ত্বা পপাতান্তর্জলে তদা ॥১৭॥
বিমুক্তস্তেন শিরসা পরং সুখমবাপ হ।
স চাপ্যন্তর্জলে মূর্দ্ধা জগামাদর্শনং বিভো! ॥১৮॥
ততঃ স বিশিরা রাজন্! পূতাত্মা বীতকল্মষঃ।
আজগামাশ্রমং প্রীতঃ কৃতকৃত্যো মহোদরঃ ॥১৯॥
সোঽথ গত্বাশ্রমং পুণ্যং বিপ্রমুক্তো মহাতপাঃ।
কথয়ামাস তৎ সর্ব্বমৃষীণাং ভাবিতাত্মনাম্ ॥২০॥
তে শ্রুত্বা বচনং তস্য ততস্তীর্থস্য মানদ!।
কপালমোচনমিতি নাম চক্রুঃ সমাগতাঃ ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। উপস্পৃশতঃ স্নানং কুর্ব্বতঃ। অন্তর্জলে জলাভ্যন্তরে। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥
বিমুক্ত ইতি। অবাপ, মহোদরঃ। স মূর্দ্ধা রাক্ষসমস্তকম্ ॥১৮॥
তত ইতি। বিগতং শিরো রাক্ষসমস্তকং যস্মাৎ সঃ। বীতকল্মষস্ত্যক্তপাপঃ ॥১৯॥
স ইতি। বিপ্রমুক্তো রাক্ষসমস্তকামুক্তঃ। ভাবিতাত্মনাং তপসা নির্ম্মলচিত্তানাম্ ॥২০॥
ত ইতি। কপালস্য রাক্ষসশিরসো মোচনং মুক্তির্যস্মিন্ তৎ ॥২১॥

'সরস্বতীনদীর একটী তীর্থ আছে; তাহা শুক্রাচার্য্যের কৃত বলিয়া প্রসিদ্ধ, সমস্ত পাপনাশক, সিদ্ধক্ষেত্র ও সর্ব্বতীর্থশ্রেষ্ঠ' ॥১৬॥

তাহার পর মহোদরমুনি সেই ঔশনসতীর্থে গমন করিলেন; পরে তিনি যখন ঔশনসতীর্থে স্নান করেন, তখন সেই রাক্ষসমস্তকটা তাঁহার জঙ্ঘাদেশ হইতে জলমধ্যে পতিত হইল ॥১৭॥

রাজা! মহোদরমুনি সেই মস্তকমুক্ত হইয়া, অত্যন্ত আনন্দ লাভ করিলেন এবং সেই মস্তকটাও জলমধ্যে পতিত হইয়া অদৃশ্য হইল ॥১৮॥

রাজা! তদনন্তর সেই মহোদরমুনি মস্তকমুক্ত, পবিত্র, পাপহীন, কৃতকার্য্য ও সন্তুষ্ট হইয়া আপন আশ্রমে আগমন করিলেন ॥১৯॥

পরে সেই মহাতপা মহোদরমুনি মস্তকমুক্ত হইয়া, নিজের পবিত্র আশ্রমে যাইয়া, তত্রত্য নির্ম্মলচিত্ত মুনিগণের নিকট সেই সমস্ত বৃত্তান্ত বলিলেন ॥২০॥

সম্মানদাতা রাজা! তাহার পর সমাগত সেই ঋষিরা মহোদরমুনির কথা শুনিয়া, সেই ঔশনসতীর্থের নাম করিলেন—'কপালমোচন' ॥২১॥

(১৭) ততঃ স বিরুজো রাজন্!...নি।

স চাপি তীর্থপ্রবরং পুনর্গত্বা মহানৃষিঃ।
পীত্বা পয়ঃ সুবিপুলং সিদ্ধিমায়াত্তদা মুনিঃ ॥২২॥
তত্র দত্ত্বা বহূন্ দায়ান্ বিপ্রান্ সংপূজ্য মাধবঃ।
জগাম বৃষ্ণিপ্রবরো রুষদ্গোরাশ্রমং তদা ॥২৩॥
যত্র তপ্তং তপো ঘোরমার্ষ্টিষেণেন ভারত!।
ব্রাহ্মণ্যং লব্ধবাংস্তত্র বিশ্বামিত্রো মহামুনিঃ ॥২৪॥
সর্ব্বকামসমৃদ্ধং বৈ তত্রাশ্রমপদং মহৎ।
মুনিভির্ব্রাহ্মণৈশ্চৈব সেবিতং সর্ব্বদা বিভো! ॥২৫॥
ততো হলধরঃ শ্রীমান্ ব্রাহ্মণৈঃ পরিবারিতঃ।
জগাম যত্র রাজেন্দ্র! রুষদ্গুস্তনুমত্যজৎ ॥২৬॥
রুষদ্গুর্ব্রাহ্মণো বৃদ্ধস্তপোনিত্যশ্চ ভারত!।
দেহন্যাসে কৃতমনা বিচিন্ত্য বহুধা তদা ॥২৭॥

ভারতকৌমুদী

স ইতি। তীর্থপ্রবরং কপালমোচনমেব। পয়ঃ তজ্জলম্ ॥২২॥
তত্রেতি। দীয়ন্ত ইতি দায়া ধনানি। রুষদ্গোর্মুনিবিশেষস্য ॥২৩॥
যত্রেতি। আর্ষ্টিষেণেন তদাখ্যেন মুনিনা ॥২৪॥
সর্বেতি। সর্বৈঃ কামৈরভীষ্টবস্তুভিঃ সমৃদ্ধং সম্পন্নম্ ॥২৫॥
তত ইতি। শ্রীমান্ শিখাতিলকাদিধার্ম্মিকশোভাবান্ ॥২৬॥

মহর্ষি মহোদর পুনরায় তীর্থশ্রেষ্ঠ কপালমোচনে গমনপূর্ব্বক তাহার প্রচুর জল পান করিয়া, সিদ্ধিলাভ করিলেন ॥২২॥

বৃষ্ণিবংশশ্রেষ্ঠ বলরাম সেই কপালমোচনতীর্থে ব্রাহ্মণগণের পূজা ও তাঁহাদিগকে প্রচুর ধন দান করিয়া, তথা হইতে রুষদ্গুমুনির আশ্রমে গমন করিলেন ॥২৩॥

ভরতনন্দন! যেখানে আর্ষ্টিষেণমুনি ভয়ঙ্কর তপস্যা করিয়াছিলেন, সেইখানে মহামুনি বিশ্বামিত্রও ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন ॥২৪॥

রাজা! সেইস্থানে সমস্ত অভীষ্ট বস্তুতে পরিপূর্ণ বিশাল একটী আশ্রম আছে। মুনিরা ও ব্রাহ্মণেরা সর্ব্বদাই সেই আশ্রমে অবস্থান করেন ॥২৫॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর ধার্ম্মিকবেশে পরিশোভিত বলরাম ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া, সেই স্থানে গমন করিলেন; যে স্থানে রুষদ্গুমুনি দেহ ত্যাগ করিয়াছিলেন ॥২৬॥

(২২)···সিদ্ধিমাগাৎ তদা মুনিঃ—পি। (২৩)···রুষঙ্গোরাশ্রমং তদা—বঙ্গ বর্দ্ধ,···দত্ত্বা বহূন্ দেয়ান্··উশঙ্গোরাশ্রমং তদা—নি।

ততঃ সর্বানুপাদায় তনয়ান্ বৈ মহাতপাঃ।
রুষদ্গুরব্রবীত্তত্র নয়ধ্বং মাং পৃথূদকম্ ॥২৮॥
বিজ্ঞায়াতীতবয়সং রুষদ্গুং তে তপোধনাঃ।
তং বৈ তীর্থমুপানিম্যুঃ সরস্বত্যাস্তপোধনম্ ॥২৯॥
স তৈঃ পুত্রৈস্তদা ধীমানানীতো বৈ সরস্বতীম্।
পুণ্যাং তীর্থশতোপেতাং বিপ্রসঙ্ঘৈর্নিষেবিতাম্ ॥৩০॥
স তত্র বিধিনা রাজন্! আপ্লুত্য সুমহাতপাঃ।
জ্ঞাত্বা তীর্থগুণাংশ্চৈব প্রাহেদমৃষিসত্তমঃ।
সুপ্রীতঃ পুরুষব্যাঘ্র! সর্ব্বান্ পুত্রানুপাসতঃ ॥৩১॥
সরস্বত্যুত্তরে তীরে যস্ত্যজেদাত্মনস্তনুম্।
পৃথূদকে জপ্যপরো ন পুনর্ম্মরণং লভেৎ ॥৩২॥

ভারতকৌমুদী

রুষদ্গুরিতি। দেহস্ত ন্যাসে ত্যাগে, কৃতমনা আসীদিতি শেষঃ ॥২৭॥
তত ইতি। পৃথূনি বিপুলানি উদকানি যত্র তত্তীর্থম্ ॥২৮॥
বিজ্ঞায়েতি। অতীতং বয় আয়ুর্যস্ত তম্। তং রুষদ্গুম্ ॥২৯॥
স ইতি। তীর্থশতেন সিদ্ধক্ষেত্রসমূহেন, উপেতাং যুক্তাম্ ॥৩০॥
স ইতি। আপ্লুত্য অবগাহ্য। উপাসতঃ স্বং সেবমানান্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩১॥
সরস্বতীতি। পৃথূদকে বহুজলে। জপ্যপর ইষ্টমন্ত্রজপব্যাপৃতঃ। ন পুনর্ম্মরণং লভেৎ, মুক্তিলাভেন পুনর্জন্মাভাবাদিতি ভাবঃ ॥৩২॥

ভরতনন্দন! চিরকাল তপস্যানিরত, বৃদ্ধ ব্রাহ্মণ রুষদ্গু তৎকালে বহুবিধ চিন্তা করিয়া, দেহত্যাগের ইচ্ছা করিয়াছিলেন ॥২৭॥

ক্রমে মহাতপা রুষদ্গু সমস্ত পুত্রকে আনয়ন করিয়া, বলিয়াছিলেন যে—'আমাকে প্রচুর জলসম্পন্ন তীর্থে লইয়া চল' ॥২৮॥

তখন সেই তপস্বী পুত্রেরা পিতা রুষদ্গুর আয়ুঃশেষ হইয়াছে জানিয়া, সেই তপোধনকে সরস্বতীর তীর্থে লইয়া গেলেন ॥২৯॥

সেই পুত্রেরা জ্ঞানী রুষদ্গুকে পবিত্র, বহু তীর্থযুক্ত ও ব্রাহ্মণগণসেবিত সরস্বতীনদীতীরে আনয়ন করিলেন ॥৩০॥

পুরুষশ্রেষ্ঠ রাজা! সেই মহাতপা ও ঋষিশ্রেষ্ঠ রুষদ্গু সরস্বতীনদীতে যথাবিধানে স্নান এবং তীর্থের গুণ স্মরণ করিয়া, সন্তুষ্টচিত্তে শুশ্রূষাকারী পুত্রগণকে বলিলেন—॥৩১॥

(৩২)···নৈনং শ্বো মরণং তপেৎ···বঙ্গ বর্দ্ধ নি।

তত্রাপ্লুত্য স ধর্ম্মাত্মা উপস্পৃশ্য হলায়ুধঃ।
দত্ত্বা চৈব বহূন্ দায়ান্ বিপ্রাণাং বিপ্রবৎসলঃ ॥৩৩॥
সসর্জ্জ যত্র ভগবাল্লোঁকাল্লোঁকপিতামহঃ।
যত্রার্ষ্টিষেণঃ কৌরব্য! ব্রাহ্মণ্যং সংশিতব্রতঃ।
তপসা মহতা রাজন্! প্রাপ্তবানৃষিসত্তমঃ ॥৩৪॥
সিন্ধুদ্বীপশ্চ রাজর্ষির্দেবাপিশ্চ মহাতপাঃ।
ব্রাহ্মণ্যং লব্ধবান্ যত্র বিশ্বামিত্রস্তথা মুনিঃ ॥৩৫॥
মহাতপস্বী ভগবানুগ্রতেজা মহাযশাঃ।
তত্রাজগাম বলবান্ বলভদ্রঃ প্রতাপবান্ ॥৩৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। আপ্লুত্য স্নাত্বা। উপস্পৃশ্য আচম্য। প্রীতোঽভূদিতি শেষঃ ॥৩৩॥

সসর্জ্জেতি। লোকপিতামহো ব্রহ্মা। সংশিতব্রতো দৃঢ়নিয়মঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ। রাজা ক্ষত্রিয়শ্চাসৌ ঋষিশ্চেতি রাজর্ষিঃ। ভগবান্ তপঃপ্রভাবেণ মাহাত্ম্যবান্ ॥৩৪—৩৬॥

ভারতভাবদীপঃ

উষিত্বেতি ॥১—৩১॥ শ্বো মরণম্ তপেৎ অক্ষয়ং স্বর্গমাপ্নোতীত্যর্থঃ ॥৩২—৩৩॥ ব্রাহ্মণং ব্রহ্মসঙ্ঘাতো বেদসমূহ ইতি যাবৎ, ততঃ স্বার্থে ষ্যঞ্। "ব্রাহ্মণং ব্রহ্মসঙ্ঘাতে" ইতি মেদিনী ॥৩৪—৬৮॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭॥

'যে লোক সরস্বতীনদীর উত্তর তীরে প্রচুর জলমধ্যে থাকিয়া, ইষ্টমন্ত্রজপে ব্যাপৃত হইয়া, নিজের দেহ ত্যাগ করে; তাহার আর জন্ম হয় না এবং পুনরায় মৃত্যুদুঃখ ভোগও করিতে হয় না' ॥৩২॥

ব্রাহ্মণবৎসল ও ধর্ম্মাত্মা বলরাম সেই স্থানে স্নান, আচমন ও ব্রাহ্মণগণকে ধন দান করিয়া প্রীতিলাভ করিলেন ॥৩৩॥

কৌরবনন্দন! ব্রহ্মা যেখানে থাকিয়া জগৎ সৃষ্টি করিয়াছিলেন, দৃঢ়নিয়মশালী ও ঋষিশ্রেষ্ঠ আর্ষ্টিষেণ যেখানে গুরুতর তপস্যার প্রভাবে ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন এবং রাজর্ষি সিন্ধুদ্বীপ, মহাতপা দেবাপি, আর মহাতপস্বী, উগ্রতেজা, মহাযশা, মাহাত্ম্যশালী ও মহামুনি বিশ্বামিত্র যেখানে থাকিয়া, তপস্যার প্রভাবে ব্রাহ্মণ হইয়াছিলেন; বলবান্ ও প্রতাপশালী বলরাম সেইখানে আগমন করিলেন ॥৩৪—৩৬॥

(৩৬) ইতঃ পরম্ '…একোনচত্বারিংশোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বৰ্দ্ধ বা সো, '…চত্বারিংশোঽধ্যায়ঃ'—নি।

জনমেজয় উবাচ।

কথমার্ষ্টিষেণো ভগবান্ বিপুলং তপ্তবাংস্তপঃ।
সিন্ধুদ্বীপঃ কথঞ্চাপি ব্রাহ্মণ্যং লব্ধবাংস্তদা ॥৩৭॥
দেবাপিশ্চ কথং ব্রহ্মন্! বিশ্বামিত্রশ্চ সত্তম!।
তন্মমাচক্ষ্ব ভগবন্! পরং কৌতূহলং হি মে ॥৩৮॥

বৈশম্পায়ন উবাচ।

পুরা কৃতযুগে রাজন্! আর্ষ্টিষেণো দ্বিজোত্তমঃ।
বসন্ গুরুকুলে নিত্যং নিত্যমধ্যয়নে রতঃ ॥৩৯॥
তস্য রাজন্! গুরুকুলে বসতো নিত্যমেব হ।
সমাপ্তিং নাগমদ্বিদ্যা নাপি বেদা বিশাংপতে! ॥৪০॥
স নির্বিণ্ণস্ততো রাজন্! তপস্তেপে মহাতপাঃ।
ততো বৈ তপসা তেন প্রাপ বেদাননুত্তমান্ ॥৪১॥

ভারতকৌমুদী

কথমিতি। ঋষ্টিষেণস্য রাজ্ঞোঽপত্যমিতি আর্ষ্টিষেণঃ ॥৩৭॥

দেবাপিরিতি। হে সত্তম! সাধুশ্রেষ্ঠ!। আচক্ষ্ব ব্রূহি ॥৩৮॥

পুরেতি। দ্বিজোত্তমঃ ক্ষত্রিয়শ্রেষ্ঠঃ পূর্বং রাজর্ষিরিত্যভিধানাৎ। গুরোঃ কুলে ভবনে, রত আসীৎ ॥৩৯॥

তস্যেতি। বিদ্যা ব্যাকরণাদীনাম্, বেদাশ্চ সমাপ্তিং নাগমন্ ॥৪০॥

স ইতি। নির্বিণ্ণ আত্মগ্লানিং প্রাপ্তঃ; তাদৃশবুদ্ধিমেধয়োরভাবাৎ ॥৪১॥

জনমেজয় বলিলেন—'মাহাত্ম্যশালী আর্ষ্টিষেণ কি প্রকারে গুরুতর তপস্যা করিয়াছিলেন এবং সেই সময়ে সিন্ধুদ্বীপই বা কি প্রকারে ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন ॥৩৭॥

মাহাত্ম্যশালী সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ! দেবাপি ও বিশ্বামিত্রই বা কি করিয়া ব্রাহ্মণ হইয়াছিলেন, তাহা আপনি আমার নিকট বলুন। কারণ, উহা শুনিবার জন্য আমার গুরুতর কৌতূহল জন্মিয়াছে' ॥৩৮॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! পূর্ব্বকালে সত্যযুগে ক্ষত্রিয়শ্রেষ্ঠ আর্ষ্টিষেণ সর্ব্বদা গুরুকুলে বাস করিতে থাকিয়া, সর্ব্বদাই অধ্যয়নে ব্যাপৃত থাকিতেন ॥৩৯॥

নরনাথ! আর্ষ্টিষেণ সর্ব্বদা গুরুগৃহে থাকিয়া, সর্ব্বদা অধ্যয়নে ব্যাপৃত থাকিলেও, তাঁহার বেদাঙ্গবিদ্যা বা বেদবিদ্যা সমাপ্ত হইল না ॥৪০॥

---

(৩৭) আর্ষ্টিষেণস্তথা ব্রহ্মন্! বিপুলং তপ্তবাংস্তপঃ…নি।

স বিদ্বান্ বেদযুক্তশ্চ সিদ্ধশ্চাপ্যৃষিসত্তমঃ।
তত্র তীর্থে বরান্ প্রাদাত্ত্রীনেব সুমহাতপাঃ ॥৪২॥
অস্মিংস্তীর্থে মহানদ্যা অদ্যপ্রভৃতি মানবঃ।
আপ্লুতো বাজিমেধস্য ফলং প্রাপ্স্যতি পুষ্কলম্ ॥৪৩॥
অদ্যপ্রভৃতি নৈবাত্র ভয়ং ব্যালাদ্ভবিষ্যতি।
অপি চাল্পেন যত্নেন ফলং প্রাপ্স্যতি পুষ্কলম্ ॥৪৪॥
এবমুক্ত্বা মহাতেজা জগাম ত্রিদিবং মুনিঃ।
এবং সিদ্ধঃ স ভগবানার্ষ্টিষেণঃ প্রতাপবান্ ॥৪৫॥
তস্মিন্নেব তদা তীর্থে সিন্ধুদ্বীপঃ প্রতাপবান্।
দেবাপিশ্চ মহারাজ! ব্রাহ্মণ্যং প্রাপতুর্মহৎ ॥৪৬॥

ভারতকৌমুদী

স ইতি। বিদ্বান্ বেদাঙ্গেষু। প্রাদান্মানবমাত্রেভ্যঃ ॥৪২॥
অস্মিন্নিতি। মহানদ্যাঃ সরস্বত্যাঃ। বাজিমেধস্য অশ্বমেধস্য ॥৪৩॥
অদ্যেতি। ব্যালাৎ হিংস্রজন্তোঃ। যত্নেন সৎকার্য্যে, পুষ্কলং প্রচুরম্ ॥৪৪॥
এবমিতি। জগাম দেহং বিহায়। সিদ্ধস্তপস্যায়াং কৃতকার্য্য আসীৎ ॥৪৫॥
তস্মিন্নিতি। প্রতাপবান্ তপঃপ্রভাবশালী। মহৎ সর্ব্বাঙ্গপূর্ণতয়া প্রশস্তম্ ॥৪৬॥

রাজা! তাহাতে তিনি অত্যন্ত আত্মগ্লানি ভোগ করিয়া, মহাতপা হইয়া, গুরুতর তপস্যা করিতে লাগিলেন; তাহার পর সেই তপস্যার ফলে তিনি সর্বোত্তম বেদ ও বেদাঙ্গবিদ্যা লাভ করিলেন ॥৪১॥

সেই রাজর্ষিশ্রেষ্ঠ আর্ষ্টিষেণ মহাতপা হইয়া ক্রমে বেদাঙ্গবিদ্যা, বেদবিদ্যা ও সিদ্ধিলাভ করিয়া, সেই তীর্থে সমস্ত মানুষের উদ্দেশে তিনটী বর দান করিলেন—॥৪২॥

'মানুষ আজ হইতে মহানদী সরস্বতীর এই তীর্থে স্নান করিয়া, অশ্বমেধযজ্ঞের ন্যায় প্রচুর ফল লাভ করিবে ॥৪৩॥

অদ্য হইতে এখানে মানুষের পক্ষে কোন হিংস্র জন্তুর ভয় হইবে না এবং মানুষ এখানে অল্প চেষ্টা করিয়াও সৎকার্য্যের প্রচুর ফল লাভ করিবে' ॥৪৪॥

এইরূপ বলিয়া মহাতেজা আর্ষ্টিষেণমুনি দেহ ত্যাগ করিয়া, স্বর্গে গমন করিয়াছিলেন; তপঃপ্রভাব ও মাহাত্ম্যশালী আর্ষ্টিষেণ তপস্যার প্রভাবে এইরূপে কৃতকার্য্য হইয়াছিলেন ॥৪৫॥

(৪৪) · অপি চাল্পেন কালেন...নি।

তথা চ কৌশিকস্তাত ! তপোনিত্যো জিতেন্দ্রিয়ঃ ।
তপসা বৈ সুতপ্তেন ব্রাহ্মণত্বমবাপ্তবান্ ॥৪৭॥
গাধির্নাম মহানাসীৎ ক্ষত্রিয়ঃ প্রথিতো ভুবি ।
তস্য পুত্রোঽভবদ্রাজন্ ! বিশ্বামিত্রঃ প্রতাপবান্ ॥৪৮॥
স রাজা কৌশিকস্তাত ! মহাযোগ্যভবৎ কিল ।
স পুত্রমভিষিচ্যাথ বিশ্বামিত্রং মহাতপাঃ ॥৪৯॥
দেহন্যাসে মনশ্চক্রে তমূচুঃ প্রণতাঃ প্রজাঃ ।
ন গন্তব্যং মহাপ্রাজ্ঞ ! ত্রাহি চাস্মান্ মহাভয়াৎ ॥৫০॥
এবমুক্তঃ প্রত্যুবাচ ততো গাধিঃ প্রজাস্ততঃ ।
বিশ্বস্য জগতো গোপ্তা ভবিষ্যতি সুতো মম ॥৫১॥
ইত্যুক্ত্বা তু ততো গাধির্বিশ্বামিত্রং নিবেশ্য চ ।
জগাম ত্রিদিবং রাজন্ ! বিশ্বামিত্রোঽভবন্নৃপঃ ।
ন স শক্নোতি পৃথিবীং যত্নবানপি রক্ষিতুম্ ॥৫২॥

ভারতকৌমুদী

তথেতি। কৌশিকো বিশ্বামিত্রঃ, তপো নিত্যং সার্ব্বকালিকং যস্য সঃ ॥৪৭॥
গাধিরিতি। বিশ্বস্য মিত্রং বিশ্বামিত্রঃ, "হ্রস্বস্য দীর্ঘতা" ইতি দীর্ঘত্বে পুংস্ত্বং রূঢ়েঃ ॥৪৮॥
স ইতি। কৌশিকঃ কুশিকপুত্রঃ। দেহস্য ন্যাসে ত্যাগে ॥৪৯—৫০॥
এবমিতি। বিশ্বস্য সর্ব্বস্য। গোপ্তা রক্ষিতা ॥৫১॥

মহারাজ ! তৎকালে সেই তীর্থে সিন্ধুদ্বীপ এবং দেবাপিও তপস্যার প্রভাবে সর্ব্বাঙ্গসম্পন্ন ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন ॥৪৬॥

বৎস ! আর জিতেন্দ্রিয় এবং সর্বদা তপস্যায় ব্যাপৃত বিশ্বামিত্রও সম্যক্‌রূপে অনুষ্ঠিত তপস্যার বলে ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন ॥৪৭॥

রাজা ! গাধিনামে জগৎপ্রসিদ্ধ এক মহাক্ষত্রিয় ছিলেন ; প্রতাপশালী বিশ্বামিত্র তাঁহারই পুত্র ছিলেন ॥৪৮॥

বৎস ! কুশিকনন্দন সেই গাধিরাজা মহাযোগী হইয়াছিলেন ; ক্রমে মহাতপা সেই গাধিরাজা পুত্র বিশ্বামিত্রকে রাজ্যে অভিষিক্ত করিয়া, দেহ ত্যাগ করিবার ইচ্ছা করিলেন ; তখন প্রজারা অবনত হইয়া তাঁহাকে বলিল—'মহাপ্রাজ্ঞ রাজা ! আপনি মর্ত্ত্যলোক পরিত্যাগ করিয়া যাইবেন না, আমাদিগকে দস্যুতস্করপ্রভৃতির মহাভয় হইতে রক্ষা করিতে থাকুন' ॥৪৯—৫০॥

প্রজারা এইরূপ বলিলে, গাধি সেই প্রজাগণকে বলিলেন—'আমার পুত্র সমগ্র জগতের রক্ষক হইবে' ॥৫১॥

ততঃ শুশ্রাব রাজা স রাক্ষসেভ্যো মহাভয়ম্।
নির্যযৌ নগরাচ্চাপি চতুরঙ্গবলান্বিতঃ ॥৫৩॥
স গত্বা দূরমধ্বানং বশিষ্ঠাশ্রমমভ্যয়াৎ।
তস্য তে সৈনিকা রাজন্! চক্রুস্তত্রানয়ান্ বহূন্ ॥৫৪॥
ততস্তু ভগবান্ বিপ্রো বশিষ্ঠাশ্রমমভ্যয়াৎ।
দদৃশেঽথ ততঃ সর্বং ভজ্যমানং মহাবলম্ ॥৫৫॥
তস্য ক্রুদ্ধো মহারাজ! বশিষ্ঠো মুনিসত্তমঃ।
সৃজস্ব শবরান্ ঘোরনিতি স্বাং গামুবাচ হ ॥৫৬॥
তথোক্তা সাসৃজদ্ধেনুঃ পুরুষান্ ঘোরদর্শনান্।
তে চ তদ্বলমাসাদ্য বভঞ্জুঃ সর্বতোদিশম্ ॥৫৭॥

ভারতকৌমুদী

ইতীতি। নিবেশ্য রাজ্যে সংস্থাপ্য। ন শক্নোতি স্ম রাক্ষসোপদ্রবাতিরেকাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥

তত ইতি। চত্বারি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি অঙ্গানি যস্য তেন তাদৃশেন বলেন সৈন্যেন অন্বিতঃ ॥৫৩॥

স ইতি। অনয়ান্ বনভঙ্গাদিরূপান্ অত্যাচারান্ ॥৫৪॥

তত ইতি। বশিষ্ঠাশ্রমমিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৫৫॥

তস্যেতি। শবরান্ দুর্দ্ধর্ষম্লেচ্ছবিশেষান্। গাং কামধেনুম্ ॥৫৬॥

রাজা! এই কথা বলিয়া গাধি বিশ্বামিত্রকে রাজ্য স্থাপন করিয়া স্বর্গে চলিয়া গেলেন এবং বিশ্বামিত্র রাজা হইলেন। কিন্তু তিনি যত্ন করিয়াও রাজ্য রক্ষা করিতে পারিয়া উঠিলেন না ॥৫২॥

ক্রমে বিশ্বামিত্র শুনিলেন—রাজ্যমধ্যে রাক্ষসের গুরুতর উপদ্রব চলিতেছে। তাহার পর তিনি চতুরঙ্গসৈন্য লইয়া রাজধানী হইতে নির্গত হইলেন ॥৫৩॥

রাজা! বিশ্বামিত্র দূরপথ অতিক্রম করিয়া, ক্রমে বশিষ্ঠের আশ্রমে যাইয়া উপনীত হইলেন; কিন্তু সেখানে উপস্থিত হইয়াই তাঁহার সৈন্যেরা বহুতর অত্যাচার করিতে লাগিল ॥৫৪॥

তদনন্তর মাহাত্ম্যশালী ব্রাহ্মণ বশিষ্ঠ আশ্রমে আগমন করিলেন এবং দেখিলেন—বিশ্বামিত্রের সৈন্যেরা নিজের বিশাল তপোবন ভগ্ন করিতেছে ॥৫৫॥

মহারাজ! তাহার পর বশিষ্ঠ বিশ্বামিত্রের উপরে ক্রুদ্ধ হইয়া, নিজের কামধেনুকে বলিলেন—'ভদ্রে! তুমি ভীষণ শবরসৈন্যই সৃষ্টি কর' ॥৫৬॥

(৫৫)·· প্রদৃশ্যাথ ততঃ সর্ব্বং···পি। (৫৬)·· সৃজস্ব শুবরান্ ঘোরান্···পি।

তচ্ছ্রুত্বা বিদ্রুতং সৈন্যং বিশ্বামিত্রস্তু গাধিজঃ।
তপঃ পরং মন্যমানস্তপস্যেব মনো দধে ॥৫৮॥
সোঽস্মিংস্তীর্থবরে রাজন্! সরস্বত্যাঃ সমাহিতঃ।
নিয়মৈশ্চোপবাসৈশ্চ কর্ষয়ন্ দেহমাত্মনঃ ॥৫৯॥
জলাহারো বায়ুভক্ষ্যঃ পর্ণাহারশ্চ সোঽভবৎ।
তথা স্থণ্ডিলশায়ী চ যে চান্যে নিয়মাঃ পৃথক্ ॥৬০॥
অসকৃত্তস্য দেবাস্তু ব্রতবিঘ্নং প্রচক্রিরে।
ন চাস্য নিয়মাদ্‌বুদ্ধিরপযাতি কদাচন ॥৬১॥
ততঃ পরেণ যত্নেন তপ্ত্বা বহুবিধং তপঃ।
তেজসা ভাস্করাকারো গাধিজঃ সমপদ্যত ॥৬২॥

ভারতকৌমুদী

তথেতি। তদ্বলং বিশ্বামিত্রসৈন্যম্। বভঞ্জুরামর্দ্দয়ামাসুঃ ॥৫৭॥
তদিতি। বিদ্রুতং ভয়েন পলায়িতম্। পরং সর্বোৎকৃষ্টং বলম্ ॥৫৮॥
স ইতি। সমাহিতঃ সমাধিমানাসীৎ। নিয়মৈর্জপাদিভিঃ ॥৫৯॥
জলেতি। অন্যে নিয়মাঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদয়ঃ, তদনুষ্ঠায়ী চেতি শেষঃ ॥৬০॥
অসকৃদিতি। ব্রতবিঘ্নং প্রচক্রিরে, স্বস্বপদাধিকারভয়াদিতি ভাবঃ ॥৬১॥
তত ইতি। পরেণ সমধিকেন, তপ্ত্বা কৃত্বা। সমপদ্যত অভবৎ ॥৬২॥

বশিষ্ঠ সেইরূপ বলিলে, কামধেনু বহুতর ভীষণমূর্ত্তি মানুষ সৃষ্টি করিল; তখনই তাহারা সকল দিকে যাইয়া, বিশ্বামিত্রের সৈন্যগণকে মর্দ্দন করিতে থাকিল ॥৫৭॥

ক্রমে গাধিনন্দন বিশ্বামিত্র আপন সৈন্যগণের পলায়ন বৃত্তান্ত শুনিয়া, তপস্যাকেই সর্ব্বোৎকৃষ্ট মনে করিয়া, তপস্যা করিবারই ইচ্ছা করিলেন ॥৫৮॥

রাজা! পরে বিশ্বামিত্র সেই প্রধানতীর্থে থাকিয়া, ব্রত ও উপবাসপ্রভৃতি নিয়মদ্বারা দেহকে কৃশ করিতে প্রবৃত্ত হইয়া, যোগাভ্যাস করিতে লাগিলেন ॥৫৯॥

বিশ্বামিত্র কোন দিন জল, কোন দিন বায়ু এবং কোন দিন বৃক্ষের পর্ণমাত্র আহার করিয়া থাকিতেন, স্থণ্ডিলে শয়ন করিতেন; আর তপস্যার অন্যান্য যে সকল নিয়ম আছে, তাহাও পালন করিতেন ॥৬০॥

দেবতারা বহু বার বিশ্বামিত্রের ব্রতবিঘ্ন ঘটাইবার চেষ্টা করিয়াছিলেন বটে; কিন্তু কখনই তাঁহার বুদ্ধি ব্রতনিয়ম হইতে বিচ্যুত হয় নাই ॥৬১॥

তাহার পর বিশ্বামিত্র পরমযত্নসহকারে নানাবিধ তপস্যা করিয়া, তেজে সূর্য্যের তুল্য হইয়া পড়িলেন ॥৬২॥

তপসা তু তথা যুক্তং বিশ্বামিত্রং পিতামহঃ।
অমন্যত মহাতেজা বরদোঽদর্শয়ত্তদা ॥৬৩॥
স তু বব্রে বরং রাজন্! স্যামহং ব্রাহ্মণস্ত্বিতি।
তথেতি চাব্রবীদ্ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ ॥৬৪॥
স লব্ধ্বা তপসোগ্রেণ ব্রাহ্মণত্বং মহাযশাঃ।
বিচচার মহীং কৃৎস্নাং কৃতকামঃ সুরোপমঃ ॥৬৫॥
তস্মিংস্তীর্থবরে রামঃ প্রদায় বিবিধং বসু।
পয়স্বিনীস্তথা ধেনূর্যানানি শয়নানি চ ॥৬৬॥
অথ বস্ত্রাণ্যলঙ্কারং ভক্ষ্যং পেয়ঞ্চ শোভনম্।
অদদন্মুদিতো রাজন্! পূজয়িত্বা দ্বিজোত্তমান্ ॥৬৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তপসেতি। পিতামহো ব্রহ্মা। অদর্শয়দাত্মানমিতি শেষঃ ॥৬৩॥
স ইতি। সর্ব্বেষামেব লোকানাং পিতামহঃ পিতুরপি জনকত্বাৎ ॥৬৪॥
স ইতি। উগ্রেণ ভীষণেন। কৃতকামঃ সম্পাদিতসর্বাভীষ্টঃ ॥৬৫॥
তস্মিন্নিতি। বসু ধনম্। পয়স্বিনীর্দুগ্ধবতীঃ। যানানি রথাদীনি। শয়নানি শয্যাঃ। মুদিত আনন্দিতচিত্তঃ ॥৬৬—৬৭॥

তখন মহাতেজা ও বরদাতা ব্রহ্মা বিশ্বামিত্রকে প্রকৃত তপস্বী বলিয়া মনে করিলেন এবং তাঁহার নিকট আসিয়া আত্মদর্শন করাইলেন ॥৬৩॥

রাজা! তখন বিশ্বামিত্র বর চাহিলেন—'আমি যেন ব্রাহ্মণ হই' এবং সর্বলোকপিতামহ ব্রহ্মা বলিলেন—'তাহাই হও' ॥৬৪॥

মহাযশা বিশ্বামিত্র নিজের ভয়ঙ্কর তপস্যার প্রভাবে সেই বর লাভ করিয়া এবং কৃতকার্য্য ও দেবতার তুল্য হইয়া, সমগ্র পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন ॥৬৫॥

রাজা! তদনন্তর বলরাম সেই শ্রেষ্ঠতীর্থে ব্রাহ্মণগণের সম্মানপ্রদর্শনপূর্ব্বক আনন্দিতচিত্তে তাঁহাদিগকে নানাবিধ ধন, দুগ্ধবতী ধেনু, যান ও শয্যা দান করিয়া, বস্ত্র, অলঙ্কার এবং উত্তম খাদ্য ও পেয় দান করিলেন ॥৬৬—৬৭॥

(৬৩)··বরদো বরমস্তু তৎ—পি বঙ্গ বর্দ্ধ। (৬৬)· দত্ত্বা চ বিবিধং বসু···পি। (৬৭) ···অদদান্মুদিতো রাজন্!···পি।

যযৌ রাজন্ ! ততো রামো বকস্যাশ্রমমন্তিকাৎ ।
যত্র তেপে তপস্তীব্রং দাল্ভ্যো বক ইতি শ্রুতঃ ॥৬৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে বলদেবতীর্থযাত্রায়াং সারস্বতোপাখ্যানে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ।

————:০*০:————

বৈশম্পায়ন উবাচ ।

ব্রহ্মঘোষৈরবাকীর্ণং জগাম যদুনন্দনঃ ।
যত্র দাল্ভ্যো বকো রাজন্ ! আশ্রমস্থো মহাতপাঃ ॥১॥
জুহাব ধৃতরাষ্ট্রস্য রাষ্ট্রং বৈচিত্রবীর্য্যিণঃ ।
তপসা ঘোররূপেণ কর্ষয়ন্ দেহমাত্মনঃ ।
ক্রোধেন মহতাবিষ্টো ধর্ম্মাত্মা বৈ প্রতাপবান্ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যযাবিতি । বকস্য তদাখ্যস্য মুনেঃ । দাল্ভ্যো দল্ভপুত্রঃ ॥৬৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

————:০:————

ব্রহ্মেতি । ব্রহ্মঘোষৈর্বেদধ্বনিভিঃ, অবাকীর্ণং ব্যাপ্তম্ আশ্রমমিতি শেষঃ । রাষ্ট্রং

ভারতভাবদীপঃ

ব্রহ্মেতি । ব্রহ্মযোনের্ব্রাহ্মণ্যোৎপাদকাত্তীর্থাদবাকীর্ণং নাম দাল্ভ্যসেবিতং তীর্থং জগাম ॥১॥ তস্যাবাকীর্ণত্বমাহ—জুহাবেত্যাদিনা । অবাকীর্য্যন্তে নীচৈরবপাত্যন্তে শত্রবোঽস্মিন্নিত্যবা-কীর্ণমিত্যর্থঃ । বৈচিত্রবীর্য্যিণঃ বিচিত্রবীর্য্য এব বৈচিত্রবীর্য্যঃ স পিতৃত্বেনাস্ত্যস্য তস্যে-

রাজা ! তাহার পর বলরাম নিকটবর্ত্তী বকমুনির আশ্রমে গমন করিলেন । যেখানে দল্ভ্যমুনির পুত্র বক ভয়ঙ্কর তপস্যা করিয়াছিলেন ॥৬৮॥

——:-০-:——

* '…চত্বারিংশত্তমোঽধ্যায়ঃ…' পি বঙ্গ বৰ্দ্ধ বা সো, '…একচত্বারিংশোঽধ্যায়ঃ…' নি ।

(১) ব্রহ্মযোনিভিরাকীর্ণং… পশ্বর্দ্ধং সুমহাতপাঃ—নি ।

পুরা হি নৈমিষীয়াণাং সত্রে দ্বাদশবার্ষিকে।
বৃত্তে বিশ্বজিতোঽন্তে বৈ পাঞ্চালানৃষয়োঽগমন্ ॥৩॥
তত্রেশ্বরমযাচন্ত দক্ষিণার্থং মনীষিণঃ।
বলান্বিতান্ বৎসতরান্নির্ব্যাধীনেকবিংশতিম্ ॥৪॥
তানব্রবীদ্বকো দাল্‌ভ্যো বিভজধ্বং পশূনিতি।
পশূনেতানহং ত্যক্ত্বা ভিক্ষিষ্যে রাজসত্তমম্ ॥৫॥

ভারতকৌমুদী

রাজ্যং নাশয়িতুমিতি তাৎপর্য্যম্। বিচিত্রবীর্য্য এব বৈচিত্রবীর্য্যঃ প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্, জনকতয়া সোঽস্যাস্তীতি বিচিত্রবীর্য্য তস্য বিচিত্রবীর্য্যপুত্রস্যেত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১—২॥

ক্রোধং প্রতি কারণমাহ শ্লোকত্রয়েণ পুরেতি। সত্রে যজ্ঞে। বৃত্তে সমাপ্তে, বিশ্বজিতন্তদাখ্যস্য যজ্ঞস্য ॥৩॥

তত্রেতি। ঈশ্বরং পাঞ্চালরাজম্। মনীষিণো জ্ঞানিন ঋষয়ঃ ॥৪॥

তানিতি। পশূন্ লব্ধান্ বৎসতরান্। রাজসত্তমমন্যম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

বেত্যর্থঃ ॥২॥ প্রতাপবান্ রাষ্ট্রং জুহাবেতি সম্বন্ধঃ। সত্রে বৃত্তে নিবৃত্তে সতীত্যুত্তরেণ সম্বন্ধঃ। পাঞ্চালান্ বিশ্বজিতো যজ্ঞস্যান্তে অগমন্ পাঞ্চালরাজানং যযুরিত্যর্থঃ, ঈশ্বরং পাঞ্চালরাজম্ ॥৩—৪॥ এতান্ পাঞ্চালরাজদত্তান্ স্বয়ং তত্র ভাগং ন গৃহীতবানিত্যর্থঃ

বৈশম্পায়ন বলিলেন—রাজা! ক্রমে বলরাম বেদধ্বনিতে পরিপূর্ণ বকমুনির আশ্রমে যাইয়া উপস্থিত হইলেন; মহাতপা, ধর্ম্মাত্মা ও প্রতাপশালী দল্‌ভপুত্র বকমুনি যে আশ্রমে থাকিয়া, মহাক্রোধাবিষ্ট হইয়া ভীষণ তপস্যায় দেহ কৃশ করতঃ বিচিত্রবীর্য্যের পুত্র ধৃতরাষ্ট্রের রাজ্য ধ্বংস করিবার জন্য হোম করিয়াছিলেন ॥১—২॥

পূর্ব্বকালে নৈমিষারণ্যবাসী ঋষিগণের দ্বাদশবর্ষব্যাপী যজ্ঞ সমাপ্ত হইলে এবং বিশ্বজিৎ যজ্ঞের পরে বহু ঋষি দক্ষিণাদ্রব্য সংগ্রহ করিবার জন্য পাঞ্চালদেশে গমন করিলেন ॥৩॥

সে দেশে যাইয়া সেই ঋষিরা দক্ষিণার জন্য পাঞ্চালরাজের নিকটে একুশটী সবল ও নীরোগ গোবৎস প্রার্থনা করিলেন ॥৪॥

সেই পশুগুলি প্রাপ্ত হইলে, দল্‌ভপুত্র বকমুনি অন্য মুনিগণকে বলিলেন—'আপনারা এই পশুগুলিকে ভাগ করিয়া গ্রহণ করুন; আমি এ পশুগুলিকে পরিত্যাগ করিয়া, অন্য শ্রেষ্ঠ রাজার নিকট অপর পশু ভিক্ষা করিব' ॥৫॥

এবমুক্ত্বা ততো রাজন্ ! ঋষীন্ সর্ব্বান্ প্রতাপবান্।
জগাম ধৃতরাষ্ট্রস্য ভবনং ব্রাহ্মণোত্তমঃ ॥৬॥
স সমীপগতো ভূত্বা ধৃতরাষ্ট্রং জনেশ্বরম্।
অযাচত পশূন্ দাল্‌ভ্যঃ স চৈনং রুষিতোঽব্রবীৎ ॥৭॥
যদৃচ্ছয়া মৃতান্ দৃষ্ট্বা গাস্তদা নৃপসত্তমঃ।
এতান্ পশূন্ নয় ক্ষিপ্রং ব্রহ্মবন্ধো ! যদীচ্ছসি ॥৮॥
ঋষিস্ত্বথ বচঃ শ্রুত্বা চিন্তয়ামাস ধর্ম্মবিৎ।
অহো বত ! নৃশংসং বৈ বাক্যমুক্তশ্চ সংসদি ॥৯॥
চিন্তয়িত্বা মুহূর্ত্তন্তু রোষাবিষ্টো দ্বিজোত্তমঃ।
মতিঞ্চক্রে বিনাশায় ধৃতরাষ্ট্রস্য ভূপতেঃ ॥১০॥

ভারতকৌমুদী

এবমিতি। জগাম পশুভিক্ষার্থম্। ব্রাহ্মণোত্তমো বকঃ ॥৬॥

স ইতি। দাল্‌ভ্যো দল্‌ভপুত্রো বকঃ। রুষিতঃ ক্রুদ্ধঃ ॥৭॥

যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, দৃষ্ট্বা জ্ঞাত্বা জন্মান্ধত্বাৎ। হে ব্রহ্মবন্ধো ! নিকৃষ্ট-ব্রাহ্মণ ! ॥৮॥

ঋষিরিতি। নৃশংসমতিনিষ্ঠুরম্। উক্তং ধৃতরাষ্ট্রেণ ॥৯॥

চিন্তেতি। মুহূর্ত্তং কিয়ৎকালম্। দ্বিজোত্তমো বকমুনিঃ ॥১০॥

রাজা ! প্রতাপশালী ব্রাহ্মণশ্রেষ্ঠ বক সমস্ত ঋষিকে এইরূপ বলিয়া, রাজা ধৃতরাষ্ট্রের ভবনে গমন করিলেন ॥৬॥

বকমুনি নিকটে যাইয়া রাজা ধৃতরাষ্ট্রের নিকট পশু প্রার্থনা করিলেন ; তখন ধৃতরাষ্ট্র ক্রুদ্ধ হইয়া বলিলেন ॥৭॥

রাজশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্র তখন ঈশ্বরেচ্ছাক্রমে কতকগুলি গরু মরিয়াছে জানিয়া বলিলেন—'ব্রাহ্মণাধম ! তুমি যদি ইচ্ছা কর, তাহা হইলে এই গরুগুলি সত্বর গ্রহণ কর' ॥৮॥

তাহার পর ধর্ম্মজ্ঞ বকমুনি ধৃতরাষ্ট্রের সেই কথা শুনিয়া চিন্তা করিলেন—'হায় ! রাজাটা সভার মধ্যে আমাকে অতি নিষ্ঠুর বাক্য বলিল' ॥৯॥

সেই ব্রাহ্মণশ্রেষ্ঠ বকমুনি কিছুকাল চিন্তা করিয়া, ক্রুদ্ধ হইয়া, রাজা ধৃতরাষ্ট্রের বিনাশের জন্য বুদ্ধি স্থির করিলেন ॥১০॥

(৮) যদৃচ্ছয়া মৃতা দৃষ্ট্বা···নি। (৯) ঋষিস্ত্বথ বকঃ ক্রুদ্ধঃ···নি, বাক্যমুক্তোঽস্মি··· বঙ্গ বর্দ্ধ নি। (১০) চিন্তয়িত্বা মুহূর্ত্তেন···নি।

স তুৎকৃত্য মৃতানাং বৈ মাংসানি মুনিসত্তমঃ।
জুহাব ধৃতরাষ্ট্রস্য রাষ্ট্রং নরপতেঃ পুরা।
অবকীর্ণে সরস্বত্যাস্তীর্থে প্রজ্বাল্য পাবকম্ ॥১১॥
বকো দাল্‌ভ্যো মহারাজ! নিয়মং পরমাস্থিতঃ।
স তৈরেব জুহাবাস্য রাষ্ট্রং মাংসৈর্ম্মহাতপাঃ ॥১২॥
তস্মিংস্তু বিধিবৎ সত্রে সংপ্রবৃত্তে সুদারুণে।
অক্ষীয়ত ততো রাষ্ট্রং ধৃতরাষ্ট্রস্য পার্থিব! ॥১৩॥
ততঃ প্রক্ষীয়মাণং তদ্রাষ্ট্রং তস্য মহীপতেঃ।
ছিদ্যমানং যথানন্তং বনং পরশুনা বিভো!।
বভূবাপদ্‌গতং তচ্চ ব্যপকীর্ণমচেতনম্ ॥১৪॥
দৃষ্ট্বা তথাবকীর্ণন্তু রাষ্ট্রং স মনুজাধিপঃ।
বভূব দুর্ম্মনা রাজন্! চিন্তয়ামাস চ প্রভুঃ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। উৎকৃত্য ছিত্বা, মৃতানাং পশূনাম্। রাষ্ট্রং বিনাশয়িতুমিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

বক ইতি। নিয়মমুপবাসাদিব্রতম্। রাষ্ট্রং ধৃতরাষ্ট্ররাজ্যং নাশয়িতুম্ ॥১২॥

তস্মিন্নিতি। সত্রে যজ্ঞে, সুদারুণে ক্ষয়োদ্দেশ্যকত্বাদিতি ভাবঃ ॥১৩॥

তত ইতি। ব্যপকীর্ণমুৎপাতব্যাপ্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

ক্রমে মুনিশ্রেষ্ঠ বক আশ্রমে যাইয়া বনাকীর্ণ সরস্বতীনদীর তীরে অগ্নি প্রজ্বলিত করিয়া, রাজা ধৃতরাষ্ট্রের রাজ্য বিনাশের জন্য মৃত পশুর মাংস ছেদনপূর্ব্বক তাহাদ্বারা হোম করিতে লাগিলেন ॥১১॥

মহারাজ! দল্‌ভপুত্র, মহাতপা বকমুনি কঠোর নিয়ম অবলম্বন করিয়া, ধৃতরাষ্ট্রের রাজ্য বিনাশের জন্য সেই মৃত পশুর মাংসদ্বারাই বহুদিন যাবৎ হোম করিলেন ॥১২॥

রাজা! তাহার পর অতিদারুণ সেই যজ্ঞ যথাবিধানে চলিতে লাগিলে, ক্রমশঃ ধৃতরাষ্ট্রের রাজ্য ক্ষয় পাইতে লাগিল ॥১৩॥

রাজা! ক্রমে পরশুদ্বারা ছিদ্যমান অসীম বন যেমন বিপদাপন্ন হয়, সেইরূপ ধৃতরাষ্ট্রের বিশাল রাজ্য উৎপাতগ্রস্ত ও অচেতনের ন্যায় হইয়া বিপদাপন্ন হইতে থাকিল ॥১৪॥

(১২) স তৈরেব জুহাবাগ্নৌ···নি। (১৪) বভূবাপকৃতং তস্য···পি। (১৫) দৃষ্ট্বা তদাবসংকীর্ণং···পি।

মোক্ষার্থমকরোদ্‌যত্নং ব্রাহ্মণৈঃ সহিতঃ পুরা।
ন চ শ্রেয়োঽধ্যগচ্ছৎ স ক্ষীয়তে রাষ্ট্রমেব চ ॥১৬॥
যদা স পার্থিবঃ খিন্নস্তে চ বিপ্রাস্তদানঘ!।
যদা চাপি ন শক্নোতি রাষ্ট্রং মোক্ষয়িতুং নৃপঃ ॥১৭॥
অথ বৈ প্রাশ্নিকাংস্তত্র পপ্রচ্ছ জনমেজয়!।
ততো বৈ প্রাশ্নিকাঃ প্রাহুঃ পশুবিপ্রকৃতস্ত্বয়া ॥১৮॥
মাংসৈরভিজুহোতীতি তব রাষ্ট্রং মুনির্বকঃ।
তেন তে হূয়মানস্য রাষ্ট্রস্যাস্য ক্ষয়ো মহান্ ॥১৯॥ (বিশেষকম্)
তস্যৈতত্তপসঃ কর্ম্ম যেন তে হ্যনয়ো মহান্।
অপাং কুঞ্জে সরস্বত্যাস্তং প্রসাদয় পার্থিব! ॥২০॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। অবকীর্ণং বিপদাপন্নম্, রাষ্ট্রং নিজরাজ্যম্ ॥১৫॥

মোক্ষেতি। মোক্ষার্থং তদ্বিপদো মুক্ত্যর্থম্। শ্রেয়ো মঙ্গলম্, অধ্যগচ্ছৎ প্রাপ্নোৎ ॥১৬॥

যদেতি। বিপ্রাশ্চ খিন্নাঃ। প্রাশ্নিকান্ দৈবজ্ঞান্। পশুবিপ্রকৃতঃ গোপ্রার্থনাবিষয়ে প্রতারিতঃ। রাষ্ট্রং বিনাশয়িতুমিতি শেষঃ ॥১৭—১৯॥

তস্যেতি। কর্ম্ম ফলম্, অনয়ো বকং প্রত্যত্যাচারঃ। অপাং কুঞ্জে জলসন্নিহিত-লতাদ্যাবৃতস্থানে ॥২০॥

রাজা! প্রভাবশালী ধৃতরাষ্ট্র নিজের রাজ্য সেইভাবে ক্ষয় পাইতেছে দেখিয়া, দুঃখিত হইলেন এবং চিন্তা করিলেন ॥১৫॥

তাহার পর রাজা ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়া, সেই বিপদ হইতে মুক্তি লাভ করিবার জন্য চেষ্টা করিলেন; কিন্তু কোন সুবিধা পাইলেন না; রাজ্য ক্ষয় পাইতেই লাগিল ॥১৬॥

নিষ্পাপ জনমেজয়! সেই রাজা ও ব্রাহ্মণেরা যখন বিষণ্ণ হইলেন এবং যখন বিপদ হইতে রাজ্য রক্ষা করিতে সমর্থ হইলেন না; তখন রাজা দৈবজ্ঞগণের নিকট রাজ্য ক্ষয়ের কারণ জিজ্ঞাসা করিলেন। পরে দৈবজ্ঞেরা বলিলেন—'রাজা! বকমুনি আপনার নিকট পশু প্রার্থনা করিলে, আপনি নিন্দাসহকারে তাঁহাকে প্রতারণা করিয়াছিলেন; তাহাতে তিনি ক্রুদ্ধ হইয়া, আপনার রাজ্য ধ্বংস করিবার জন্য মাংসদ্বারা হোম করিতেছেন। তাহাতেই আপনার রাজ্যের গুরুতর ক্ষয় হইতেছে ॥১৭—১৯॥

(১৭)···ক্ষিণ্নস্তে—পি বঙ্গ বৰ্দ্ধ বা। (১৮) অথ বিপ্রাদিকাংস্তত্র···নি। (২০)···যেন তেঽস্য নয়ো মহান্···নি।

সরস্বতীং ততো গত্বা স রাজা বকমব্রবীৎ।
নিপত্য শিরসা ভূমৌ প্রাঞ্জলির্ভরতর্ষভ!।
প্রসাদয়ে ত্বাং ভগবন্! অপরাধং ক্ষমস্ব মে ॥২১॥
মম দীনস্য লুব্ধস্য মৌর্খ্যেণ হতচেতসঃ।
ত্বং গতিস্ত্বঞ্চ মে নাথঃ প্রসাদং কর্ত্তুমর্হসি ॥২২॥
তং তথা বিলপন্তন্তু শোকোপহতচেতসম্।
দৃষ্ট্বা তস্য কৃপা জজ্ঞে রাষ্ট্রং তচ্চ ব্যমোচয়ৎ ॥২৩॥
ঋষিঃ প্রসন্নস্তস্যাভূৎ সংরম্ভঞ্চ বিহায় সঃ।
মোক্ষার্থং তস্য রাষ্ট্রস্য জুহাব পুনরাহুতিম্ ॥২৪॥
মোক্ষয়িত্বা ততো রাষ্ট্রং প্রতিগৃহ্য পশূন্ বহূন্।
হৃষ্টাত্মা নৈমিষারণ্যং জগাম পুনরেব চ ॥২৫॥

ভারতকৌমুদী

সরস্বতীমিতি। অপরাধং ভবৎপশুপ্রার্থনাকালে নিন্দাপ্রতারণাকৃতম্। ষট্পাদঃ ॥২১॥
মমেতি। দীনস্য কাতরস্য, লুব্ধস্য পশুষু। নাথো রক্ষকঃ ॥২২॥
(২)...শিবিরং নো বিশাংপতে!.. বঙ্গ বৰ্দ্ধ নি। (৩)...যযুঃ স্বশিবিরাণ্যুত—নি।

ততস্তে প্রাবিশন্ পার্থা হতত্বিট্‌কং হতেশ্বরম্ ।
দুর্য্যোধনস্য শিবিরং রঙ্গবদ্বিসৃতে জনে ॥৪॥
গতোৎসবং পুরমিব হতনাগমিব হ্রদম্ ।
স্ত্রীবর্ষবরভূয়িষ্ঠং বৃদ্ধামাত্যৈরধিষ্ঠিতম্ ॥৫॥ (যুগ্মকম্)
তত্রৈতান্ পর্য্যুপাতিষ্ঠন্ দুর্য্যোধনপুরঃসরাঃ ।
কৃতাঞ্জলিপুটা রাজন্ ! কাষায়মলিনাম্বরাঃ ॥৬॥
শিবিরং সমনুপ্রাপ্য কুরুরাজস্য পাণ্ডবাঃ ।
অবতেরুর্ম্মহারাজ ! রথেভ্যো রথসত্তমাঃ ॥৭॥
ততো গাণ্ডীবধন্বানমভ্যভাষত কেশবঃ ।
স্থিতঃ প্রিয়হিতে নিত্যমতীব ভরতর্ষভ ! ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। ততস্তে পার্থাঃ পাণ্ডবাঃ, জনে দর্শকলোকে, বিসৃতে প্রস্থিতে সতি, রঙ্গবদ্‌রঙ্গালয়মিব, হতা ঈশ্বরাভাবাদেব নষ্টা ত্বিট্‌ প্রভা যস্য তৎ, হত ঈশ্বরঃ প্রভুর্যস্য তচ্চ, দুর্য্যোধনস্য শিবিরং প্রাবিশন্। হতনাগং হতসর্পম্। স্ত্রিয়ো বর্ষবরাঃ ক্লীবাশ্চ ভূয়িষ্ঠা বহুলা যত্র তৎ ॥৪—৫॥

তত্রেতি। পর্য্যুপাতিষ্ঠন্ প্রত্যুদ্‌গচ্ছন্, দুর্য্যোধনস্য পুরঃসরা সম্মুখে স্থিতপূর্ব্বাঃ ॥৬॥

শিবিরমিতি। কুরুরাজস্য দুর্য্যোধনস্য। রথসত্তমা রথিশ্রেষ্ঠাঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪॥ বর্ষবরঃ ষণ্ঢঃ ॥৫—৪১॥

ইতি শল্যপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৮॥

তাহার পর পাণ্ডবেরা যাইয়া দুর্য্যোধনের শিবিরে প্রবেশ করিলেন। তখন সে শিবিরটীর শোভা ছিল না, প্রভু নিহত হইয়াছিলেন এবং বৃদ্ধ অমাত্যেরা তাহাতে অবস্থান করিতেছিলেন; সুতরাং সে শিবিরটী তৎকালে দর্শক লোকেরা চলিয়া গেলে রঙ্গালয়ের ন্যায় শূন্য, উৎসববিহীন নগরের তুল্য, আর সর্প রহিত হ্রদের ন্যায় রহিয়াছিল এবং তাহাতে স্ত্রীলোক ও নপুংসক ব্যক্তিরাই অধিক সংখ্যায় ছিল ॥৪—৫॥

রাজা! তখন মলিন কাষায়বস্ত্রধারী দুর্য্যোধনের সম্মুখবর্ত্তী লোকেরা কৃতাঞ্জলি হইয়া আসিয়া, পাণ্ডবগণের সম্মুখে উপস্থিত হইল ॥৬॥

মহারাজ! ক্রমে রথিশ্রেষ্ঠ পাণ্ডবেরা দুর্য্যোধনের শিবিরের নিকটে যাইয়া, রথ হইতে অবতরণ করিলেন ॥৭॥

(৪)···হতত্বিট্‌কং···পি।

অবরোপয় গাণ্ডীবমক্ষয্যৌ চ মহেষুধী।
অথাহমবরোক্ষ্যামি পশ্চাদ্ভরতসত্তম! ॥৯॥
স্বয়ঞ্চৈবাবরোহ ত্বমেতৎ শ্রেয়স্তবানঘ!।
তচ্চাকরোত্তথা বীরঃ পাণ্ডুপুত্রো ধনঞ্জয়ঃ ॥১০॥
অথ পশ্চাত্ততঃ কৃষ্ণো রশ্মীনুৎসৃজ্য বাজিনাম্।
অবারোহত মেধাবী রথাদ্গাণ্ডীবধন্বনঃ ॥১১॥
তথাবতীর্ণে ভূতানামীশ্বরে সুমহাত্মনি।
কপিরন্তর্দ্দধে দিব্যো ধ্বজো গাণ্ডীবধন্বনঃ ॥১২॥
স দগ্ধো দ্রোণকর্ণাভ্যাং দিব্যৈরস্ত্রৈর্ম্মহারথঃ।
অনাদীপ্তাগ্নিনা হ্যাশু প্রজজ্বাল মহীপতে! ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। গাণ্ডীবধন্বানমর্জ্জুনম। অতীবপ্রিয়হিত ইতি সম্বন্ধঃ ॥৮॥

অবেতি। অবরোপয় রথাদবতারয়, অক্ষয্যৌ ক্ষেতুমশক্যৌ। অবরোক্ষ্যামি অবতরিষ্যামি ॥৯॥

স্বয়মিতি। অবরোহ রথাদবতর, এতৎ সর্ব্বম্, শ্রেয়ো মঙ্গলকরম্ ॥১০॥

অথেতি। রশ্মীন্ মুখরজ্জুঃ। মেধাবী বুদ্ধিমান্। তত এবৈতৎ করণমিতি ভাবঃ ॥১১॥

তথেতি। ভূতানামীশ্বরে কৃষ্ণে। ধ্বজো ধ্বজচিহ্নভূতঃ ॥১২॥

স ইতি। দগ্ধো দাহোপযোগীকৃতঃ, ভীষ্মেণ স্নেহাৎ অস্ত্রৈশ্চাশক্তত্বাৎ ন দগ্ধ ইত্যাশয়ঃ। মহাংশ্চাসৌ রথশ্চেতি মহারথঃ। অনাদীপ্তাগ্নিনা অপ্রজ্বলিতবহ্নিনা ॥১৩॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর সর্ব্বদাই পাণ্ডবগণের হিত ও প্রিয়কার্য্যসাধনে নিরত কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—॥৮॥

'ভরতশ্রেষ্ঠ! তুমি এই রথ হইতে তোমার গাণ্ডীব ধনু ও অক্ষয় তূণ দুইটা অবতরণ করাও; তাহার পর আমি অবতরণ করিব ॥৯॥

নিষ্পাপ অর্জ্জুন! তুমি নিজেও রথ হইতে অবতীর্ণ হও; এই সকল ব্যাপার তোমার পক্ষে মঙ্গলকর হইবে'। তখন বীর অর্জ্জুন তাহাই করিলেন ॥১০॥

তাহার পর বুদ্ধিমান্ কৃষ্ণ অশ্বগুলির মুখরজ্জু পরিত্যাগ করিয়া, সেই রথ হইতে অবতরণ করিলেন ॥১১॥

জগদীশ্বর ও অতিমহাত্মা কৃষ্ণ রথ হইতে অবতরণ করিলে, অর্জ্জুনের ধ্বজস্থিত সেই অলৌকিক বানর অন্তর্হিত হইল ॥১২॥

(৯)···অক্ষয়ৌ চ মহেষুধী···নি। (১২)···কপিরপ্যাশ্বপাক্রামৎ সহদেবৈর্ধ্বজালয়ৈঃ···নি।

সোপাসঙ্গঃ সরশ্মিশ্চ সাশ্বঃ সযুগবন্ধুরঃ।
ভস্মীভূতোঽপতদ্ভূমৌ রথো গাণ্ডীবধন্বনঃ ॥১৪॥
তং তথা ভস্মভূতন্তু দৃষ্ট্বা পাণ্ডুসুতাঃ প্রভো!।
অভবন্ বিস্মিতা রাজন্! অর্জ্জুনশ্চেদমব্রবীৎ ॥১৫॥
কৃতাঞ্জলিঃ সপ্রণয়ং প্রণিপত্যাভিবাদ্য চ।
গোবিন্দ! কস্মাদ্‌ভগবন্! রথো দগ্ধোঽয়মগ্নিনা ॥১৬॥ (যুগ্মকম্)
কিমেতন্মহদাশ্চর্য্যমভবদ্‌যদুনন্দন!।
তন্মে ব্রূহি মহাবাহো! শ্রোতব্যং যদি মন্যসে ॥১৭॥
বাসুদেব উবাচ।
অস্ত্রৈর্বহুবিধৈর্দ্দগ্ধঃ পূর্বমেবায়মর্জ্জুন!।
মদধিষ্ঠিতত্বাৎ সমরে ন বিশীর্ণঃ পরন্তপ! ॥১৮॥

ভারতকৌমুদী

সেতি। উপাসঙ্গৈ রথগততূণৈঃ সহেতি সঃ। যুগৈর্বন্ধুরৈশ্চ সহেতি সঃ ॥১৪॥
তমিতি। তমর্জ্জুনরথম্। প্রণিপত্য অবনতপূর্ব্বকায়ীভূয় ॥১৫—১৬॥
কিমিতি। এতদ্রথস্য ভস্মীকরণম্। শ্রোতব্যং মমেতি শেষঃ ॥১৭॥

রাজা! দ্রোণ ও কর্ণ দিব্য অস্ত্রের অপ্রজ্বলিত অগ্নিদ্বারা সেই বিশাল রথখানাকে পূর্ব্বেই সংশ্লিষ্ট করিয়া রাখিয়াছিলেন; সুতরাং তৎক্ষণাৎ তাহা জ্বলিয়া উঠিল ॥১৩॥

পরে অর্জ্জুনের সেই রথখানা তূণ, রজ্জু, অশ্ব, যুগকাষ্ঠ ও বন্ধুরকাষ্ঠের সহিত ভস্মীভূত হইয়া ভূতলে পতিত হইল ॥১৪॥

প্রভু! রাজা! পাণ্ডবেরা সেই রথখানাকে ভস্মীভূত দেখিয়া, বিস্ময়াপন্ন হইলেন এবং অর্জ্জুন অবনত ও কৃতাঞ্জলি হইয়া, কৃষ্ণকে অভিবাদন করিয়া, বিনয়ের সহিত এই কথা বলিলেন—'ভগবন্! গোবিন্দ! এই রথখানা কেন অগ্নিতে দগ্ধ হইল? ॥১৫—১৬॥

মহাবাহু যদুনন্দন! এই গুরুতর আশ্চর্য্য ঘটনা হইল কেন? ইহা যদি আমার শ্রোতব্য হয় বলিয়া মনে কর, তাহা হইলে আমার নিকট বল' ॥১৭॥

কৃষ্ণ বলিলেন—'শত্রুসন্তাপক অর্জ্জুন! পূর্ব্বেই এই রথখানা বহুবিধ অস্ত্রের তেজে দাহোপযোগী হইয়া রহিয়াছিল; কিন্তু আমি উহার উপরে ছিলাম বলিয়া, উহা ভস্ম হইয়া যায় নাই ॥১৮॥

(১৪)···সযুগবন্ধনঃ···নি। (১৮)···মদধিষ্ঠিতত্বাৎ সমরে· ·বঙ্গ বৰ্দ্ধ, দ্রোণকর্ণাস্ত্রনির্দ্দগ্ধঃ··· মদাস্থিতত্বাৎ···নি।

ইদানীন্তু বিশীর্ণোঽয়ং দগ্ধো ব্রহ্মাস্ত্রতেজসা।
ময়া বিমুক্তঃ কৌন্তেয়! ত্বয্যদ্য কৃতকর্ম্মণি ॥১৯॥

সঞ্জয় উবাচ।

ঈষদুৎস্ময়মানশ্চ ভগবান্ কেশবোঽরিহা।
পরিষ্বজ্য চ রাজানং যুধিষ্ঠিরমভাষত ॥২০॥
দিষ্ট্যা জয়সি কৌন্তেয়! দিষ্ট্যা তে শত্রবো জিতাঃ।
দিষ্ট্যা গাণ্ডীবধন্বা চ ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
ত্বঞ্চাপি কুশলী রাজন্! মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥২১॥
মুক্তা বীরক্ষয়াদস্মাৎ সংগ্রামান্নিহতদ্বিষঃ।
ক্ষিপ্রমুত্তরকালানি কুরু কার্য্যাণি ভারত! ॥২২॥
উপযাতমুপপ্লব্যং সহ গাণ্ডীবধন্বনা।
আনীয় মধুপর্কং মাং যৎ পুরা ত্বমবোচথাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

অস্ত্রেরিতি। ন বিশীর্ণো ন ভস্মীভূতঃ, মদধিষ্ঠিতত্বাদেবেতি ভাবঃ ॥১৮॥

ইদানীমিতি। বিমুক্তস্ত্যক্তঃ। ইয়ন্তং কালং যাবৎ সর্ব্বশক্তিমতা ময়ৈবায়ং রক্ষিত ইতি ভাবঃ ॥১৯॥

ঈষদিতি। উৎস্ময়মানো মৃদু হসন্, অরিহা শত্রুহন্তা। পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥২০॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন, তে ত্বয়া। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

মুক্তা ইতি। বীরাণাং ক্ষয়ো যস্মিন্ তস্মাৎ, নিহতা দ্বিষঃ শত্রবো যস্মিন্ তস্মাচ্চ সংগ্রামাৎ মুক্তা যূয়ং কুশলেনৈব নির্গতাঃ। উত্তরকালানি পরকালকর্ত্তব্যানীত্যর্থঃ ॥২২॥

কুন্তীনন্দন! এখন তুমি কৃতকার্য্য হইয়াছ, আমিও পরিত্যাগ করিয়াছি; সেই জন্যই ইহা এখন পূর্ব্বনিক্ষিপ্ত ব্রহ্মাস্ত্রের তেজে ভস্ম হইয়া গেল' ॥১৯॥

সঞ্জয় বলিলেন—'তৎপরে শত্রুহন্তা ভগবান্ কৃষ্ণ ঈষৎ হাস্য করতঃ রাজা যুধিষ্ঠিরকে আলিঙ্গন করিয়া বলিলেন— ॥২০॥

'কুন্তীনন্দন! ভাগ্যবশতঃ আপনি বিজয়ী হইয়াছেন, ভাগ্যবশতঃ আপনি শত্রুগণকে জয় করিয়াছেন এবং ভাগ্যবশতই আপনি, ভীমসেন, অর্জ্জুন, নকুল ও সহদেব কুশলে রহিয়াছেন ॥২১॥

ভরতনন্দন! বীরগণের ক্ষয় হইয়াছে এবং আপনার শত্রুরাও নিহত হইয়াছে; অথচ আপনারা অক্ষত দেহে মুক্তিলাভ করিয়াছেন; অতএব এখন আপনি পরকর্ত্তব্য কার্য্যগুলি সত্বর করুন ॥২২॥

এষ ভ্রাতা সখা চৈব তব কৃষ্ণ ! ধনঞ্জয়ঃ।
রক্ষিতব্যো মহাবাহো ! সর্ব্বাস্বাপৎস্বিতি প্রভো ! ॥২৪॥
তব চৈবং ব্রুবাণস্য তথেত্যেবাহমব্রুবম্।
স সব্যসাচী গুপ্তস্তে বিজয়ী চ জনেশ্বর ! ॥২৫॥ (বিশেষকম্)
ভ্রাতৃভিঃ সহ রাজেন্দ্র ! শূরঃ সত্যপরাক্রমঃ।
মুক্তো বীরক্ষয়াদস্মাৎ সংগ্রামাল্লোমহর্ষণাৎ ॥২৬॥
এবমুক্তস্তু কৃষ্ণেন ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
হৃষ্টরোমা মহারাজ ! প্রত্যুবাচ জনার্দ্দনম্ ॥২৭॥
যুধিষ্ঠির উবাচ।
প্রমুক্তং দ্রোণকর্ণাভ্যাং ব্রহ্মাস্ত্রমরিমর্দ্দন !।
কস্ত্বদন্যঃ সহেৎ সাক্ষাদপি বজ্রী পুরন্দরঃ ॥২৮॥

ভারতকৌমুদী

উপেতি। উপযাতমুপস্থিতম্, উপপ্লব্যং নাম বিরাটদেশীয়নগরবিশেষম্। ভ্রাতা পিতৃস্বসুঃ পুত্রত্বাৎ। সব্যসাচী অর্জ্জুনঃ, গুপ্তো রক্ষিতঃ ॥২৩—২৫॥

ভ্রাতৃভিরিতি। মুক্তঃ কুশলেন নির্গতঃ। বীরাণাং ক্ষয়ো যস্মিন্ তস্মাৎ ॥২৬॥

এবমিতি। হৃষ্টরোমা বিস্ময়ানন্দবশাদ্রোমাঞ্চিতদেহঃ ॥২৭॥

প্রেতি। প্রমুক্তং নিক্ষিপ্তম্। বজ্রী বজ্রধারী, পুরন্দর ইন্দ্রঃ ॥২৮॥

আমি অর্জ্জুনের সহিত উপপ্লব্যনগরে উপস্থিত হইলে, আপনি মধুপর্ক আনয়ন করিয়া আমাকে বলিয়াছিলেন যে, 'কৃষ্ণ ! এই অর্জ্জুন তোমার ভ্রাতা ও সখা ; অতএব মহাবাহু ! প্রভু ! তুমি ইহাকে সমস্ত আপদে রক্ষা করিবে'। আপনি এইরূপ বলিতে লাগিলে, আমি বলিয়াছিলাম যে, 'তাহাই হইবে।' রাজা ! আপনার সেই অর্জ্জুনকে আমি রক্ষা করিয়াছি এবং ইনি বিজয়ীও হইয়াছেন ॥২৩—২৫॥

রাজশ্রেষ্ঠ ! বীর ও যথার্থবিক্রমশালী অর্জ্জুন ভ্রাতৃগণের সহিত অক্ষত দেহে বীরনাশক ও লোমহর্ষণ যুদ্ধ হইতে মুক্তিলাভ করিয়াছেন' ॥২৬॥

মহারাজ ! কৃষ্ণ এইরূপ বলিলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির রোমাঞ্চিত দেহ হইয়া কৃষ্ণকে বলিলেন ॥২৭॥

যুধিষ্ঠির বলিলেন—'হে শত্রুমর্দ্দন ! দ্রোণ ও কর্ণকর্তৃক নিক্ষিপ্ত ব্রহ্মাস্ত্র তুমি ভিন্ন অন্য কোন্ ব্যক্তি সহ্য করিতে পারে, এমন কি বজ্রধারী ইন্দ্রও পারেন না ॥২৮॥

ভবতস্তু প্রসাদেন সংশপ্তকগণা জিতাঃ।
মহারণগতঃ পার্থো যচ্চ নাসীৎ পরাঙ্মুখঃ ॥২৯॥
তথৈব চ মহাবাহো ! পর্য্যায়ৈর্বহুভির্ময়া।
কর্ম্মণামনুসন্তানং তেজসশ্চ গতিং শুভাম্ ॥৩০॥
উপপ্লব্যে মহর্ষির্মে কৃষ্ণদ্বৈপায়নোঽব্রবীৎ।
যতো ধর্ম্মস্ততঃ কৃষ্ণো যতঃ কৃষ্ণস্ততো জয়ঃ ॥৩১॥
ইত্যেবমুক্তে তে বীরাঃ শিবিরং তব ভারত !।
প্রবিশ্য প্রত্যপদ্যন্ত কোষরত্নর্দ্ধিসঞ্চয়ান্ ॥৩২॥
রজতং জাতরূপঞ্চ মণীনথ চ মৌক্তিকান্।
ভূষণান্যথ মুখ্যানি কম্বলান্যজিনানি চ ॥৩৩॥
দাসীদাসমসংখ্যেয়ং রাজ্যোপকরণানি চ।
তে প্রাপ্য ধনমক্ষয্যং ত্বদীয়ং ভরতর্ষভ !।
উদক্রোশন্ মহাভাগা নরেন্দ্র ! বিজিতারয়ঃ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভবত ইতি। পার্থঃ অর্জ্জুনঃ ॥২৯॥

তথেতি। তথৈব ভবতঃ প্রসাদেনৈব; পর্য্যায়ৈঃ ক্রমৈঃ। কর্ম্মণাং বিজয়ব্যাপারাণাম্ অনুসন্তানং পরম্পরাম্, তেজসঃ শক্তেশ্চ, শুভাং গতিমস্মৎপক্ষপ্রাপ্তো দৃষ্ট ইতি শেষঃ ॥৩০॥

উপেতি। যতো যত্র পক্ষে, ধর্ম্মো বর্ত্তত ইতি শেষঃ, এবমন্যত্র। ততস্তত্র ॥৩১॥

ইতীতি। প্রত্যপদ্যন্ত আয়ত্তীকৃতবন্তঃ, কোষাণাং রত্নানামৃদ্ধীনাং বসনাদিসম্পদাঞ্চ সঞ্চয়ান্ ॥৩২॥

রজতমিতি। জাতরূপং স্বর্ণম্। রাজ্যোপকরণানি ছত্রচামরাদীনি। অক্ষয্যং ক্ষেতুমশক্যম। উদক্রোশন্ আনন্দকোলাহলমকুর্ব্বন্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩—৩৪॥

তোমারই অনুগ্রহে অর্জ্জুন সংশপ্তকগণকে জয় করিয়াছেন এবং উনি যে মহাযুদ্ধে যাইয়াও পরাঙ্মুখ হন নাই, তাহাও তোমারই অনুগ্রহ ॥২৯॥

মহাবাহু ! আমি দেখিয়াছি যে, আমাদের পক্ষ তোমারই অনুগ্রহে ক্রমশঃ বিজয় লাভ করিয়াছে এবং উত্তমভাবে শক্তি প্রয়োগ করিতে পারিয়াছে ॥৩০॥

উপপ্লব্যনগরে মহর্ষি বেদব্যাস আমাকে বলিয়াছিলেন যে, 'যেখানে ধর্ম্ম থাকে, সেইখানে কৃষ্ণ থাকেন এবং যেখানে কৃষ্ণ থাকেন, সেইখানেই জয় থাকে' ॥৩১॥

ভরতনন্দন ! যুধিষ্ঠির এইরূপ বলিলে, তাঁহারা সকলেই আপনার শিবিরে প্রবেশ করিয়া, তত্রত্য ধন, রত্ন ও বস্ত্রপ্রভৃতি সম্পদ হস্তগত করিলেন ॥৩২॥

(২৯)...সংগ্রামে বহবো হতাঃ—নি। তথা তব...কর্ম্মণামনুসন্ধানাত্তেজস্বী জগতি শ্রুতা—নি।

তে তু বীরাঃ সমাশ্বস্য বাহনান্যবমুচ্য চ।
অতিষ্ঠন্ত মুহূঃ সর্ব্বে পাণ্ডবাঃ সাত্যকিস্তথা ॥৩৫॥
অথাব্রবীন্মহারাজ! বাসুদেবো মহাযশাঃ।
অস্মাভির্ম্মঙ্গলার্থায় বস্তব্যং শিবিরাদ্বহিঃ ॥৩৬॥
তথেত্যুক্ত্বা হি তে সর্ব্বে পাণ্ডবাঃ সাত্যকিস্তথা।
বাসুদেবেন সহিতা মঙ্গলার্থং বহির্য্যযুঃ ॥৩৭॥
তে সমাসাদ্য সরিতং পুণ্যামোঘবতীং নৃপ!।
ন্যবসন্নথ তাং রাত্রিং পাণ্ডবা হতশত্রবঃ ॥৩৮॥
ততঃ সংপ্রেষয়ামাসুর্যাদবং নাগসাহ্বয়ম্।
স চ প্রায়াজ্জবেনাশু বাসুদেবঃ প্রতাপবান্।
দারুকং রথমারোপ্য যেন রাজাম্বিকাসুতঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

ত ইতি। সমাশ্বস্য বিশ্রম্য, বাহনানি গজাশ্বাদীনি ॥৩৫॥

অথেতি। বহির্ভিন্নদেশে ॥৩৬॥

তথেতি। পাণ্ডবাঃ পঞ্চ ভ্রাতরঃ ॥৩৭॥

ত ইতি। ওঘবতীং নাম প্রাগুক্তাম্। ন্যবসন্ পটমণ্ডপে ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ রাজা! শত্রুবিজয়ী সেই মহাত্মা পাণ্ডবেরা আপনার সোণা, রূপা, মণি, মুক্তা, উত্তম অলঙ্কার, কম্বল, চর্ম্ম, অসংখ্য দাস ও দাসী, ছত্র ও চামরপ্রভৃতি রাজত্বের উপকরণ এবং অক্ষয় ধনসমূহ হস্তগত করিয়া, আনন্দ-কোলাহল করিতে লাগিলেন ॥৩৩—৩৪॥

সেই বীর পাণ্ডবেরা ও সাত্যকি হস্তী ও অশ্বপ্রভৃতি বাহনগুলিকে ছাড়িয়া দিয়া, নিজেরাও কিছুকাল বিশ্রাম করিয়া, সেই শিবিরেই কিয়ৎকাল অবস্থান করিলেন ॥৩৫॥

মহারাজ! তাহার পর মহাযশা কৃষ্ণ বলিলেন—'মঙ্গল লাভের জন্য এই শিবিরের বাহিরে কোথাও যাইয়া, আমাদের আজ বাস করিতে হইবে' ॥৩৬॥

'তাহাই হউক' এই কথা বলিয়া পাণ্ডবেরা পাঁচ ভাই এবং সাত্যকি ও কৃষ্ণ মঙ্গল লাভের জন্য শিবিরের বাহিরে গমন করিলেন ॥৩৭॥

রাজা! তৎপরে শত্রুবিজয়ী সেই পাণ্ডবেরা কুরুক্ষেত্রস্থিত পূর্ব্বোক্ত ওঘবতী-নদীর তীরে যাইয়া, সেই রাত্রি পটমণ্ডপের ভিতরে বাস করিতে লাগিলেন ॥৩৮॥

---

(৩৫)...পাণ্ডবা বিগতজ্বরাঃ—নি।

তমূচুঃ সংপ্রযান্তন্তং শৈব্যসুগ্রীববাহনম্।
প্রত্যাশ্বাসয় গান্ধারীং হতপুত্রাং তপস্বিনীম্ ॥৪০॥
স প্রায়াৎ পাণ্ডবৈরুক্তস্তৎপুরং সাত্বতাং বরঃ।
আসসাদ ততঃ ক্ষিপ্রং গান্ধারীং নিহতাত্মজাম্ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে কৃষ্ণস্য হস্তিনাপুরগমনে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

তত ইতি। যাদবং কৃষ্ণম্, নাগসাহ্বয়ং হস্তিনাম্। জবেন বেগেন। দারুকং তদাখ্যং সারথিম্, যেন যত্র স্থান ইত্যর্থঃ, অম্বিকাসুতো ধৃতরাষ্ট্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

তমিতি। উচুঃ পাণ্ডবাঃ, শৈব্যঃ সুগ্রীবশ্চ নাম বাহনে অশ্বৌ যস্য তম্। হতাঃ পুত্রা যস্যাস্তাম্। অতএব তপস্বিনীং শোচ্যাম্ ॥৪০॥

স ইতি। তৎপুরং হস্তিনানগরম্, সাত্বতাং সাত্বতবংশীয়ানাম্ ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তাহার পর পাণ্ডবেরা কৃষ্ণকে হস্তিনানগরে প্রেরণ করিলেন। প্রতাপশালী কৃষ্ণ ও সারথি দারুককে রথে তুলিয়া লইয়া, যেস্থানে রাজা ধৃতরাষ্ট্র ছিলেন, সেইস্থানে বেগে সত্বর গমন করিবার উপক্রম করিলেন ॥৩৯॥

কৃষ্ণ শৈব্য ও সুগ্রীবনামক ঘোটকযুক্ত রথে আরোহণ করিয়া প্রস্থান করিবেন, এমন সময়ে পাণ্ডবেরা তাঁহাকে বলিলেন—'কৃষ্ণ! তুমি যাইয়া হতপুত্রা ও শোচনীয়া গান্ধারীদেবীকে আশ্বস্ত কর' ॥৪০॥

পাণ্ডবেরা এইরূপ বলিলে, সাত্বতশ্রেষ্ঠ কৃষ্ণ হস্তিনানগরে যাইয়া, হতপুত্রা গান্ধারীর নিকট উপস্থিত হইলেন ॥৪১॥

—:*:—

(৪০)…হতপুত্রাং যশস্বিনীম্—নি। * '.. দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বর্দ্ধ বা সো, '…ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ'—নি।

ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

জনমেজয় উবাচ।

কিমর্থং দ্বিজশার্দ্দূল ! ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
গান্ধার্য্যাঃ প্রেষয়ামাস বাসুদেবং পরন্তপম্ ॥১॥
যদা পূর্ব্বং গতঃ কৃষ্ণঃ শমার্থং কৌরবান্ প্রতি।
ন চ তং লব্ধবান্ কামং ততো যুদ্ধমভূদিদম্ ॥২॥
নিহতেষু চ যোধেষু হতে দুর্য্যোধনে তদা।
পৃথিব্যাং পাণ্ডবেয়স্য নিঃসপত্নে কৃতে যুধি ॥৩॥
বিদ্রুতে শিবিরে শূন্যে প্রাপ্তে যশসি চোত্তমে।
কিন্নু তৎ কারণং ব্রহ্মন্ ! যেন কৃষ্ণো গতঃ পুনঃ ॥৪॥ (যুগ্মকম্)
ন চৈতৎ কারণং ব্রহ্মন্ ! অল্পং বৈ প্রতিভাতি মে।
যত্রাগমদমেয়াত্মা স্বয়মেব জনার্দ্দনঃ ॥৫॥

ভারতকৌমুদী

কিমিতি। যুধিষ্ঠির ইতি সর্ব্বপাণ্ডবোপলক্ষণং পুনঃ তথৈবোক্তত্বাৎ ॥১॥
যদেতি। শমার্থং সন্ধিনিবন্ধনশাস্ত্যর্থম্। এতদ্‌গমনমপি তথৈব ভবেদিতি ভাবঃ ॥২॥
নিহতেষ্বিতি। নিঃসপত্নে শত্রোরভাবে। বিদ্রুতে দ্রুতং প্রবিষ্টে ॥৩—৪॥
নেতি। প্রতিভাতি বুদ্ধিবিষয়ী ভবতি। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ ॥৫॥

জনমেজয় বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! ধর্ম্মরাজ যুধিষ্ঠির গান্ধারীর নিকটে শত্রুসন্তাপক কৃষ্ণকে কি নিমিত্ত প্রেরণ করিয়াছিলেন ? ॥১॥

কৃষ্ণ পূর্ব্বে যখন সন্ধিস্থাপন করিবার জন্য কৌরবগণের নিকট গমন করিয়াছিলেন, তখন তিনি সে অভীষ্ট লাভ করেন নাই ; সেই জন্যই এই যুদ্ধ হইয়া গেল ॥২॥

ব্রাহ্মণ ! কৌরবপক্ষের যোদ্ধারা নিহত, দুর্য্যোধন ভূপাতিত, পৃথিবীতে যুধিষ্ঠিরের শত্রুর অভাব, শূন্য শিবিরে প্রবেশ এবং উত্তম যশোলাভ হইয়া গেলে পরও যে কৃষ্ণ হস্তিনায় গমন করিলেন, তাহার কারণ কি ? ॥৩—৪॥

ব্রাহ্মণ ! আমার মনে হয়—এটা ক্ষুদ্র কারণ হইবে না ; যেহেতু অজ্ঞেয়স্বভাব স্বয়ং কৃষ্ণই গমন করিয়াছিলেন ॥৫॥

তত্ত্বতো বৈ সমাচক্ষ্ব সর্বমধ্বর্য্যসত্তম !।
যচ্চাত্র কারণং ব্রহ্মন্! কার্য্যস্যাস্য বিনিশ্চয়ে ॥৬॥
বৈশম্পায়ন উবাচ।
ত্বদ্যুক্তোঽয়মনুপ্রশ্নো যন্মাং পৃচ্ছসি পার্থিব !।
তত্তেঽহং সংপ্রবক্ষ্যামি যথাবদ্ভরতর্ষভ ! ॥৭॥
হতং দুর্য্যোধনং দৃষ্ট্বা ভীমসেনেন সংযুগে।
ব্যুৎক্রম্য সময়ং রাজন্! ধার্ত্তরাষ্ট্রং মহাবলম্ ॥৮॥
অন্যায়েন হতং দৃষ্ট্বা গদাযুদ্ধেন ভারত !।
যুধিষ্ঠিরং মহারাজ ! মহদ্ভয়মথাবিশৎ।৯॥
চিন্তয়ানং মহাভাগাং গান্ধারীং তপসান্বিতাম্।
ঘোরেণ তপসা যুক্তাং ত্রৈলোক্যমপি সা দহেৎ ॥১০॥ (বিশেষকম্)
তস্য চিন্তয়মানস্য বুদ্ধিঃ সমভবত্তদা।
গান্ধার্য্যাঃ ক্রোধদীপ্তায়াঃ পূর্বং প্রশমনং ভবেৎ ॥১১॥

ভারতকৌমুদী

তত্ত্বত ইতি। হে অধ্বর্য্যসত্তম! যজুর্ব্বেদজ্ঞশ্রেষ্ঠ! বিনিশ্চয়ে নিশ্চয়েন সম্পাদনে ॥৬॥

ত্বদিতি। তব যুক্তস্ত্বদ্যুক্তস্ত্বৈবোচিত ইত্যর্থঃ ॥৭॥

হতমিতি। ব্যুৎক্রম্য উল্লঙ্ঘ্য, সময়ং গদাযুদ্ধনিয়মম, নাভেরধোদেশে গদাঘাত এব গদাযুদ্ধ-নিয়মবিরুদ্ধ ইতি ভাবঃ। অন্যায়েন উক্তাদেব হেতোঃ। সা গান্ধারী ॥৮—১০॥

তস্যেতি। ক্রোধেন দীপ্তায়াঃ প্রজ্বলিতায়াঃ, প্রশমনং ক্রোধনিবৃত্তিকরণম্ ॥১১॥

যজুর্ব্বেদজ্ঞশ্রেষ্ঠ ব্রাহ্মণ! নিশ্চিতভাবে অভীষ্ট কার্য্য সম্পাদনবিষয়ে যাহা কারণ, তাহা আপনি আমার নিকট যথার্থরূপে বলুন ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ রাজা! এইরূপ প্রশ্ন করা আপনার পক্ষে সঙ্গত বটে; অতএব আমি আপনার নিকট যথাযথভাবে তাহার উত্তর বলিতেছি ॥৭॥

ভরতনন্দন মহারাজ! ভীমসেন গদাযুদ্ধের নিয়ম অতিক্রম করিয়া, অন্যায়-ভাবে যুদ্ধে ধৃতরাষ্ট্রের পুত্র মহাবল দুর্য্যোধনকে নিহত করিয়াছেন দেখিয়া এবং মহাভাগা গান্ধারীদেবী ভয়ঙ্কর তপস্যাসম্পন্না; সুতরাং তিনি শাপের প্রভাবে ত্রিভুবনও দগ্ধ করিতে পারেন ইহা ভাবিয়া, যুধিষ্ঠির অত্যন্ত ভীত হইলেন ॥৮—১০॥

(১০)···সোঽচিন্তয়ন্মহাভাগাং—নি।

সা হি পুত্রবধং শ্রুত্বা কৃতমস্মাভিরীদৃশম্।
মানসেনাগ্নিনা ক্রুদ্ধা ভস্মসান্নঃ করিষ্যতি ॥১২॥
কথং দুঃখমিদং তীব্রং গান্ধারী সংপ্রশক্ষ্যতি।
শ্রুত্বা বিনিহতং পুত্রং ছলেনাজিহ্মযোধিনম্ ॥১৩॥
এবং বিচিন্ত্য বহুধা ভয়শোকসমন্বিতঃ।
বাসুদেবমিদং বাক্যং ধর্ম্মরাজোঽভ্যভাষত ॥১৪॥
তব প্রসাদাদ্‌গোবিন্দ! রাজ্যং নিহতকণ্টকম্।
অপ্রাপ্যং মনসাপীদং প্রাপ্তমস্মাভিরচ্যুত! ॥১৫॥
প্রত্যক্ষং মে মহাবাহো! সংগ্রামে লোমহর্ষণে।
বিমর্দ্দঃ সুমহান্ প্রাপ্তস্ত্বয়া যাদবনন্দন! ॥১৬॥
ত্বয়া দেবাসুরে যুদ্ধে বধার্থমমরদ্বিষাম্।
যথা সাহ্যং পুরা দত্তং হতাশ্চ বিবুধদ্বিষঃ ॥১৭॥

ভারতকৌমুদী

সেতি। ঈদৃশমন্যায্যম্। মানসেন মনোবর্ত্তিনা, অগ্নিনা ক্রোধানলেন ॥১২॥
কথমিতি। সংপ্রশক্ষ্যতি সোঢ়ুমিতি শেষঃ। অজিহ্মযোধিনং ন্যায়েন যুদ্ধকারিণম্ ॥১৩॥
এবমিতি। ভয়ং গান্ধার্য্যাঃ শাপভীতিঃ, শোকশ্চ তদ্‌দুরবস্থাস্মরণাৎ ॥১৪॥
তবেতি। অপ্রাপ্যং প্রবলশত্রুকর্ত্তৃকত্বাদিতি ভাবঃ ॥১৫॥
প্রত্যক্ষমিতি। বিমর্দ্দ আক্রমণসংঘর্ষঃ ॥১৬॥

এইরূপ চিন্তা করিতে করিতেই যুধিষ্ঠিরের এই বুদ্ধি জন্মিল যে, পূর্ব্বেই ক্রোধানলে প্রজ্বলিতা গান্ধারীর ক্রোধের শান্তি করা উচিত ॥১১॥

আমরা এইরূপ অন্যায়ভাবে পুত্রকে নিহত করিয়াছি ইহা শুনিয়া, গান্ধারী-দেবী ক্রোধে জ্বলিয়া উঠিয়া, আমাদিগকে ভস্ম করিয়া ফেলিবেন ॥১২॥

পুত্র দুর্য্যোধন ন্যায়ভাবে যুদ্ধ করিতেছিলেন; কিন্তু আমরা তাঁহাকে ছল-পূর্ব্বক বধ করিয়াছি ইহা শুনিয়া, গান্ধারী কি প্রকারে তীব্র দুঃখ সহ্য করিতে পারিবেন ॥১৩॥

যুধিষ্ঠির এইরূপ নানাপ্রকার চিন্তা করিয়া ভয়ে ও শোকে আকুল হইয়া, কৃষ্ণকে এই কথা বলিলেন—॥১৪॥

'গোবিন্দ! অচ্যুত! মনেরও অগোচর এই নিষ্কণ্টক রাজ্য, তোমারই অনুগ্রহে আমরা পাইয়াছি ॥১৫॥

মহাবাহু যাদবনন্দন! তুমি আমাদের সমক্ষেই লোমহর্ষণ যুদ্ধে গুরুতর সঙ্ঘর্ষ ভোগ করিয়াছ ॥১৬॥

সাহ্যং তথা মহাবাহো! দত্তমস্মাকমচ্যুত!।
সারথ্যেন চ বার্ষ্ণেয়! ভবতা হি বৃতা বয়ম্ ॥১৮॥ (যুগ্মকম্)
যদি ন ত্বং ভবেন্নাথঃ ফাল্গুনস্য মহারণে।
কথং শক্যো রণে জেতুং ভবেদেষ বলার্ণবঃ ॥১৯॥
গদা প্রহারা বিপুলাঃ পরিঘৈশ্চাপি তাড়নম্।
শক্তিভির্ভিন্দিপালৈশ্চ তোমরৈঃ সপরশ্বধৈঃ ॥২০॥
অস্মৎকৃতে ত্বয়া কৃষ্ণ! বাচঃ সুপরুষাঃ শ্রুতাঃ।
শস্ত্রাণাঞ্চ নিপাতা বৈ বজ্রস্পর্শোপমা রণে ॥২১॥ (যুগ্মকম্)
তে চ তে সফলা যাতা হতে দুর্য্যোধনেঽচ্যুত!।
তৎ সর্ব্বং ন যথা নশ্যেৎ পুনঃ কৃষ্ণ! তথা কুরু ॥২২॥
সন্দেহদোলাং প্রাপ্তং নশ্চেতঃ কৃষ্ণ! জয়ে সতি।
গান্ধার্য্যা হি মহাবাহো! ক্রোধং বুধ্যস্ব মাধব! ॥২৩॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। সাহ্যং সাহায্যম্, সাহায্যার্থে সাহ্যশব্দো মুনিষু রূঢ় ইতি প্রাগপি বহুশ উক্তম্, বৃতা আবৃতা ইব, তথা ভবতৈব বিপক্ষাঘাতনিবারণাদিত্যাশয়ঃ ॥১৭—১৮॥

যদীতি। নাথো রক্ষকঃ, ফাল্গুনস্য অর্জ্জুনস্য ॥১৯॥

গদেতি। সোঢ়া ইত্যাদিকং যথাসম্ভবমূহ্যম্। সুপরুষা অতিনিষ্ঠুরাঃ ॥২০—২১॥

ত ইতি। তৎ সর্ব্বং রাজ্যলাভাদিকম্। নশ্যেৎ গান্ধারীকোপেনেতি ভাবঃ ॥২২॥

মহাবাহু বৃষ্ণিনন্দন! তুমি পূর্ব্বকালে অসুরগণের বধের জন্য দেবাসুরযুদ্ধে যেমন দেবগণের সাহায্য ও অসুরগণকে বধ করিয়াছিলে, সেইরূপই এই যুদ্ধে আমাদেরও সাহায্য করিয়াছ এবং তুমি অর্জ্জুনের সারথ্য অবলম্বন করিয়া, যুদ্ধের সময় আমাদিগকে যেন আবৃত রাখিয়াছ ॥১৭—১৮॥

কৃষ্ণ! তুমি যদি মহাযুদ্ধে অর্জ্জুনের রক্ষক না হইতে; তাহা হইলে, অর্জ্জুন কি করিয়া এই সৈন্যসাগর জয় করিতে সমর্থ হইতেন ॥১৯॥

কৃষ্ণ! তুমি আমাদের জন্যই অনেক গদাঘাত এবং পরিঘ, শক্তি, ভিন্দিপাল, তোমর, পরশু ও বজ্রস্পর্শতুল্য অন্যান্য অস্ত্রপ্রহার সহ্য করিয়াছ এবং অনেক নিষ্ঠুর বাক্য শুনিয়াছ ॥২০—২১॥

কৃষ্ণ অচ্যুত! আজ দুর্য্যোধন নিহত হওয়ায় তোমার সে সমস্ত সহ্য করাই সফল হইয়াছে। আবার গান্ধারীর কোপে যাহাতে সে সকল নষ্ট না হয়, তাহা কর ॥২২॥

(২৩)...সন্দেহদোলাং প্রাপ্তাঃ স্ম প্রাপ্তে কৃষ্ণ! জয়ে সতি... পি,... ক্রোধস্তু শময়...নি।

সা হি নিত্যং মহাভাগা তপসোগ্রেণ কর্ষিতা।
পুত্রপৌত্রবধং শ্রুত্বা ধ্রুবং নঃ সংপ্রধক্ষ্যতি।
তস্যাঃ প্রসাদনং বীর! প্রাপ্তকালং মতং মম ॥২৪॥
কশ্চ তাং ক্রোধতাম্রাক্ষীং পুত্রব্যসনকর্ষিতাম্।
বীক্ষিতুং পুরুষঃ শক্তস্ত্বামৃতে পুরুষোত্তম! ॥২৫॥
তত্র মে গমনং প্রাপ্তং রোচতে তব মাধব!।
গান্ধার্য্যাঃ ক্রোধদীপ্তায়াঃ প্রশমার্থমরিন্দম! ॥২৬॥
ত্বং হি কর্ত্তা বিকর্ত্তা চ লোকানাং প্রভবাপ্যয়ঃ।
হেতুকারণসংযুক্তৈর্বাক্যৈঃ কালসমীরিতৈঃ ॥২৭॥
ক্ষিপ্রমেব মহাপ্রাজ্ঞ! গান্ধারীং শময়িষ্যসি।
পিতামহশ্চ ভগবান্ কৃষ্ণস্তত্র ভবিষ্যতি ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সন্দেহেতি। গান্ধার্য্যাঃ কোপেন হি পুনঃ সর্ব্বনাশসম্ভব ইতি ভাবঃ।২৩॥

সেতি। কর্ষিতা কৃশীকৃতশরীরা। প্রাপ্তকালমেতৎকালোচিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৪॥

অথ যুষ্মাকমেকতমস্তত্র গচ্ছত্বিত্যাহ ক ইতি। পুত্রাণাং ব্যসনেন ধ্বংসেন কর্ষিতাং দুঃখিতাম্ ॥২৫॥

তত্রেতি। প্রাপ্তমুচিতম্। ক্রোধেন দীপ্তায়াঃ প্রজ্বলিতায়াঃ ॥২৬॥

ত্বমিতি। কর্ত্তা প্রকৃতাবস্থাকারী, বিকর্ত্তা বিকৃতিকারী, প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তিকারণম্, অপ্যেত্যস্মাদিত্যপ্যয়ঃ সংহারকারণঞ্চ। হেতুর্যুক্তিঃ কারণঞ্চ তাভ্যাং সংযুক্তৈঃ, কালসমীরিতৈঃ অবসরক্রমেণোক্তৈঃ। পিতামহঃ অস্মাকম্, পাণ্ডোঃ পিতৃত্বাদিত্যাশয়ঃ, কৃষ্ণঃ কৃষ্ণদ্বৈপায়নঃ, তত্র গান্ধারীসমীপে, ভবিষ্যতি স্থাস্যতি। স চ গান্ধার্য্যাঃ প্রসাদনে তব সাহায্যং করিষ্যতীতি ভাবঃ ॥২৭—২৮॥

মহাবাহু কৃষ্ণ মাধব! জয় হইয়া গেলেও আমাদের মন সন্দেহদোলায় দুলিতেছে। কারণ, গান্ধারীর কোপের বিষয়টা একবার ভাবিয়া দেখ ॥২৩॥

মহাভাগা গান্ধারীদেবী ভয়ঙ্কর তপস্যা করিতে থাকিয়া, শরীরটাকে কৃশ করিয়াছেন; তিনি পুত্র ও পৌত্রপ্রভৃতির বধবৃত্তান্ত শুনিয়া নিশ্চয়ই আমাদিগকে শাপানলে দগ্ধ করিয়া ফেলিবেন। অতএব বীর! বর্ত্তমান সময়ে তাঁহাকে প্রসন্ন করা উচিত ইহাই আমার মত ॥২৪॥

পুরুষোত্তম! তুমি ব্যতীত অন্য কোন্ ব্যক্তি পুত্রমৃত্যুশ্রবণদুঃখিত্তা ও ক্রোধে আরক্তনয়না সেই গান্ধারীদেবীকে দর্শন করিতে সমর্থ হইবে? ॥২৫॥

শত্রুদমনকারী কৃষ্ণ! ক্রোধে প্রজ্বলিত সেই গান্ধারীদেবীর ক্রোধ নিবৃত্তি করার জন্য তোমারই সেইখানে যাওয়া উচিত; ইহাই আমার অভিমত ॥২৬॥

সর্বথা তে মহাবাহো! গান্ধার্য্যাঃ ক্রোধনাশনম্।
কর্ত্তব্যং সাত্বতাং শ্রেষ্ঠ! পাণ্ডবানাং হিতার্থিনা ॥২৯॥
ধর্ম্মরাজস্য বচনং শ্রুত্বা যদুকুলোদ্বহঃ।
আমন্ত্র্য দারুকং প্রাহ রথঃ সজ্জো বিধীয়তাম্ ॥৩০॥
কেশবস্য বচঃ শ্রুত্বা ত্বরমাণোঽথ দারুকঃ।
ন্যবেদয়দ্রথং সজ্জং কেশবায় মহাত্মনে ॥৩১॥
তং রথং যাদবশ্রেষ্ঠঃ সমারুহ্য পরন্তপঃ।
জগাম হাস্তিনপুরং ত্বরিতঃ কেশবো বিভুঃ ॥৩২॥
ততঃ প্রায়ান্মহারাজ! মাধবো ভগবান্ রথী।
নাগসাহ্বয়মাসাদ্য প্রবিবেশ চ বীর্য্যবান্ ॥৩৩॥

ভারতকৌমুদী

সর্ব্বথেতি। তে ত্বয়া। সাত্বতাং যদুবংশীয়ানাম্ ॥২৯॥
ধর্ম্মেতি। যদুকুলোদ্বহো যদুবংশধুরন্ধরঃ কৃষ্ণঃ ॥৩০॥
কেশবস্যেতি। সজ্জং অশ্বযোজনাদিভির্যুক্তম্ ॥৩১॥
তামিতি। বিভুঃ সর্ব্বশক্তিমান্ ॥৩২॥
তত ইতি। নাগসাহ্বয়ং হস্তিনানগরম্ ॥৩৩॥

মহাপ্রাজ্ঞ! তুমি লোকের প্রকৃত অবস্থা ও বিকৃত অবস্থা দুইই করিতে পার এবং তুমি জগতের সৃষ্টিকর্ত্তা ও সংহারকর্ত্তা; সুতরাং তুমি যুক্তিযুক্ত ও তৎকালোচিত বাক্যদ্বারা গান্ধারীদেবীকে প্রসন্ন করিতে পারিবে। বিশেষতঃ, তখন সেস্থানে সম্ভবতঃ আমাদের পিতামহ ভগবান্ বেদব্যাস উপস্থিত থাকিবেন ॥২৭—২৮॥

মহাবাহু সাত্বতশ্রেষ্ঠ! তুমি পাণ্ডবগণের হিতৈষী বলিয়া সর্ব্বপ্রকারে গান্ধারীদেবীর ক্রোধ নিবৃত্তি তোমারই করা উচিত' ॥২৯॥

যদুকুলধুরন্ধর কৃষ্ণ যুধিষ্ঠিরের কথা শুনিয়া, নিজ সারথি দারুককে ডাকিয়া বলিলেন—'আমার রথ সজ্জিত কর' ॥৩০॥

দারুক কৃষ্ণের আদেশ শুনিয়া, ত্বরান্বিত হইয়া যাইয়া, পুনরায় আসিয়া কৃষ্ণকে জানাইল যে, রথ সজ্জিত হইয়াছে ॥৩১॥

পরে সর্ব্বশক্তিমান্, যদুবংশশ্রেষ্ঠ ও শত্রুসন্তাপকারী কৃষ্ণ সেই রথে আরোহণ করিয়া, সত্বর হস্তিনানগরের দিকে প্রস্থান করিলেন ॥৩২॥

(৩০) ..রথসজ্জা বিধীয়তাম্—পি।

প্রবিশ্য নগরীং বীরো রথঘোষেণ নাদয়ন্।
বিদিতো ধৃতরাষ্ট্রস্য সোঽবতীর্য্য রথোত্তমাৎ ॥৩৪॥
অভ্যগচ্ছদদীনাত্মা ধৃতরাষ্ট্রনিবেশনম্।
পূর্ব্বঞ্চাভিগতং তত্র সোঽপশ্যদৃষিসত্তমম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
পাদৌ প্রপীড্য কৃষ্ণস্য রাজ্ঞশ্চাপি জনার্দ্দনঃ।
অভ্যবাদয়দব্যগ্রো গান্ধারীঞ্চাপি কেশবঃ ॥৩৬॥
ততস্তু যাদবশ্রেষ্ঠো ধৃতরাষ্ট্রমধোক্ষজঃ।
পাণিমালম্ব্য রাজেন্দ্র! সুস্বরং প্ররুরোদ হ ॥৩৭॥

ভারতকৌমুদী

প্রবিশ্যেতি। বিদিতো রথঘোষেণৈব। অদীনাত্মা অকাতরচিত্তঃ ॥৩৪—৩৫॥

পাদাবিতি। কৃষ্ণস্য কৃষ্ণদ্বৈপায়নস্য, রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য ॥৩৬॥

তত ইতি। ধৃতরাষ্ট্রং তদীয়ম্, অধোক্ষজঃ কৃষ্ণঃ। সুস্বরং মুক্তকণ্ঠম্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

কিমর্থমিতি ॥১—২৬॥ হেতুকারণসংযুক্তৈঃ হেতবো দৃষ্টা অপরাধাঃ, কারণানি অদৃষ্টাস্তবশস্তাবীনি, তৈর্যুক্তানি তৈঃ ॥২৭—৩২॥ প্রায়াদগচ্ছৎ ॥৩৩—৩৫॥ কৃষ্ণস্য ব্যাসস্য ॥৩৬—৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি শ্রীমৎপদবাক্যপ্রমাণমর্য্যাদাধুরন্ধরচতুর্দ্ধরবংশাবতংসশ্রীগোবিন্দসূরিসূনুশ্রীনীলকণ্ঠবিরচিতে ভারতভাবদীপে শল্যপর্ব্বার্থপ্রকাশে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৫৯॥

—:*:—

মহারাজ! রথারোহী ভগবান্ কৃষ্ণ যাইতে যাইতে নিকটবর্ত্তী হইয়া, হস্তিনানগরে প্রবেশ করিলেন ॥৩৩॥

বীর কৃষ্ণ রথের শব্দে সমস্ত দিক্ নিনাদিত করিতে থাকিয়া, হস্তিনানগরে প্রবেশ করিয়া, উত্তম রথ হইতে অবতীর্ণ হইয়া, অকাতরচিত্তে ধৃতরাষ্ট্রের গৃহে প্রবেশ করিলেন এবং সেস্থানে পূর্ব্বেই সমাগত বেদব্যাসকে দেখিতে পাইলেন; ওদিকে ধৃতরাষ্ট্রও রথের শব্দে কৃষ্ণ আসিয়াছেন বলিয়া জানিতে পারিলেন ॥৩৪—৩৫॥

ক্রমে কৃষ্ণ অনাকুলভাবে বেদব্যাস, ধৃতরাষ্ট্র ও গান্ধারীর চরণ স্পর্শ করিয়া, তাঁহাদিগকে অভিবাদন করিলেন ॥৩৬॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর যদুবংশপ্রধান কৃষ্ণ ধৃতরাষ্ট্রের হস্ত ধারণ করিয়া, মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন ॥৩৭॥

সমুহূর্ত্তাদিবোৎস্রজ্য বাষ্পং শোকসমুদ্ভবম্।
প্রক্ষাল্য বারিণা নেত্রে হ্যাচম্য চ যথাবিধি।
উবাচ প্রস্তুতং বাক্যং ধৃতরাষ্ট্রমরিন্দমঃ ॥৩৮॥
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদ্ভূতভব্যস্য ভারত!।
কালস্য চ যথাবৃত্তং তত্তে সুবিদিতং প্রভো!॥৩৯॥
যতিতং পাণ্ডবৈঃ সর্ব্বৈস্তব চিত্তানুরোধিভিঃ।
কথং কুলক্ষয়ো ন স্যাত্তথা ক্ষত্রস্য ভারত!॥৪০॥
ভ্রাতৃভিঃ সময়ং কৃত্বা ক্ষান্তবান্ ধর্ম্মবৎসলঃ।
দ্যূতচ্ছলজিতৈঃ শুদ্ধৈর্বনবাসোঽভ্যুপাগতঃ॥৪১॥
অজ্ঞাতবাসচর্য্যা চ নানাবেশসমাবৃতৈঃ।
অন্যে চ বহবঃ ক্লেশাস্ত্বশক্তৈরিব নিত্যদা॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। আচম্য বাষ্পত্যাগনিবন্ধনাপবিত্রত্বব্যপোহনার্থম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ॥৩৮॥
নেতি। ভূতভব্যস্য অতীতবর্ত্তমানস্য। বৃত্তং বৃত্তান্তঃ॥৩৯॥
যতিতমিতি। যতিতং যত্নঃ কৃতঃ। ক্ষত্রস্য ক্ষত্রিয়গণস্য তথা ক্ষয়ঃ॥৪০॥
ভ্রাতৃভিরিতি। ক্ষান্তবান্ ত্বৎপুত্রাণামত্যাচারং সোঢ়বান্। অভ্যুপাগতঃ অঙ্গীকৃতঃ॥৪১॥
অজ্ঞাতেতি। নানাবেশসমাবৃতৈঃ কঙ্কাদিরূপধারিভিঃ। ক্লেশাঃ সোঢ়া ইতি শেষঃ॥৪২॥

তৎপরে শত্রুদমনকারী কৃষ্ণ শোকসঞ্জাত অশ্রুজল সংবরণপূর্ব্বক, জলদ্বারা নয়নযুগল প্রক্ষালন ও আচমন করিয়া, বিস্তৃতভাবে ধৃতরাষ্ট্রকে এই কথা বলিলেন—॥৩৮॥

'ভরতনন্দন মহারাজ! অতীত ও বর্ত্তমান কালের কোন ঘটনাই আপনার অবিদিত নাই এবং যে সকল ঘটনা ঘটিয়া গিয়াছে, সে সমস্ত আপনার বিশেষভাবে জানা আছে॥৩৯॥

ভরতনন্দন! যাহাতে বংশের ও ক্ষত্রিয়গণের ক্ষয় না হয়, তাহার জন্য আপনার চিত্তানুবর্ত্তী পাণ্ডবেরা সকলেই যত্ন করিয়াছিলেন॥৪০॥

ধর্ম্মবৎসল যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া, সময়ের প্রতীক্ষা করিয়া, সমস্ত কষ্টই সহ্য করিয়াছেন এবং নির্দ্দোষ পাণ্ডবেরা দ্যূতক্রীড়ায় শকুনির শঠতায় পরাজিত হইয়া বনবাস স্বীকার করিয়াছেন॥৪১॥

তাঁহারা নানাবিধ বেশ ধারণ করিয়া, বিরাটনগরে অজ্ঞাতবাস করিয়াছেন এবং সর্ব্বদা অসমর্থের ন্যায় থাকিয়া, অন্য বহুবিধ ক্লেশও সহ্য করিয়াছেন॥৪২॥

(৩৮)…উবাচ প্রস্তুতং বাক্যং—বঙ্গ।…উবাচ প্রশ্রিতং বাক্যং—নি।

ময়া চ স্বয়মাগম্য যুদ্ধকাল উপস্থিতে।
সর্ব্বলোকস্য সান্নিধ্যে গ্রামাংস্ত্বং পঞ্চ যাচিতঃ ॥৪৩॥
ত্বয়া কালোপসৃষ্টেন লোভতো নাপবর্জিতাঃ।
তবাপরাধান্নৃপতে! সর্ব্বং ক্ষত্রং ক্ষয়ং গতম্ ॥৪৪॥
ভীষ্মেণ সোমদত্তেন বাহ্লীকেন কৃপেণ চ।
দ্রোণেন চ সপুত্রেণ বিদুরেণ চ ধীমতা।
যাচিতস্ত্বং শমং নিত্যং ন চ তৎ কৃতবানসি ॥৪৫॥
কালোপহতচিত্তো হি সর্বো মুহ্যতি ভারত!।
যথা মূঢ়ো ভবান্ পূর্ব্বমস্মিন্নর্থে সমুত্থিতে ॥৪৬॥
কিমন্যৎ কালযোগাদ্ধি দিষ্টমেব পরায়ণম্।
মা চ দোষান্মহাপ্রাজ্ঞ! পাণ্ডবেষু নিবেশয় ॥৪৭॥

ভারতকৌমুদী

ময়েতি। যাচিতঃ পরিশেষে পাণ্ডবার্থ ইতি ভাবঃ ॥৪৩॥

ত্বয়েতি। কালোপসৃষ্টেন কালপ্রেরিতেন, নাপবর্জিতাস্তে পঞ্চ গ্রামা অপি ন দত্তাঃ ॥৪৪॥

ভীষ্মেণেতি। সপুত্রেণ অশ্বত্থামসহিতেন। শমং সন্ধিনিবন্ধনাং শান্তিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥

কালেতি। কালেন উপহতং সদর্থনির্ণয়াক্ষমীকৃতং চিত্তং যস্য সঃ। সমুত্থিতে উপস্থিতে ॥৪৬॥

কিমিতি। দিষ্টং দৈবম্, পরায়ণম্ অস্মিন্ ক্ষয়ে পরমো হেতুঃ ॥৪৭॥

তা'র পর যুদ্ধের কাল উপস্থিত হইলে, আমি নিজে আসিয়া, সমস্ত লোকের সমক্ষে পাণ্ডবগণের জন্য আপনার নিকটে পাঁচখানি গ্রাম চাহিয়াছিলাম ॥৪৩॥

কিন্তু আপনি কালপ্রেরিত ও লোভাকৃষ্ট হইয়া, তখন তাহা দেন নাই; অতএব রাজা! আপনার অপরাধেই সমস্ত ক্ষত্রিয় ক্ষয় পাইয়াছে ॥৪৪॥

বুদ্ধিমান্ ভীষ্ম, দ্রোণ, কৃপ, অশ্বত্থামা, বিদুর, সোমদত্ত ও বাহ্লীক সর্ব্বদাই আপনার নিকট সন্ধি-শান্তির প্রার্থনা করিতেন; কিন্তু আপনি তাহা করেন নাই ॥৪৫॥

ভরতনন্দন! সমস্ত মানুষই কালের প্রভাবে মুগ্ধ হইয়া থাকে; যেমন আপনি এই বিষয় উপস্থিত হইলে মুগ্ধ হইয়াছিলেন ॥৪৬॥

কাল ব্যতীত এই ক্ষয়ের প্রতি অন্য কি কারণ হইতে পারে; অতএব এই ক্ষয়ের প্রতি সেই কাল ও দৈবই প্রধান কারণ; সুতরাং মহাপ্রাজ্ঞ! আপনি পাণ্ডবগণের উপরে দোষারোপ করিবেন না ॥৪৭॥

অল্পোঽপ্যতিক্রমো নাস্তি পাণ্ডবানাং মহাত্মনাম্।
ধর্ম্মতো ন্যায়তশ্চৈব স্নেহতশ্চ পরন্তপ ! ॥৪৮॥
এতৎ সর্ব্বন্তু বিজ্ঞায় হ্যাত্মদোষকৃতং ফলম্।
অসূয়াং পাণ্ডুপুত্রেষু ন ভবান্ কর্ত্তুমর্হতি ॥৪৯॥
কুলং বংশশ্চ পিণ্ডশ্চ যচ্চ পুত্রকৃতং ফলম্।
গান্ধার্য্যাস্তব চৈবাথ পাণ্ডবেষু প্রতিষ্ঠিতম্ ॥৫০॥
ত্বঞ্চৈব কুরুশার্দ্দূল ! গান্ধারী চ যশস্বিনী।
মা শুচো নরশার্দ্দূল ! পাণ্ডবান্ প্রতি কিল্বিষম্ ॥৫১॥
এতৎ সর্ব্বমনুধ্যাত্বা আত্মনশ্চ ব্যতিক্রমম্।
শিবেন পাণ্ডবান্ ধ্যাহি নমস্তে ভরতর্ষভ ! ॥৫২॥
জানাসি চ মহাবাহো ! ধর্ম্মরাজস্য যা ত্বয়ি।
ভক্তির্ভরতশার্দ্দূল ! স্নেহশ্চাপি স্বভাবতঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

অল্প ইতি। অতিক্রমো লঙ্ঘনম্। ধর্ম্মত ইত্যাদৌ সর্ব্বত্র ষষ্ঠ্যন্তম্ ॥৪৮॥
এতদিতি। অসূয়াং দোষারোপম্ ॥৪৯॥
কুলমিতি। কুলং কুলগৌরবম্, ফলং ভরণপোষণাদিকম্ ॥৫০॥
ত্বমিতি। কিল্বিষং জ্ঞাতিবধপাপং লক্ষ্যীকৃত্য ॥৫১॥
এতদিতি। অনুধ্যাত্বা বিচিন্ত্য, ব্যতিক্রমঃ ন্যায়লঙ্ঘনম্। শিবেন মঙ্গলময়েন চেতসা ॥৫২॥
জানাসীতি। অতএব ত্বং প্রতি রোষো ন কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৫৩॥

শত্রুসন্তাপক রাজা ! এই বিষয়ে মহাত্মা পাণ্ডবগণ ধর্ম্ম, ন্যায় ও স্নেহের অল্পমাত্র অতিক্রমও করেন নাই ॥৪৮॥

মহারাজ এই সমস্তই আপনার আত্মকৃত দোষের ফল; ইহা বুঝিয়া আপনি পাণ্ডবগণের উপরে দোষারোপ করিতে পারেন না ॥৪৯॥

আপনার ও গান্ধারীদেবীর বংশগৌরব, বংশরক্ষা, পিণ্ড প্রত্যাশা এবং পুত্রের যে সকল প্রয়োজন আছে; সে সমস্তই এখন পাণ্ডবগণের উপরে প্রতিষ্ঠিত হইল ॥৫০॥

কৌরবশ্রেষ্ঠ নরনাথ ! আপনি এবং যশস্বিনী গান্ধারীদেবী পাণ্ডবগণের এই অপরাধ বিষয়ে শোক করিবেন না ॥৫১॥

ভরতশ্রেষ্ঠ ! এই সমস্ত বিষয় ও নিজের দোষ স্মরণ করিয়া, মঙ্গলময় চিত্তে পাণ্ডবগণের বিষয় চিন্তা করিতে থাকুন। আপনাকে নমস্কার করি ॥৫২॥

(৪৯)...তমসূয়াং পাণ্ডুপুত্রেষু—নি।

এতচ্চ কদনং কৃত্বা শত্রূণামপকারিণাম্ ।
দহ্যতে চ দিবারাত্রৌ ন চ শর্ম্মাধিগচ্ছতি ॥৫৪॥
ত্বাঞ্চৈব নরশার্দ্দূল ! গান্ধারীঞ্চ যশস্বিনীম্ ।
স শোচন্ নরশার্দ্দূলো ন শান্তিমধিগচ্ছতি ॥৫৫॥
হ্রিয়া পরময়াবিষ্টো ভবন্তং নাধিগচ্ছতি ।
পুত্রশোকাভিসন্তপ্তং বুদ্ধিব্যাকুলিতেন্দ্রিয়ম্ ॥৫৬॥
এবমুক্ত্বা মহারাজ ! ধৃতরাষ্ট্রং যদূত্তমঃ ।
উবাচ পরমং বাক্যং গান্ধারীং শোককর্ষিতাম্ ॥৫৭॥
সৌবলেয়ি ! নিবোধ ত্বং যত্ত্বাং বক্ষ্যামি সুব্রতে ! ।
ত্বৎসমা নাস্তি লোকেঽস্মিন্নদ্য সীমন্তিনী শুভে ! ॥৫৮॥
জানাসি চ যথা রাজ্ঞি ! সভায়াং মম সন্নিধৌ ।
ধর্ম্মার্থসহিতং বাক্যমুভয়োঃ পক্ষয়োর্হিতম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

এতদিতি । কদনং মহামারীম্ । দহ্যতে অনুতাপানলেন ॥৫৪॥
ত্বামিতি । শোচন্ পুত্রপৌত্রাদিক্ষয়াৎ রাজ্যনাশাচ্চেতি ভাবঃ ॥৫৫॥
হ্রিয়েতি । হ্রিয়া লজ্জয়া । বুদ্ধ্যা সহ ব্যাকুলিতানি ইন্দ্রিয়াণি যস্য তম্ ॥৫৬॥
এবমিতি । যদূত্তমঃ কৃষ্ণঃ । শোকেন কর্ষিতাং দুঃখসাগরে আকৃষ্টাম্ ॥৫৭॥
সৌবেতি । সুবলস্যাপত্যং স্ত্রীতি সৌবলেয়ী, তৎসম্বোধনম্ । নিবোধ শৃণু ॥৫৮॥

ভরতশ্রেষ্ঠ ! আপনার উপরে স্বভাবতই যুধিষ্ঠিরের যে ভক্তি ও স্নেহ আছে, তাহা আপনি জানেন ॥৫৩॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির অপকারী শত্রুগণের এইরূপ মহামারী ঘটাইয়া দিবা-রাত্রই অনুতাপানলে দগ্ধ হইতেছেন ; কখনই শান্তি পাইতেছেন না ॥৫৪॥

নরশ্রেষ্ঠ ! রাজা যুধিষ্ঠির আপনার ও গান্ধারীদেবীর বিষয়ে শোক করিতে থাকিয়া, কোন সময়েই শান্তি পাইতেছেন না ॥৫৫॥

রাজা আপনি পুত্রশোকে সর্ব্বতোভাবে সন্তপ্ত হইয়াছেন এবং আপনার বুদ্ধি ও ইন্দ্রিয়গুলি শোকে বিশেষ আকুল হইয়া গিয়াছে ; তথাপি রাজা যুধিষ্ঠির অত্যন্ত লজ্জিত হওয়ায় আপনার নিকট আসিতেছেন না' ॥৫৬॥

মহারাজ ! যদুবংশশ্রেষ্ঠ কৃষ্ণ ধৃতরাষ্ট্রকে এইরূপ বলিয়া, শোকাকুল গান্ধারীদেবীকে উত্তম বাক্য সকল বলিতে লাগিলেন—॥৫৭॥

'সুবলনন্দিনি সুব্রতে ! আমি আপনাকে যাহা বলিব, তাহা আপনি শ্রবণ করুন। কল্যাণি ! বর্ত্তমান সময়ে এই জগতে আপনার তুল্য নারী নাই ॥৫৮॥

উক্তবত্যসি কল্যাণি! ন চ তে তনয়ৈঃ কৃতম্।
দুর্য্যোধনস্ত্বয়া চোক্তো জয়ার্থী পরুষং বচঃ ॥৬০॥ (যুগ্মকম্)
শৃণু মূঢ় বচো মহ্যং যতো ধর্ম্মস্ততো জয়ঃ।
তদিদং সমনুপ্রাপ্তং তব বাক্যং নৃপাত্মজে! ॥৬১॥
এবং বিদিত্বা কল্যাণি! মা স্ম শোকে মনঃ কৃথাঃ।
পাণ্ডবানাং বিনাশায় মা তে বুদ্ধিঃ কদাচন ॥৬২॥
শক্তা চাসি মহাভাগে! পৃথিবীং সচরাচরাম্।
চক্ষুষা ক্রোধদীপ্তেন নির্দগ্ধুং তপসো বলাৎ ॥৬৩॥
বাসুদেববচঃ শ্রুত্বা গান্ধারী বাক্যমব্রবীৎ।
এবমেতন্মহাবাহো! যথা বদসি কেশব! ॥৬৪॥
আধিভির্দহ্যমানায়া মতিঃ সঞ্চলিতা মম।
সা মে ব্যবস্থিতা শ্রুত্বা তব বাক্যং জনার্দন! ॥৬৫॥

ভারতকৌমুদী

জ্ঞানাসীতি। সন্ধৌ প্রাপ্তে অর্থে যুদ্ধ [illegible] পরুষং নিষ্ঠুরম্ ॥৫৯—৬০॥
শৃণ্বিতি। মহ্যং মম, যতঃ যত্র, ততঃ তত্র, [illegible] ॥৬১॥
এবমিতি। মা স্ম ন [illegible] ॥৬২॥
শক্তেতি। চক্ষুর্জন্যৈঃ [illegible] ক্রোধেন দীপ্তং জ্বলিতং তেন ॥৬৩॥
বাস্বিতি। এবমেতৎ [illegible] ॥৬৪॥

রাজ্ঞি! আপনি জানেন যে, তৎকালে আপনি সভায় আমার সমক্ষে উভয় পক্ষের হিতজনক ও ধর্ম্মার্থযুক্ত অনেক কথা বলিয়াছিলেন; কিন্তু আপনার পুত্রেরা আপনার সে বাক্য রক্ষা করেন নাই। কল্যাণি! তাহার পর আপনি দুর্য্যোধনকে অনেক নিষ্ঠুর কথা বলিয়াছিলেন ॥৫৯—৬০॥

'মূঢ় দুর্য্যোধন! তুই আমার কথা শোন—যেখানে ধর্ম্ম থাকে, সেইখানেই জয়ও থাকে'। রাজপুত্রি! এখন আপনার সেই বাক্য এই উপস্থিত হইয়াছে ॥৬১॥

কল্যাণি! এইরূপ বুঝিয়া আপনি আর শোকের দিকে মন দিবেন না এবং কখনও পাণ্ডবগণের বিনাশের দিকে বুদ্ধি করিবেন না ॥৬২॥

মহাভাগে। আপনি তপস্যার প্রভাবে ক্রোধজ্বলিত নয়নদ্বারা স্থাবর ও জঙ্গমের সহিত সমগ্র পৃথিবীই দগ্ধ করিতে পারেন' ॥৬৩॥

তখন গান্ধারী কৃষ্ণের কথা শুনিয়া, এই বাক্য বলিলেন—'মহাবাহু কৃষ্ণ! তুমি যাহা বলিলে, তাহা সত্য বটে ॥৬৪॥

রাজ্ঞস্ত্বন্ধস্য বৃদ্ধস্য হতপুত্রস্য কেশব ! ।
ত্বং গতিঃ সহিতৈর্বীরৈঃ পাণ্ডবৈর্দ্বিপদাংবর ! ॥৬৬॥
এতাবদুক্ত্বা বচনং মুখং প্রচ্ছাদ্য বাসসা ।
পুত্রশোকাভিসন্তপ্তা গান্ধারী প্ররুরোদ হ ॥৬৭॥
তত এনাং মহাবাহুঃ কেশবঃ শোককর্ষিতাম্ ।
হেতুকারণসংযুক্তৈর্বাক্যৈরাশ্বাসয়ৎ প্রভুঃ ॥৬৮॥
সমাশ্বাস্য চ গান্ধারীং ধৃতরাষ্ট্রঞ্চ মাধবঃ ।
দ্রৌণিসঙ্কল্পিতং ভাবমন্ববুধ্যত কেশবঃ ॥৬৯॥
ততস্ত্বরিত উত্থায় পাদৌ মূর্দ্ধ্না প্রণম্য চ ।
দ্বৈপায়নস্য রাজেন্দ্র ! ততঃ কৌরবমব্রবীৎ ॥৭০॥
আপৃচ্ছে ত্বাং কুরুশ্রেষ্ঠ ! মা চ শোকে মনঃ কৃথাঃ ।
দ্রোণেঃ পাপোঽস্ত্যভিপ্রায়স্তেনাস্মি সহসোত্থিতঃ ॥৭১॥

ভারতকৌমুদী

আধিভিরিতি। আধিভির্মনোব্যথাভিঃ। ব্যবস্থিতা স্থিরীভূতা ॥৬৫॥

রাজ্ঞ ইতি। সহিতৈঃ সম্মিলিতৈঃ পাণ্ডবৈঃ সহ, দ্বিপদাং মনুষ্যাণাম্ ॥৬৬॥

এতাবদিতি। মুখাচ্ছাদনং পরদর্শনলজ্জানিবারণার্থম্ ॥৬৭॥

তত ইতি। হেতুযুক্তিঃ কারণঞ্চ তাভ্যাং সংযুক্তৈঃ, প্রভুঃ সর্ব্বশক্তিমান্ ॥৬৮॥

সমিতি। দ্রৌণিনা অশ্বত্থাম্না সঙ্কল্পিতং মনসা নিরূপিতম্, ভাবং রাত্রৌ পাণ্ডবানাং গুপ্তহত্যাম্। অন্ববুধ্যত সর্ব্বাস্তর্য্যামিত্বাদিত্যাশয়ঃ ॥৬৯॥

তত ইতি। মূর্দ্ধ্না, দ্বৈপায়নস্য পাদৌ প্রণম্যেতি সম্বন্ধঃ ॥৭০॥

জনার্দ্দন ! মনের বেদনায় আমার বুদ্ধি বিচলিত হইয়াছিল ; কিন্তু তোমার বাক্য শুনিয়া, আমার সে বুদ্ধি এখন স্থির হইয়াছে ॥৬৫॥

মনুষ্যশ্রেষ্ঠ কেশব ! সম্মিলিত পাণ্ডবগণের সহিত তুমিই এখন অন্ধ, বৃদ্ধ ও হতপুত্র রাজার একমাত্র অবলম্বন' ॥৬৬॥

পুত্রশোকসন্তপ্তা গান্ধারী এই পর্য্যন্ত বলিয়া, বস্ত্রদ্বারা মুখ আচ্ছাদন করিয়া, রোদন করিতে লাগিলেন ॥৬৭॥

তাহার পর সর্ব্বশক্তিমান্ ও মহাবাহু কৃষ্ণ যুক্তি ও কারণযুক্ত বহুবিধ বাক্যদ্বারা শোকাকুলা গান্ধারীকে আশ্বস্ত করিলেন ॥৬৮॥

কৃষ্ণ সেইভাবে ধৃতরাষ্ট্র ও গান্ধারীকে আশ্বস্ত করিয়া, অশ্বত্থামার সঙ্কল্পিত বিষয় বুঝিতে পারিলেন ॥৬৯॥

রাজশ্রেষ্ঠ ! তদনন্তর কৃষ্ণ সত্বর গাত্রোত্থানপূর্ব্বক, মস্তকদ্বারা বেদব্যাসের চরণযুগলে নমস্কার করিয়া ধৃতরাষ্ট্রকে বলিলেন— ॥৭০॥

পাণ্ডবানাং বধে রাত্রৌ বুদ্ধিস্তেন প্রবর্ত্তিতা।
এতচ্ছ্রুত্বা তু বচনং গান্ধার্য্যা সহিতোঽব্রবীৎ ॥৭২॥
ধৃতরাষ্ট্রো মহাবাহুঃ কেশবং কেশিসূদনম্।
শীঘ্রং গচ্ছ মহাবাহো! পাণ্ডবান্ পরিপালয় ॥৭৩॥ (যুগ্মকম্)
ভূয়স্ত্বয়া সমেষ্যামি ক্ষিপ্রমেব জনার্দ্দন!।
প্রায়াত্ততস্তু ত্বরিতো দারুকেণ সহাচ্যুতঃ ॥৭৪॥
বাসুদেবে গতে রাজন্! ধৃতরাষ্ট্রং জনেশ্বরম্।
আশ্বাসয়দমেয়াত্মা ব্যাসো লোকনমস্কৃতঃ ॥৭৫॥
বাসুদেবোঽপি ধর্ম্মাত্মা কৃতকৃত্যো জগাম হ।
শিবিরং হাস্তিনপুরাদ্দিদৃক্ষুঃ পাণ্ডবান্ নৃপ! ॥৭৬॥

ভারতকৌমুদী

আপৃচ্ছ ইতি। আপৃচ্ছে প্রস্থানানুমতিং প্রার্থয়ামীত্যর্থঃ। অথ প্রস্থানে কথমিয়ং ত্বরেত্যাহ দ্রৌণেরিতি। পাপঃ পাণ্ডবানাং গুপ্তহত্যাবিষয়ত্বাদিত্যাশয়ঃ ॥৭১॥

পাণ্ডবানামিতি। বধে গুপ্তহত্যায়াম্, তেন দ্রৌণিনা, প্রবর্ত্তিতা কৃতা। কেশিসূদনং কেশিনামকদানবহন্তারম্। এতেন ভাবিসৌপ্তিকপর্ব্ব সূচিতম্ ॥৭২—৭৩॥

ভূয় ইতি। ভূয়ঃ পুনঃ, ত্বয়া সহ, সমেষ্যামি সম্মিলিতো ভবিষ্যামি ॥৭৪॥

বাস্বিতি। অমেয়াত্মা প্রাকৃতলোকৈরজ্ঞেয়স্বভাবঃ, লোকনমস্কৃতস্তপোমাহাত্ম্যাৎ ॥৭৫॥

বাস্বিতি। কৃতং কৃত্যং করণীয়ং গান্ধারীকোপশমনং যেন সঃ। শিবিরং প্রাগুক্তং নদীতীরস্থম্, তদানীং তত্রৈব পাণ্ডবানামবস্থানস্য পূর্ব্বমুক্তত্বাৎ। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ ॥৭৬॥

‘কৌরবশ্রেষ্ঠ! আমি আপনার নিকট আমার প্রস্থানের অনুমতি প্রার্থনা করিতেছি। আপনি আর শোকের দিকে মন দিবেন না। অশ্বত্থামার পাপ অভিপ্রায় জন্মিয়াছে; আমি সেই জন্যই হঠাৎ গাত্রোত্থান করিয়াছি ॥৭১॥

অশ্বত্থামা রাত্রিতে পাণ্ডবগণের গুপ্তহত্যা বিষয়ে সঙ্কল্প করিয়াছেন’। এই কথা শুনিয়া, মহাবাহু ধৃতরাষ্ট্র গান্ধারীর সহিত মিলিত হইয়া কেশিহন্তা কৃষ্ণকে বলিলেন—‘মহাবাহু! তুমি সত্বর যাও, পাণ্ডবগণকে রক্ষা কর ॥৭২—৭৩॥

জনার্দ্দন! আমি আবার তোমার সহিত সম্মিলিত হইব’। তাহার পর কৃষ্ণ ত্বরান্বিত হইয়া দারুকের সহিত প্রস্থান করিলেন ॥৭৪॥

রাজা! কৃষ্ণ চলিয়া গেলে, অচিন্ত্যস্বভাব ও সকললোকনমস্কৃত বেদব্যাস রাজা ধৃতরাষ্ট্রকে আশ্বস্ত করিতে লাগিলেন ॥৭৫॥

নরনাথ! ওদিকে ধর্ম্মাত্মা কৃষ্ণও কৃতকার্য্য হইয়া, পাণ্ডবগণের সহিত সাক্ষাৎ করিবার ইচ্ছা করিয়া, হস্তিনানগর হইতে সেই নদীতীরস্থ শিবিরে গমন করিলেন ॥৭৬॥

আগম্য শিবিরং রাত্রৌ সোঽভ্যগচ্ছত পাণ্ডবান্।
তচ্চ তেভ্যঃ সমাখ্যায় সহিতস্তৈঃ সমাহিতঃ ॥৭৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ধৃতরাষ্ট্রগান্ধারীপ্রবোধনে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

সমাপ্তঞ্চেদং শল্যপর্ব্ব ॥০॥ *

ভারতকৌমুদী

আগম্যেতি। তদ্গান্ধারীকোপশমনবৃত্তম্। সমাহিতঃ পরকর্ত্তব্যবিষয়ে একাগ্রচিত্তঃ অভবদিতি শেষঃ ॥৭৭॥

ব্রহ্মর্ত্তুবহ্নিন্দুমিতে শকাব্দে সৌরে তপস্যেঽহনি পঞ্চমে চ।
শল্যাশ্রিতা ভারতকৌমুদীয়ং বঙ্গানুবাদাদিযুতা সমাপ্তা ॥১॥
কোটালিপাড়ে বিষয়ে বিভাতি গ্রামো মহানূনশিয়াভিধানঃ।
তত্রত্য-গঙ্গাধরশর্ম্মসূনুর্যঃ কাশ্যপঃ শ্রীহরিদাসশর্ম্মা ॥২॥
চিরমূনশিয়ানিবাসিনা কলিকাতানগরপ্রবাসিনা।
নমু তেন শিবপ্রসাদতো রচিতা শ্রীহরিদাসশর্ম্মণা ॥৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ-ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শল্যপর্ব্বণি গদাযুদ্ধে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তঞ্চেদং শল্যপর্ব্ব ॥০॥

কৃষ্ণ সেই রাত্রিকালে নদীতীরস্থ পাণ্ডবশিবিরে আগমন করিয়াই পাণ্ডব-নিকটে গমন করিলেন এবং তাঁহাদের নিকটে গান্ধারীর কোপ নিবৃত্তির বিষয় বলিয়া, তাঁহাদের সহিত মিলিত হইয়া, পরকর্ত্তব্য বিষয়ে নিবিষ্টচিত্ত থাকিয়া, অবস্থান করিতে লাগিলেন ॥৭৭॥

শল্যপর্ব্বের বঙ্গানুবাদ সমাপ্ত ॥০॥

---

* '...ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বৰ্দ্ধ বা সো, '...চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ'—নি।

* ইতঃ পরমপি বহুষেব পুস্তকেষু দুর্য্যোধনবিলাপ-তদন্তিককৃতবর্ম্মাদ্যাগমনসূচক-মধ্যায়দ্বয়ং শল্যপর্ব্বণি এবাস্তিমাধ্যায়তয়া সন্নিবেশিতং দৃশ্যতে। তচ্চাতীবাসঙ্গতম্, পর্ব্বসংগ্রহাধ্যায়োক্তিবিরোধাৎ। তথা চ পর্ব্বসংগ্রহাধ্যায়ে—(আদিপর্ব্বণি দ্বিতীয়াধ্যায়ে, "... উক্ত ভগ্নৌ প্রসহ্যাজৌ গদয়া ভীমবেগয়া। নবমং পর্ব্ব নির্দ্দিষ্টমেতদদ্ভুতমর্থবৎ ॥ অতঃ পরং প্রবক্ষ্যামি সৌপ্তিকং পর্ব্ব দারুণম্। ভগ্নোরুং যত্র রাজানং দুর্য্যোধনমমর্ষণম্ ॥ অপযাতেষু পার্থেষু ত্রয়স্তেঽভ্যাযযূ রথাঃ। কৃতবর্ম্মা কৃপো দ্রৌণিঃ সায়াহ্নে রুধিরোক্ষিতম্ ॥" এতেন তদধ্যায়-দ্বয়স্য শল্যপর্ব্বণঃ অশেষাংশতয়া সৌপ্তিকপর্ব্বণ এব চ প্রাথমিকতয়া স্বয়ং মুনিনৈবাভিহিতত্ব মিত্যাকামেনাপি মন্তব্যম্। কিঞ্চ ষড়শীতিশ্লোকাত্মকতদধ্যায়দ্বয়স্য শল্যপর্ব্বস্থত্বে শল্যপর্ব্বণি তাবৎসংখ্যকশ্লোকাধিক্যম্, সৌপ্তিকপর্ব্বণি চ তাবৎসংখ্যকশ্লোকন্যূনত্বঞ্চ প্রসজ্যেত। বস্তুতস্তু নাটকাদৌ দৃশ্যকাব্যে অঙ্কাংশাবতারঃ ইব সৌপ্তিকপর্ব্ব শল্যপর্ব্বণ এব অংশবিশেষ ইতি লেখকপ্রমাদঃ সর্ব্বথৈব সম্ভবতীতি সুধীভির্বিভাবনীয়ম্।

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

—ঃ০ঃ—

শল্যপর্ব্ব

—ঃ০ঃ—

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-মহাকবি-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

—ঃ*ঃ—

কলিকাতা ৪১ সংখ্যক-দেবলেনাখ্যবর্ত্মস্থ-সিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতশ্চ

১৩৬৬ বঙ্গাব্দে

কলিকাতা ৪১ সংখ্যক-দেবলেনস্থিত-

সিদ্ধান্তযন্ত্রে

সহকারি সম্পাদক-শ্রীহেমচন্দ্রভট্টাচার্য্যেণ মুদ্রিতম্ .

নিবেদন

সর্ব্বশক্তিমান্ পরমেশ্বরের অনুগ্রহে মহাভারতের শল্যপর্ব্ব প্রকাশিত হইল। বনপর্ব্বে কার্ত্তিকের উপাখ্যান রহিয়াছে; এই পর্ব্বেও তাহা আছে; তথাপি পুনরুক্তি দোষ ঘটিয়াছে; কিংবা উহার একটী প্রক্ষিপ্ত হইয়াছে, এরূপ বলা যায় না। কারণ, প্রসঙ্গভেদে একই কথা বার বার বলিলেও পুনরুক্তি দোষ হয় না। কোন লোক কোন ব্যক্তির নিকট নিজের নাম বলিয়া, কিছু দূরে অপর ব্যক্তির জিজ্ঞাসা ক্রমে আবার নিজের নাম বলিলে, তাহাকে পুনরুক্তি দোষ বলা যায় না। প্রক্ষিপ্ত বলিবারও কোন উপযুক্ত কারণ নাই। তবে উপাখ্যানের মধ্যে যেটুকু বৈষম্য দেখা যায়, তাহা ভিন্ন ভিন্ন কল্পে ঘটিয়াছিল, এরূপ সমাধান করা ব্যতীত অন্য কোন সমাধানের উপায় আছে বলিয়া মনে হয় না।

তা'র পর অন্যান্য পর্ব্বের ন্যায় এই পর্ব্বেও অধ্যায় ও শ্লোকসংখ্যার যথেষ্ট অসামঞ্জস্য দেখিতে পাওয়া যায়; তাহার কারণ ও সমাধান পূর্ব্ব পূর্ব্ব পর্ব্বেই বলা হইয়াছে। কিন্তু একটী অসামঞ্জস্য এ যাবৎ কেবল এই পর্ব্বেই দেখা গেল। যথা—আদিপর্ব্বের পর্ব্বসংগ্রহ-নামক দ্বিতীয় অধ্যায়ে মহর্ষি নিজে লিখিয়া গিয়াছেন যে, "...উরু ভগ্নৌ প্রসহ্যাজৌ গদয়া ভীমবেগয়া। নবমং পর্ব্ব নির্দ্দিষ্টমেতদদ্ভুতমর্থবৎ ॥" দুর্য্যোধনের উরুভঙ্গ ও তাহার আনুষঙ্গিক ঘটনা, ধৃতরাষ্ট্র ও গান্ধারীকে আশ্বস্ত করিয়া, কৃষ্ণের পুনরায় পাণ্ডবগণের নিকটে আগমন—ইহাই শল্যপর্ব্বের শেষবৃত্তান্ত। আবার সেই পর্ব্বসংগ্রহ অধ্যায়েই সৌপ্তিকপর্ব্বের ক্রমিক বৃত্তান্ত লিখিতে আরম্ভ করিয়া মহর্ষি নিজে লিখিয়াছেন যে, "অতঃ পরং প্রবক্ষ্যামি সৌপ্তিকং পর্ব্ব দারুণম্। ভগ্নোরুং যত্র রাজানং দুর্য্যোধনমমর্ষণম্ ॥ অপযাতেষু পার্থেষু ত্রয়স্তেঽভ্যাযযূ রথাঃ। কৃতবর্ম্মা কৃপো দ্রৌণিঃ সায়াহ্নে রুধিরোক্ষিতম্ ॥" অর্থাৎ দুর্য্যোধনের উরুভঙ্গের পরে পাণ্ডবেরা সেস্থান হইতে চলিয়া গেলে, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও অশ্বত্থামা সেই সায়াহ্নকালে দুর্য্যোধনের নিকটে আগমন করিলেন। ইহাই সৌপ্তিকপর্ব্বের প্রথম বৃত্তান্ত। ইহাতে বুঝা যায় যে, ধৃতরাষ্ট্রের প্রশ্ন অনুসারে সঞ্জয়ের উক্তি ক্রমে কৃতবর্ম্মাদির আগমন সূচনা এবং কৃতবর্ম্মাদির দুর্য্যোধনের নিকটে আগমনপ্রভৃতি যে দুইটী অধ্যায়ে বর্ণিত আছে, তাহা সৌপ্তিকপর্ব্বেরই প্রাথমিক দুইটী অধ্যায়। অথচ বহুতর পুস্তকেই দেখিতে পাওয়া যায় যে, সেই দুইটী অধ্যায় শল্যপর্ব্বের শেষে সন্নিবেশিত রহিয়াছে। ইহাতে যে কেবল মহর্ষির নিজের বাক্যের সহিতই বিরোধ ঘটিয়াছে তাহা নহে—শল্যপর্ব্বে মহর্ষির গণনা অপেক্ষা ঐ দুইটী অধ্যায়ের ৮৬টী শ্লোক বেশী হইয়াছে এবং সৌপ্তিকপর্ব্বে ঐ ৮৬টি শ্লোক কম হইয়াছে; সুতরাং ঐ দুইটী অধ্যায় শল্যপর্ব্বের শেষে সন্নিবিষ্ট থাকাতেই এই গুরুতর অসামঞ্জস্যের আবির্ভাব হইয়াছে। কিন্তু ঐ দুইটী অধ্যায়কে সৌপ্তিকপর্ব্বের প্রথমে সন্নিবিষ্ট করিলে, কোন দিকেই কোন অসামঞ্জস্য থাকে না। এই জন্যই আমরা ঐ দুইটী অধ্যায়কে শল্যপর্ব্বের শেষে সন্নিবেশিত না করিয়া, সৌপ্তিকপর্ব্বের প্রথমে সন্নিবেশিত

করিলাম। বাস্তবিক পক্ষে নাটকপ্রভৃতি দৃশ্যকাব্যে অঙ্কাংশাবতার যেমন পূর্ববর্ত্তী অঙ্কেরই অংশবিশেষ, তেমন সৌপ্তিকপর্বও শল্যপর্বেরই অংশবিশেষ—এ বিষয়ে কোন সন্দেহ নাই। সেই জন্যই লেখকগণের প্রমাদবশতই উক্তবিধ অসামঞ্জস্য ঘটিয়াছে।

পাঠান্তরে লিখিত সাঙ্কেতিক অক্ষরগুলির বিবরণ।

পি—আমার পিতামহ ৺কাশীচন্দ্রবাচস্পতিলিখিত পূর্ব্ববঙ্গদেশীয় পুস্তক।

বঙ্গ—বঙ্গবাসীসংবাদপত্রকার্য্যালয়মুদ্রিত পশ্চিমবঙ্গদেশীয় পুস্তক।

বর্দ্ধ—বর্দ্ধমানরাজপ্রকাশিত পশ্চিমবঙ্গদেশীয় মুদ্রিত পুস্তক।

বা—বাপুদেবশাস্ত্রিসংশোধিত কাশীপ্রদেশীয় মুদ্রিত পুস্তক।

সো—কলিকাতা এশিয়াটিক সোসাইটীমুদ্রিত পুস্তক।

নি—নির্ণয়সাগরযন্ত্রমুদ্রিত কুম্ভঘোণদেশীয় পুস্তক।

এতদ্ভিন্ন অন্যান্য পুস্তকও প্রয়োজন অনুসারে দেখা হইয়া থাকে। ইতি—

কলিকাতা, ৪১ নং সুরি লেন,
সিদ্ধান্ত বিদ্যালয়।
১৩৪৬ সাল, ৪ঠা ফাল্গুন।

চিরবিধেয়-
শ্রীহরিদাসদেবশর্ম্মা।